banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

REQUIRED
Full Time/Part Time
Faculty of English, Math
G.I, History, Geo., Phy.,
Chem. & Biology for SSC,
WBCS & BANK EXAMS.
Send your Resume at :
recruitementhr2018@gmail.com
Experienced and Freshers
both are applicable

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

www.ekarmakshetra.com

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

বর্ষ ৩৯ সংখ্যা ১৫ কলকাতা শুক্রবার, ১৬ নভেম্বর ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৩০ কার্তিক ১৪২৫ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

## বিদ্যুৎ নিগমে ২৯৯ অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায় ২৯৯ জন অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ট্রেনি) নেবে উত্তরপ্রদেশ পাওয়ার কর্পোরেশন। প্রার্থী বাছাই করবে ইলেক্ট্রিসিটি সার্ভিস কমিশন। তবে, পশ্চিমবঙ্গের প্রার্থীরা শুধুমাত্র অসংরক্ষিত ক্যাটেগরির জন্য নির্ধারিত ১৮৯টি শূন্যপদের জন্যই দরখাস্ত করতে পারবেন। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের উত্তরপ্রদেশের বাসিন্দা হতে হবে। প্রথমে ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 4/VSA/2018/AE.

**শাখা অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রিক্যাল:** শূন্যপদ: ১৩২টি। **কম্পিউটার সায়েন্স:** শূন্যপদ: ১৯টি। **ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন:** শূন্যপদ: ২৬টি। **সিভিল:** শূন্যপদ: ১২টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক ডিগ্রি। অথবা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের সেকশন 'এ' এবং 'বি' পাশ। সেই সঙ্গে সবক্ষেত্রেই হিন্দি ভাষা এবং দেবনাগরী লিপির জ্ঞান থাকতে হবে।

**বয়স:** ১-৭-২০১৮ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

**শুরুতে বেতন:** ৫৬,১০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার ভিত্তিক টেস্ট ও পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র উত্তরপ্রদেশের একাধিক শহর। পরীক্ষায় থাকবে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখা, জেনারেল নলেজ/অ্যাওয়ারনেস, রিজনিং/অ্যাপ্টিটিউট টেস্ট, জেনারেল হিন্দি। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.uppcl.org অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩০ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা। অনলাইনে এ টি এম কাম ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে অথবা অফলাইনে ব্যাঙ্ক চালানের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দিতে হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ন্যাভাল ডকইয়ার্ডে ২৭৫ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

২৭৫ জন তরুণ-তরুণীকে বিভিন্ন ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে মুম্বইয়ের ন্যাভাল ডকইয়ার্ড। এটি ভারতীয় নৌবাহিনীর অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসেস (সংশোধিত) অ্যাক্ট, ২০১৪ অনুসারে ১ থেকে ২ বছরের ট্রেনিং দেওয়া হবে ডকইয়ার্ড অ্যাপ্রেন্টিসেস স্কুলে। প্রশিক্ষণ শুরু হবে এপ্রিলে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: DAS(V)/01/18.

**ট্রেড অনুসারে আসনসংখ্যা:** ইলেক্ট্রিশিয়ান: ৩০টি। ইলেক্ট্রোপ্লেটার: ৩টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ২৫টি। ফিটার: ২২টি। ইনস্ট্রুমেন্ট মেকানিক: ৮টি। মেশিনিস্ট: ২৫টি। মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: ৬টি। পেইন্টার (জেনারেল): ১৪টি। প্যাটার্ন মেকার: ৩টি। রেফ্রিজারেশন অ্যান্ড এ সি মেকানিক: ১৭টি। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ২০টি। কার্পেন্টার: ৩০টি। ফাউন্ড্রিম্যান: ৬টি। ফর্জার অ্যান্ড হিট ট্রিটার: ৩টি। মেকানিক (ডিজেল): ২০টি। শিট মেটাল ওয়ার্কার: ২৮টি।

এরপর সাতের পাতায়

## বার্নপুর স্টিল প্লান্টে ১৫৬ ট্রেনি

১৫৬ জন ট্রেনি নেবে স্টিল অথরিটি অব ইন্ডিয়া। নিয়োগ হবে অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি এবং অ্যাটেন্ড্যান্ট-কাম-টেকনিশিয়ান ট্রেনি পদে বার্নপুরের ইসকো স্টিল প্লান্টে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in দরখাস্ত করা যাবে ১৪ ডিসেম্বর পর্যন্ত। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ISP/RECTT./2018/1.

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের সুবিধার্থে এই খবর আগাম জানানো হল। আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ইন্ডিয়ান অয়েলে ৩০৭ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

বিভিন্ন ট্রেডে অ্যাকাউন্ট্যান্ট অ্যাপ্রেন্টিস, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস এবং ট্রেড অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে ৩০৭ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েলের ওয়েস্টার্ন রিজিয়নের মার্কেটিং ডিভিশন। মহারাষ্ট্র, গোয়া, গুজরাত এবং কেন্দ্রশাসিত অঞ্চল দাদরা ও নগর হাভেলিতে ট্রেনিং হবে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: IOCL/MKTG/WR/APPR./2019.

রাজ্য অনুসারে আসনসংখ্যা: **মহারাষ্ট্র:** ১৭৭টি (সাধারণ ৯৫, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ২৪, ও বি সি ৩৪, দৈহিক প্রতিবন্ধী ৭)। **গুজরাত:** ১১৮টি (সাধারণ ৫৮, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ২০, ও বি সি ২৪, দৈহিক প্রতিবন্ধী ৫)। **গোয়া:** ৯টি (সাধারণ)। **দাদরা ও নগর হাভেলি:** ৩টি (সাধারণ)।

**শিক্ষাগত যোগ্যতা:** অ্যাকাউন্ট্যান্ট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা। ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে মাধ্যমিক-সহ সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের আই টি আই।

**বয়স:** ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে।

**স্টাইপেন্ড:** অন্তত ১০,৪৫৩ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com আবেদনের শেষ তারিখ ২৭ নভেম্বর। বিস্তারিত পাবেন ওয়েবসাইটে।

## ন্যাশনাল ইনশিওরেন্স কোম্পানিতে ১৫০ অ্যাকাউন্টস অ্যাপ্রেন্টিস

১৫০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ন্যাশনাল ইনশিওরেন্স কোম্পানি। ২ বছরের ট্রেনিং দেওয়া হবে অ্যাকাউন্টস বিষয়ে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

মোট আসন: ১৫০টি (সাধারণ ৮৭, তফসিলি জাতি ৩২, তফসিলি উপজাতি ৯, ও বি সি ২২, দৈহিক প্রতিবন্ধী ৩)।

রাজ্য অনুসারে আসনের বিন্যাস: পশ্চিমবঙ্গ ও সিকিম: ২৫টি। বিহার ও ঝাড়খণ্ড: ১০টি। গুজরাত: ৭টি। জম্মু ও কাশ্মীর, হিমাচল প্রদেশ, পাঞ্জাব, হরিয়ানা, চণ্ডিগড়: ১২টি। কর্নাটক: ৯টি। কেরল: ৪টি। মধ্যপ্রদেশ ও ছত্তিশগড়: ৮টি। মহারাষ্ট্র ও গোয়া: ১৯টি। দিল্লি: ১০টি। ওড়িশা: ৪টি। রাজস্থান: ৮টি। তামিলনাড়ু: ১২টি। উত্তরপ্রদেশ ও উত্তরাখণ্ড: ৮টি। অন্ধ্রপ্রদেশ ও তেলঙ্গানা: ৯টি। অসম ও

এরপর পনেরোর পাতায়

## দিল্লির ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজিতে সিনিয়র ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট

সিনিয়র ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট পদে ৯১ জনকে নেবে দিল্লির ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি। নিয়োগ করা হবে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, ফিজিক্স-সহ বিভিন্ন বিভাগে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: E-II/24/2018(DR).

বিভাগ অনুসারে শূন্যপদের বিবরণ: অ্যাপ্লায়েড মেকানিক্স: ৩টি, বায়োকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি: ৩টি, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং: ৬টি,, কেমিস্ট্রি: ৫টি, সিভিল ইঞ্জিনিয়ারিং: ৬টি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং: ৪টি, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং: ১১টি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: ১০টি, ফিজিক্স: ৬টি, টেক্সটাইল টেকনোলজি: ৪টি, অ্যাটমোস্ফেরিক সায়েন্সেস: ৩টি, বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং: ৩টি, এনার্জি স্টাডিজ: ৩টি, মেটেরিয়াল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং: ৫টি, সেন্ট্রাল রিসার্চ ফেসিলিটিজ: ৩টি, ডিজাইন: ৪টি, কুসুমা স্কুল অব বায়োলজিক্যাল সায়েন্সেস: ৩টি, সেন্ট্রাল ওয়ার্কশপ: ৬টি, কম্পিউটার সার্ভিসেস সেন্টার: ৩টি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই

এরপর সাতের পাতায়

## গেইলে ১৫০

ফোরম্যান, অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র কেমিস্ট-সহ বিভিন্ন পদে ১৫০ জন কর্মী নেবে গ্যাস অথরিটি অব ইন্ডিয়া। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: GAIL/OPEN/MISC/5/2018.

শূন্যপদের বিবরণ: **ফোরম্যান (ইনস্ট্রুমেন্টেশন):** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৮)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড

এরপর পনেরোর পাতায়

আরও চাকরির খবর ভেতরের পাতায়

পি এস সি-র মাধ্যমে
রাজ্য সরকারের খাদ্য দপ্তরে
সাব-ইনস্পেক্টর
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

১০ পাতায়

## ডব্লু বি সি এস ২০১৯: একনজরে খুঁটিনাটি

ডব্লু বি সি এস-২০১৯-এর প্রিলিমিনারি পরীক্ষা ২০ জানুয়ারি। রাজ্যজুড়ে ২০টি কেন্দ্রে পরীক্ষা হবে। প্রিলিমিনারি ও মেন পরীক্ষা এবং পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই পরীক্ষায় বসতে পারবেন। অনলাইন দরখাস্ত করা যাবে ২৬ নভেম্বর পর্যন্ত, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in

গতবছর থেকে ডব্লু বি সি এস পরীক্ষায় বসার জন্য বয়সের ঊর্ধ্বসীমা বাড়ানো হয়েছে। ৩৬ বছরের মধ্যে বয়স থাকলে 'এ', 'বি' ও 'সি' গ্রুপের পরীক্ষায় বসা যাবে। 'ডি' গ্রুপের ক্ষেত্রে বয়সের ঊর্ধ্বসীমা ৩৯ বছর। পশ্চিমবঙ্গের তফসিলি এবং ও বি সিরা বয়সে যথাক্রমে ৫ ও ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারবেন।

একজন প্রার্থী চাইলে একাধিক গ্রুপের জন্য আবেদন করতে পারেন। দরখাস্তের নির্দিষ্ট কলমে পছন্দের গ্রুপ জানিয়ে দিতে হবে। 'বি' গ্রুপ তথা পুলিশ সার্ভিসের প্রার্থীদের নির্দিষ্ট দৈহিক মাপজোক থাকতে হবে।

দৃষ্টিহীন ও মূক-বধিরদের নিয়ে কাজ করার বিশেষ প্রশিক্ষণ (ডিগ্রি, ডিপ্লোমা, সার্টিফিকেট) থাকলে তবেই ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিসের জন্য বিবেচিত হওয়া যাবে। প্রশিক্ষণ না থাকলে চাকরি করতে করতেই প্রশিক্ষণ সম্পূর্ণ করতে হবে।

প্রিলিমিনারি পরীক্ষা একটিই। ২০০ নম্বরের একটিই পত্রের পরীক্ষা। এই পরীক্ষা একটি স্ক্রিনিং টেস্ট। এই পরীক্ষায় সফল বলে ঘোষিতরা মেন পরীক্ষায় বসার ছাড়পত্র পাবেন।

মেন পরীক্ষার জন্য কমিশন কর্তৃক নির্দিষ্ট তালিকা থেকে অপশনাল পেপার বেছে নিতে হবে। মেন পরীক্ষায় ভাষার পত্র ছাড়া অন্যান্য পত্রের ক্ষেত্রে ইংরেজি বা বাংলায় উত্তর লেখা যাবে। তবে, কোনও নির্দিষ্ট পত্রের উত্তর একই ভাষায় লিখতে হবে। অর্থাৎ একই পত্রের কোনও প্রশ্নের উত্তর ইংরেজিতে, কোনও প্রশ্নের উত্তর বাংলায় লিখলে চলবে না।

প্রসঙ্গত, 'কর্মক্ষেত্র'র ৯ নভেম্বর সংখ্যায় 'ডব্লু বি সি এস প্রিলিমিনারি জানুয়ারি মাসে' শীর্ষক সংবাদে এই পরীক্ষা ও নিয়োগ-সংক্রান্ত বিশদ খবর প্রকাশিত হয়। কিন্তু প্রচুর পাঠক সেই সংখ্যার 'কর্মক্ষেত্র' হাতে পাননি বলে আমাদের দপ্তরে ফোন করে জানিয়েছেন। তাই এই পরীক্ষা-সংক্রান্ত খুঁটিনাটি তথ্যগুলি আবারও জানানো হল।

ডব্লু বি সি এস পরীক্ষার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন সার্ভিস ও পদে কয়েকশো অফিসার নিয়োগ করা হবে।

২০১৯-এর পরীক্ষার বিজ্ঞপ্তি নম্বর ২৯/২০১৮।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট।

**বয়স:** 'এ' ও 'সি' গ্রুপের প্রার্থীদের ক্ষেত্রে ২১ থেকে ৩৬ বছরের মধ্যে হতে হবে। জন্মতারিখ হতে হবে ২-১-১৯৮৩ থেকে ১-১-১৯৯৮-এর মধ্যে। 'বি' গ্রুপের ক্ষেত্রে বয়স হতে হবে ২০ থেকে ৩৬ বছরের মধ্যে। জন্মতারিখ

এরপর সাতের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন



banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




**কর্মক্ষেত্র**

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ১৫ ☐ ১৬ নভেম্বর ২০১৮

ই-মেল ঠিকানা

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in



## কর্মখালি

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**

**বেতন: 10,600/- – 28700/-**

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

☐

**আর্জেন্ট ভ্যাকান্সি**

**Airport ও মেট্রোতে পার্মানেন্ট জব**

স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশানে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 45,900/-, এছাড়া PF, ESI, OT-সহ থাকা খাওয়ার ব্যবস্থা। বয়স: 18-45, 83718-73424, দমদম, কলি-74, CP, M: 83718-73424.

☐

5 ব: অভিজ্ঞ অফিস ম্যানেজার, অফিস অ্যাসিস্ট্যান্ট, ল্যাব অ্যাসিস্ট্যান্ট (কেমিস্ট), সিরামিকস, প্যানেল ওয়্যারম্যান, মেকানিক্যাল ডিপ্লোমা, সিকিউরিটি চাই, VRS চলবে। e-naskar@vsnl.net নম্বর এন্ড কোং: 1/4 লক্ষ্মীনারায়ণতলা রোড, হাওড়া-3। Ph.: 2668-1159.

☐

Arohan English Academy (ICSE) Boso, Sibaichandi, Hooghly (Near-Sibaichandi Station-chord line) requires teachers for Eng., Phy., Chem., Math., Computer Subjects. Walk in interview on 19/11/18–30/11/18. Contact: 93826-44745.

☐

**ভারতের সর্বত্র স্টার হোটেলে**

৭ দিনে জয়েনিং। ন্যূনতম মাধ্যমিক আয় ৮,০০০ + থাকা খাওয়া + টিপস। বয়স ৩০-এর মধ্যে। Career Hub (ISO স্বীকৃত ও গভঃ রেজিঃ) 7A, রূপচাঁদ মুখার্জি লেন, ভবানীপুর, কোল-25. (M): 92319-65679.

☐


**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৯ নভেম্বর দুপুর ২টো পর্যন্ত।

☐☐☐

৩০ নভেম্বর **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৬ নভেম্বর দুপুর ২টো পর্যন্ত।

☐☐☐

**বিজ্ঞাপন গ্রহণের সময়**

রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।


## কর্মখালি

মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 90739-82781.

☐

**JIO 4G / VODA / SBI ব্যাঙ্কিং কাস্টমার কেয়ারে**

বাংলাভাষী MP-Graduate (18-35), ছেলেমেয়েদের স্পট সিলেকশন চলছে। বেতন: যোগ্যতানুসারে INC + OT + BONUS-সহ 11,500/- ও অন্যান্য সুবিধা। প্রয়োজনে শিখে জয়েনিং। IIFA, Kol-28. দমদম (H.O.): 84206-66060, গড়িয়া: 90020-33880, দমদম (উঃ): 99032-23211, শিলিগুড়ি: 98307-71003.

☐

**Pvt. ব্যাঙ্কে চাকরি**

ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। নৈহাটি ও কল্যাণী: 74497-02185 ব্যারাকপুর ও সোদপুর: 86975-95918 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 হাওড়া ও হুগলি: 70443-81672 সোনারপুর ও গড়িয়া: 86976-16060 বজবজ ও বালিগঞ্জ: 86976-16100 বারাসাত ও বনগাঁ: 80174-18654 বসিরহাট ও এয়ারপোর্ট: 84208-88113 Need Counseling, ডানলপ-108.

☐

**Direct কোম্পানিতে 21 জন কম্পিউটার অপারেটর**

স্থায়ী অফিসিয়াল পদে ন্যূনতম H.S পাশ (18-32) ব্যাক অফিস Executive প্রয়োজন। বেতন: 8,340-11,780. অনভিজ্ঞরাও আবেদনযোগ্য। Innovative Technology, Dunlop, Kol-108. কলকাতা: 83368-25980, বারাসাত: 83368-25979.

☐

**JOB VACANCY**

Govt. Reg-L/No-1860A, সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt. BANK, টাওয়ার, ATM, শপিং মল, Dish TV ও MNC বিভিন্ন Official পদে (৪র্থ-উচ্চশিক্ষিত) টার্গেট ছাড়া Direct জয়েনিং। বেতন: (11,200-29,500) কর্মপ্রার্থীর আবেদনের মুহূর্তে Joining Date জানানো হবে। DJS, ডালহৌসি, কল-১। (M): 97343-13638 / 86954-99063.

☐

Naptal / Jio / Vodafone কাস্টঃ কেয়ারে বাংলা জানা M/F চাই। বেতন: INC + OT-সহ 11,400/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 90513-76362.

☐

**এয়ারপোর্ট ও মেট্রো**

গ্যারান্টি সহকারে সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 16,500/- – 48,000/-. এছাড়া PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। বয়স: 18-45, হাওড়া, শিবপুর, R. K., M: 83719-21244.

☐

**DIRECT নিয়োগ**

জেলায় জেলায় ATM গার্ড, টাওয়ার সার্ভে Pvt. হাসপাতালে কাজের জন্য কর্মী চাই। বেতন: 12,500/- – 18,500/-. M: 81458-37367, R. S-11 RML, Kol-09.

☐

## কর্মখালি

PVT ব্যাঙ্কে, অফিসে এবং Accounts Department-এ চাকরি। অফিসে বসে অফিসিয়াল পদের জন্য প্রচুর প্রার্থী চাই। বজবজ ও বালিগঞ্জ: 99038-54218, হাওড়া ও শিয়ালদহ: 96744-11851. MK Carrier & Services, 76, B.B.Ganguly Street, Kol-700 012.

☐

**স্টার হোটেলে 6-17,500/-**

রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

☐

Jio /Airtel / Vodafone কাস্টমার কেয়ারে বাংলা ভাষা জানা M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: MP-HS, বেতন: INC + OT-সহ 11,400/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 98301-20692.

☐

**শীঘ্রই যোগাযোগ করুন**

www.gcagroup.co.in ৪র্থ-বি.এ যোগ্যতায় WB-এর প্রতিটি জেলায় (BANK) DSA, শপিং মল, ATM, কনস্ট্রাকশন, 4G টাওয়ার, MNC-তে (11,700/- – 28,500/-) বেতনে অফিসিয়াল বিভিন্ন পদে ESI ও PF-সহ স্থায়ী কাজে M/F চাই। N. D, সেন্ট্রাল অ্যাভিনিউ, কলি-৭। (M): 87687-62505 / 77186-37129.

☐

**আর্জেন্ট ভ্যাকান্সি**

উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় বেকার ছেলেমেয়েদের বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে Airport, Metro ও ব্যাঙ্ক (DSA) -তে স্থায়ী পদে M/F নিয়োগ চলছে। বেতন: 16,000/- – 35,000. D.J.S.C, ফুলবাগান, কলি-৮৯। 74679-29410.

☐

**স্থায়ী কাজ**

কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রো ও ব্যাঙ্ক (DSA)-তে সম্পূর্ণ বিনা ডোনেশনে স্থায়ী পদে কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-৮ম-স্নাতক। বেতন: 15,200/- – 34,200/-. সত্বর- অবিনাশ সরণি, কলি-10. SJS, 96797-48298.

## স্কুল-কলেজ শিক্ষা

**টিচার্স ট্রেনিং**

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Instalment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর: 92315-51285/70449-27065.

☐

অভিজ্ঞ অধ্যাপক WBCS Optional (Hist) পড়াচ্ছেন। যোগাযোগ: 62946-21311 / 90642-10797. Tushar Chakraborty, 70/1/1A, Selimpur Road, Kolkata-700 031.

☐

Math & Eng সোনারপুর WBCS, Rail, PSC, SSC, ক্লার্ক Gr-D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, Alakesh Sir: 98360-45234.

☐


**কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা**

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in

**বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:**

অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬


**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.


## পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।


## স্কুল-কলেজ শিক্ষা

**প্যারামেডিকেল ও নার্সিং**

RMP (অ্যালো ও হোমিও), DMLT (প্যাথোঃ) DPT (ফিজিও), ECG ও ANM (নার্সিং) কোর্সে ভর্তি চলছে। DMLT ও ANM ট্রেনিং শেষে চাকরি নিশ্চিত। ক্লাস: শনি ও রবি। ক্যারিয়ার অ্যাকাডেমি, স্টেশন-গড়িয়া, কলি-৮৪। নফরচন্দ্র স্কুলের বিপরীতে। 82729-11322 / 89813-66250.

☐

**ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ)-এ ভর্তির বিজ্ঞপ্তি**

ANM Nursing (2 Years) ট্রেনিং-এ সরাসরি ভর্তি চলছে। ট্রেনিং-এর শেষে চাকরি। Instalment-সহ অন্যান্য অনেক সুযোগ-সুবিধা। Approved by BSS/ NSDC Govt. of India. রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 97326-84328, 97329-37726.

☐

## স্কুল-কলেজ শিক্ষা

**টিচার্স ট্রেনিং**

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736 / 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

☐

**WB নার্সিং মেরিট লিস্টে নাম ওঠেনি? চিন্তা নেই।**

B.Sc ও GNM-এ সরাসরি ভর্তির জন্য যোগাযোগ করুন। Gurukul Nursing Institute, বারুইপুর, কোল-১৪৪। 98303-88027 / 85849-23750.

☐

**350 টাকা মাসে PSC, RAIL, FOOD,** SI, SSC, MATH, GI, GK পড়ানো হয়। শিয়ালদহ, ঢাকুরিয়া, Kol-31. P.A. 98046-61270.


## রিষড়া পুরসভায় শিক্ষক

কিছু সহকারী শিক্ষক নেবে রিষড়া পুরসভা। বিষয় অনুসারে শূন্যপদ: বাংলা ৬টি, হিন্দি ৫টি, উর্দু ৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত মাধ্যমিক পাশ হলেই আবেদন করা যাবে। শিক্ষকতার প্রশিক্ষণ না থাকলে চাকরি পাওয়ার ৫ বছরের মধ্যে প্রশিক্ষণ সম্পূর্ণ করতে হবে। **বয়স:** ১-১-২০১৮ তারিখে বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তফসিলি, ও বি সিরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** ৫,৪০০–২৫,২০০ টাকা। নির্দিষ্ট বয়ানে আবেদন করতে হবে। আবেদনের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.rishramunicipality.org দরখাস্ত জমা দিতে হবে এই ঠিকানায়: Chairman, Rishra Municipality, Rishra, Hooghly-712 248. দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ৩০ নভেম্বর।

**কর্মক্ষেত্র**

## শিক্ষানবিশ সাংবাদিক চাই

প্রথম শ্রেণি বা উচ্চ দ্বিতীয় শ্রেণির অনার্স অথবা পোস্ট-গ্র্যাজুয়েট তরুণ-তরুণীরা ইংরেজি ভাষার সম্যক জ্ঞান ও সাবলীল বাংলা লেখার দক্ষতা থাকলে স্কুল ও কলেজের নাম এবং পরীক্ষায় প্রাপ্ত নম্বর উল্লেখ করে আবেদন করুন। আবেদনপত্রের সঙ্গে মার্কশিট, সার্টিফিকেট ইত্যাদির কোনওরকম কপি পাঠাবেন না।

২৭ বছরের মধ্যে বয়স থাকা চাই। খামের ওপর লিখবেন 'শিক্ষানবিশ সাংবাদিক'। ই-মেল করলে সাবজেক্ট লাইনে 'Trainee Journalist' কথাটি অবশ্যই লিখবেন।

উপযুক্ত অভিজ্ঞতা ও অসাধারণ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের রিপোর্টার/সাব-এডিটর পদে সরাসরি নিয়োগ করা যেতে পারে।

আবেদনপত্র ৭ দিনের মধ্যে পাঠান। এই ঠিকানায়:
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: swarnakshar.prakasani@gmail.com


## স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই

প্রথম ভারতীয় ভূপর্যটক বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পরিক্রমায় বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা। অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির লেখা কবির ভেলা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৮০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ ₹৯০

**সেরা ভ্রমণকাহিনি**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশে ভ্রমণের অন্তরঙ্গ কাহিনি।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫

কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০

পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫

মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু-ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত। পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# উলের বল তৈরির মেশিন

**‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** শীতের মরশুম শুরু হওয়ার সঙ্গে সঙ্গেই উলের চাহিদা বাড়তে থাকে। সোয়েটার, টুপি, মাফলার, চাদর প্রভৃতি শীতবস্ত্র তৈরির জন্য উলের প্রয়োজন। এই মেশিনের সাহায্যে উলের বল তৈরি করে ওজন অনুযায়ী প্যাকেটে ভরে বাজারে বিক্রি করতে পারেন।

**কীভাবে করবেন:** হরিদ্বার, বেনারস, লুধিয়ানা প্রভৃতি জায়গায় সস্তায় উল পাওয়া যায়। তবে অতদূর যাওয়া সম্ভব না হলে কলকাতার বড়বাজার অঞ্চল থেকে সস্তায় কেজি দরে উলের লাছি কিনে আনতে হবে। প্রথমে এই উলের লাছি মেশিনের ওপরের ববিনে লাগিয়ে দিতে হবে। এবার সেখান থেকে উল নিয়ে মেশিনের নির্দিষ্ট জায়গায় রেখে হস্তচালিত এই মেশিনটি চালালেই ওই উল সুন্দরভাবে জড়িয়ে উলের বল তৈরি হয়ে যাবে। এই মেশিনটি মোটরের সাহায্যেও চালানো যায়। মোটর লাগবে ½ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** হস্তচালিত উলের বল তৈরির মেশিনটির দাম পড়বে ২৫,০০০ টাকা। ওই মেশিনটি মোটরচালিত হলে মোটরসমেত মেশিনটির দাম পড়বে ৪০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**‘কর্মক্ষেত্র’-য় ‘স্বনির্ভরতার নানা পথ’ দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক’টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে ‘শিল্পজিজ্ঞাসা’ বিভাগে চিঠি লিখুন।**

□ *ছোট ব্যবসায়ীদের ভালো কাজ ও ব্যবসার জন্য পুরস্কার দেয় কেন্দ্রীয় সরকার। সবজি চাষের জন্য কি এই পুরস্কার পাওয়া যায়? পুরস্কারের শর্তাবলি সম্পর্কে কীভাবে জানা যায়? —নাম প্রকাশে অনিচ্ছুক, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

□□ সবজি চাষের জন্যও জাতীয় স্তরে পুরস্কার দেওয়া হয়। পুরস্কারের নাম ‘ন্যাশনাল এন্টারপ্রেনারশিপ অ্যাওয়ার্ড’। শর্তাবলি সম্পর্কে বিশদে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.neas.gov.in উল্লেখ্য, ২০১৮-র পুরস্কারের জন্য এখনই আবেদন করা যাচ্ছে। আবেদন করা যাবে ১৬ নভেম্বর পর্যন্ত।

□ *ঢেঁকিছাঁটা চালের ব্যবসা করতে চাই। কালো নুনিয়ার মতো চালও সরবরাহ করতে পারব। কিন্তু কলকাতায় কীভাবে ব্যবসাটা করব তা নিয়ে ভেবে উঠতে পারছি না। —পরিমল পাইন, বিষ্ণুপুর, বাঁকুড়া।*

□□ এখানে দূরত্বের কথাটা মাথায় রেখে ব্যবসায় নামতে হবে, যদি কলকাতাতেই ব্যবসাটা করতে চান। কলকাতায় যাঁরা চালের ব্যবসা করেন তাঁদের সঙ্গে যোগাযোগ করুন। বড় বড় বাজারগুলোতে চালের দোকান পাবেন। এইসব ব্যবসায়ীদের পাইকারি দরে বিক্রি করতে পারেন। আবার প্যাকেটে ভরে বাড়ি বাড়িও বিক্রি করা যায়। সেক্ষেত্রে আপনাকে কলকাতায় থেকে ব্যবসা করতে হবে। কলকাতার বড় মেলাগুলিতে অংশগ্রহণ করতে পারেন। সঙ্গে ফোন নম্বর-সহ ভিজিটিং কার্ড রাখবেন। যাঁরা চাল কিনবেন তাঁদের সেই কার্ড বিতরণ করবেন। কিছুদিন পরে আপনি আবার চাল সরবরাহের কেমন অর্ডার পাচ্ছেন, সেটা দেখে ব্যবসার পদ্ধতি ঠিক করতে পারেন। কলকাতায় বিক্রি করতে পারেন এমন কয়েকটি সরবরাহকারী সংস্থা: ভূমিসূতা, ফোন: ৮৩৩৬৯ ১৮৭২৩, কারুবাসা, ফোন: ৮০১৭৫ ৯৬৯৫৪। ডেভেলপমেন্ট রিসার্চ কমিউনিকেশন অ্যান্ড সার্ভিসেস সেন্টার, ফোন: (০৩৩) ২৪৪২-৭৩১১, ৯৪৩২০ ১৩২৪৮।

□ *আমি একজন হস্তশিল্পসামগ্রীর ব্যবসায়ী। আমার কাঠের মুখোশের প্রয়োজন। পশ্চিমবঙ্গের কোথাও কাঠের মুখোশ তৈরি হয় কি? হলে কোথায় হয় জানাবেন। একজন মুখোশ শিল্পীর ফোন নম্বর দিলে খুবই উপকৃত হব। —মন্দিরা ঘোষ, লেকটাউন, কলকাতা।*

□□ দক্ষিণ দিনাজপুরের কুশমণ্ডি ব্লকের বিভিন্ন গ্রামে কাঠের মুখোশ তৈরি হয়। কুশমণ্ডির মহিষবাথানে হস্তশিল্প সমবায় সমিতি আছে। কয়েকজন শিল্পীর যোগাযোগের নম্বর: অনন্ত সরকার: ৮১৪৫১-৫৭৭১২। কৃষ্ণদেব শর্মা: ৭৭৯৭৯-৮৭৫৪২। পরেশচন্দ্র সরকার: ৯৭৩৩৪-৬২১০৯।

□ *রঙিন মাছ তথা অ্যাকোয়ারিয়াম রপ্তানি করতে আগ্রহী। কিন্তু রঙিন মাছ রপ্তানি করেন এমন কারও সঙ্গে কথা বলতে পারলে খুব ভালো হত। এমন কোনও রপ্তানিকারকের নাম বা ইমেল অ্যাড্রেস দেওয়া সম্ভব হবে কি? —বিষ্ণু ঘোষাল, দাসনগর, হাওড়া।*

□□ আপনি মেরিন প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটির ওয়েবসাইটটি দেখতে পারেন। ওয়েবসাইট: www.mpeda.in/ornamental fish exporters contact details এখানে পশ্চিমবঙ্গ-সহ বিভিন্ন রাজ্যের রঙিন মাছ রপ্তানিকারকদের তালিকা পাবেন।

□ *আমি বাঁকুড়া জেলার অধিবাসী। এই জেলায় নানারকম ফল চাষের সম্ভাবনা আছে বলে জানতে পেরেছি। এ ব্যাপারে বিশদ তথ্যের প্রয়োজন। কোথা থেকে তথ্য পেতে পারি? —বিজয়চন্দ্র হাজরা, বেতুর, বাঁকুড়া।*

□□ বাঁকুড়ায় ফল চাষের, বিশেষ করে লেবু জাতের ফল চাষের ভালো সম্ভাবনা রয়েছে। চাষ হতে পারে বেদানারও। আপনি তালড্যাংড়ায় হর্টিকালচারাল রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ফার্মের এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট অফিসারের (ফ্রুটস) সঙ্গে যোগাযোগ করতে পারেন। প্রয়োজনীয় তথ্য পাবেন। ঠিকানা: হর্টিকালচার রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ফার্ম, পোঃ তালড্যাংরা, বাঁকুড়া-৭২২ ১৫২। ফোন: (০৩২৪৩) ২৬৫৫২৮।

GRAND SUCCESS IN (ALP + TECH) CBT - 1 EXAM

পশ্চিমবঙ্গ ও বাইরের রাজ্যের বহু ছাত্রছাত্রী itee-এর উপর ভরসা রেখে CBT - 1 পরীক্ষায় আকাশছোঁয়া সাফল্য দিয়েছে। ধন্যবাদ এইসব ছাত্রছাত্রীদের।

(ALP+TECH) এর CBT - 2 এর জন্য SPECIAL BATCH শুরু হয়েছে।

Tradewise পৃথক পৃথক শিক্ষক (Govt. I.T.I কলেজের Lecturer & RAIL-এর ইঞ্জিনিয়ার) দ্বারা প্রশিক্ষণ & প্রতি ব্যাচে মাত্র 25 জন ছাত্রছাত্রী (For Special Care)।

সপ্তাহে 2 দিন ONLINE MOCK TEST + CBT - 2 এর যাবতীয় STUDY MAT.

- R.R.B (JE+SSE) এর জন্য Special Batch -এ ভর্তি চলছে।
- R.R.B (ASM, TC, TT, Clerk, Guard) এর জন্য Special Batch শুরু হচ্ছে।

6-8 মাসের মধ্যে সরকারি চাকরির পরীক্ষায় সাফল্যের গ্যারান্টি দিচ্ছে "itee"।

New Combined Batch Starts from 19.11.2018.

B.TECH, DIPLOMA & I.T.I পাশ student দের সরকারি চাকরির প্রশিক্ষণ [SAIL, DCL, TCL, PDCL, DRDO, KMC, KMDA, BSNL, PSC & SSC JE ইত্যাদি ]

itee | দমদম - 9830859046 | বারাসাত - 9804820827 | itee-এর সাফল্য লক্ষ্য করুন নীচের website -এ www.iteeonlineportal.com

মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও গ্র্যাজুয়েট পাশ student দের সরকারি চাকরির প্রশিক্ষণ [FOOD INSPECTOR, RPF, WBP, KP, COURT, CLERK ইত্যাদি]

Maritime Education Training & Research Institute (METRI)

Affiliated by Directorate General OF Shipping, Ministry OF Shipping,Govt.OFIndia.

মার্চেন্ট নেভির- জন্য ভর্তি বিজ্ঞপ্তি

Merchant Ship/ মার্চেন্ট জাহাজ এ Hospitality staff / আতিথেয়তা কর্মী বা Coock বা স্টুয়ার্ট হিসাবে যোগ দেওয়ার র যোগ্যতার জন্য মার্চেন্ট নেভি CCMC Course এ ভর্তির আবেদন পত্র গ্রহণ করা হচ্ছে

এই কোর্সের জন্য যোগ্যতা প্রয়োজন :- শিক্ষাগত যোগ্যতা : 10 +2 পরীক্ষায় পাস বা কোন স্বীকৃত বোর্ড . State বা সেন্ট্রাল বোর্ড & NIOS , নিউ দিল্লি , সমষ্টিগত ন্যূনতম 40% নম্বর পেয়ে কোনো stream থেকে এবং ইংরেজি একটি বিষয় হিসাবে , এছাড়াও 40 % নম্বর প্রয়োজন ইংরেজি হয় 10th মধ্যে . অথবা 12th.standard

বয়স সীমা : অন্যূন 17 বছর 6 মাস এবং কোর্স শুরুর সময় অনধিক 25 বছর

মেডিকেল ফিটনেস : M .S Medical examination of Seafarers rules, 2000 অনুযায়ী নাবিকদের বিধি, 2000 এবং সময়োপযোগী সংশোধিত.

Duration / প্রশিক্ষণ সময় সীমা : 6 (ছয়) মাস

Intake Capacity / ব্যাচ প্রতি ছাত্র: 40/Batch

Course Fees / কোর্স ফি : 160000/- (One lakh sixty thousands) Only including tuition fees/hostel/food/uniform/STCW-2010 modular courses.

Selection / নির্বাচন : ইন্টারভিউ এবং ব্যক্তিত্ব পরীক্ষা ভিত্তিতে প্রথম আসা ভিত্তিতে

Interview/সাক্ষাৎকার তারিখ: প্রতি মঙ্গলবার সব আসন ভরাট করা পর্যন্ত .

Prospect: সফলভাবে কোর্স সম্পন্ন করার পর ( উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক Exit exam/ পরীক্ষায় পাস . ) প্রার্থী ও Shipping মাস্টার , মুম্বাই বা কলকাতার অফিস থেকে সিডিসি প্রাপ্ত হইবে বাণিজ্যনাবী/Merchant ship এর কাজ যোগদানের জন্য যোগ্যতা প্রাপ্ত হইবে .

Valid Documents / বৈধ কাগজপত্র : আগে অবশ্যই প্রার্থী Regional Passport Officer/আঞ্চলিক পাসপোর্ট কর্মকর্তার অফিস থেকে পাসপোর্ট প্রাপ্ত করা আবশ্যক .

আরো বিস্তারিত জানার জন্য please / অনুগ্রহ করে visit করুন আমাদের website www.metrikolkata.org or যোগাযোগ করুন Mr. M.G Rajan – Dy. Chairman – 9339838932 or Ankit Tiwari -8272908998

METRI KOLKATA Phone -033 24657161/62/63

"Avisek Point" 152 S.P. Mukherjee Road,4th. Floor,Kolkata-700026 (কালীঘাট মেট্রো স্টেশনের পাশে)

নোট: সারা ভারত জুড়ে আমাদের কোন শাখা বা কোনও অনুমোদিত ব্যক্তি / এজেন্ট নেই এবং এই প্রতিষ্ঠানটি যে কোনও অনাকাঙ্ক্ষিত / অ অনুমোদিত ব্যক্তিদের সাথে ভর্তি / পেমেন্ট / আর্থিক লেনদেনের জন্য দায়ী নয়।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*প্রকৃতই সাহসী হয়ে ওঠো। সাহসী মানুষ মানে এমন মানুষ নয়, যার ভয়ের অনুভূতিটাই নেই, ভয় পেয়েও সেই ভয়কে যে পরাস্ত করতে পারে, সে-ই সাহসী মানুষ।*
*— নেলসন ম্যান্ডেলা*
*(দক্ষিণ আফ্রিকার বর্ণবিদ্বেষবিরোধী অবিসংবাদী নেতা, নোবেল শান্তি পুরস্কার বিজয়ী প্রাক্তন প্রেসিডেন্ট)*

*✓ পিওর সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ করার পরে ইংরেজি অনার্স পাশ করেছি ২০১৭-য়। চাকরির পরীক্ষার জন্য পড়াশোনা করছি। ডব্লু বি সি এস পরীক্ষায় বসতে চাই। প্রশাসনিক চাকরিতেই বিশেষ আগ্রহ। পড়াশোনা করছি নিজেই। কোচিং নিচ্ছি না কোথাও। নিজের প্রচেষ্টাতেই কি এতবড় পরীক্ষার বৈতরণী পার হওয়া যাবে? এ নিয়ে চিন্তায় আছি। ২০১৯-এর পরীক্ষা কেমন সময় নাগাদ আয়োজিত হবে জানতে পারলে প্রস্তুতি নিতে সুবিধা হয়।*

*গার্গী মৈত্র, শ্যামনগর, উত্তর ২৪ পরগনা।*

☐ নিজে নিজেই পরিকল্পনামাফিক পড়াশোনা করে ডব্লু বি সি এস বা কেন্দ্রীয় সিভিল সার্ভিসেসের পরীক্ষায় সফল হয়েছেন, এরকম উদাহরণ প্রচুর। এই পৃষ্ঠার অপূর্ব স্বর্ণকারের সাক্ষাৎকারটি পড়ে দেখতে পারেন।

ইংরেজি সাহিত্য নিয়ে পড়াশোনা করেছেন, সুতরাং ইংরেজি নিয়ে আপনার কোনও সমস্যা হওয়ার কথা নয়। সিভিল সার্ভিসে ইংরেজির জ্ঞান খুবই দরকার হয়ে থাকে। উচ্চমাধ্যমিকে বিজ্ঞান নিয়ে পড়াশোনা করেছেন। অন্যতম বিষয় ছিল অঙ্ক। ফলে অঙ্কের পেপারটিতেও আপনার সুবিধা হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** ২০১৯-এর ডব্লু বি সি এসের প্রিলিমিনারি পরীক্ষা হবে ২০ জানুয়ারি। 'কর্মক্ষেত্র'-র ৯ নভেম্বর সংখ্যায় 'ডব্লু বি সি এস প্রিলিমিনারি জানুয়ারি মাসে' শীর্ষক সংবাদে এই পরীক্ষা-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২৬ নভেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in আপনি এখনই আবেদন করতে পারেন।

২০১৯-এর ডব্লু বি সি এসের প্রিলিমিনারি পরীক্ষা হবে ২০ জানুয়ারি। 'কর্মক্ষেত্র'-র ৯ নভেম্বর সংখ্যায় 'ডব্লু বি সি এস প্রিলিমিনারি জানুয়ারি মাসে' শীর্ষক সংবাদে এই পরীক্ষা-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২৬ নভেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in

***পরে আবেদন করতে পারবেন:*** আগ্রহী হলে কেন্দ্রীয় সিভিল সার্ভিসেসের পরীক্ষাতেও বসতে পারেন। পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হবে।

***✓ বটানির গ্র্যাজুয়েট। ব্যাঙ্কের চাকরি করতে চাই। ব্যাঙ্কের কোন পদের চাকরি আমার ক্ষেত্রে উপযুক্ত হবে। ব্যাঙ্কের চাকরির খোঁজ দেবেন।***

*বিক্রম মজুমদার, গোলাপবাগ, বর্ধমান।*

☐ আপনি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে প্রবেশনারি অফিসার, ক্লার্ক এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলির অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কাস্টমার কেয়ার অফিসার পদেও আপনি আবেদনের যোগ্য। এক বা একাধিক পদের পরীক্ষার জন্যই আপনি প্রস্তুতি নিতে পারেন।

উল্লেখ্য, এখন একমাত্র স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া ছাড়া অন্য যে কোনও রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে চাকরির জন্য আগে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের যোগ্যতা নির্ধারণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়। প্রতিটি পদের জন্য আলাদা পরীক্ষা হয়। পরীক্ষার স্কোর পাওয়া যায়। সেই স্কোর অনুসারে বিভিন্ন ব্যাঙ্কের শূন্যপদে আবেদন করা যায়। ব্যাঙ্ক কর্তৃপক্ষ শুধু ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করে থাকেন। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার সব পদের ক্ষেত্রেই প্রার্থী বাছাই করেন স্টেট ব্যাঙ্ক কর্তৃপক্ষ।

উল্লিখিত পদগুলিতে নিয়োগের জন্য আই বি পি এসের পরীক্ষা বা স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার নিয়োগের বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হবে।

***আর যা করতে পারেন:*** ব্যাঙ্ক অব বরোদা, কানাড়া ব্যাঙ্কের মতো কয়েকটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক ব্যাঙ্কিং ও ফিনান্সের ১ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পড়িয়ে সময়ে সময়ে প্রবেশনারি অফিসার পদে নিয়োগ করে। যে কোনও শাখার গ্র্যাজুয়েটরাই কোর্সটি করতে পারেন। তবে

ব্যাঙ্ক অব বরোদা, কানাড়া ব্যাঙ্কের মতো কয়েকটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক ব্যাঙ্কিং ও ফিনান্সের ১ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পড়িয়ে সময়ে সময়ে প্রবেশনারি অফিসার পদে নিয়োগ করে। যে কোনও শাখার গ্র্যাজুয়েটরাই কোর্সটি করতে পারেন। তবে স্নাতকের নম্বরের হার বেঁধে দেওয়া হতে পারে। একটি পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই হয়। পড়ার খরচ বাবদ সংশ্লিষ্ট ব্যাঙ্ক থেকেই সুবিধাজনক শর্তে শিক্ষাঋণ পাওয়া যায়।

স্নাতকের নম্বরের হার বেঁধে দেওয়া হতে পারে। একটি পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই হয়। পড়ার খরচ বাবদ সংশ্লিষ্ট ব্যাঙ্ক থেকেই সুবিধাজনক শর্তে শিক্ষাঋণ পাওয়া যায়। কোর্স চলাকালীন পাওয়া যায় স্টাইপেন্ডও। এই ব্যবস্থাটির মাধ্যমেও রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার পদে চাকরির সুযোগ আছে। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন। ব্যাঙ্কিং ও ফিনান্সের কোর্স করিয়ে প্রবেশনারি অফিসার পদে চাকরির বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়।

*✓ ফটোগ্রাফিতে খুব আগ্রহ। একটি ডি এস এল আর ক্যামেরা আছে। ভবিষ্যতে ফটোগ্রাফিকেই পেশা করার ইচ্ছা। ফটোগ্রাফি-সংক্রান্ত আধুনিক সফটওয়্যারের কাজ শিখতে চাই। পরিবারের প্রচুর টাকা খরচ করার সামর্থ্য নেই। বিভিন্ন অনুষ্ঠানের ফটোগ্রাফি করে নিজে কিছু টাকা জমিয়েছি লেন্স কিনব বলে। সেই টাকা থেকেই ফি দেব। বর্তমানে বাংলা অনার্স পড়ছি প্রথম বর্ষে। কিন্তু কলেজের পড়াশোনায় মন বসছে না। আমাকে ভালো কোনও ফটোগ্রাফি কোর্সের সন্ধান দিন।*

*অপূর্ব রায়, মানিকতলা, কলকাতা।*

☐ ভারত সরকারের কমিউনিটি কলেজ প্রকল্পের আওতায় এখন অল্প খরচে, এমনকী নিখরচাতেও ফটোগ্রাফির ডিপ্লোমা কোর্স করা যাচ্ছে। কোর্সটির নাম: ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি। ১ বছরের ডিপ্লোমা কোর্সটি করা যাচ্ছে ডিরোজিও মেমোরিয়াল কলেজে।

কোর্সটিতে একইসঙ্গে স্থিরচিত্র ও ভিডিওগ্রাফির আধুনিক পদ্ধতি সেখানো হয়। কলেজেই রয়েছে বিভিন্ন ধরনের লাইট সেট-আপ, স্টুডিও ফ্লোর, ফটো শুটের ব্যাকগ্রাউন্ড, ক্রোমা স্টুডিও, বিভিন্ন ধরনের ডি এস এল আর ক্যামেরা, ভিডিও ক্যামেরা, স্টুডিও ক্যামেরা, ফি সাইলেন্স ক্যামেরা, ড্রোন ক্যামেরা। রয়েছে ডাবিং স্টুডিও, সাউন্ড এডিটিং সফট্‌ওয়্যার। কাজ শেখানো হয় হাতে-কলমে। কোর্সটি শেষ করার পরে ক্যানন ও নিকনের বিভিন্ন ফটোগ্রাফি ওয়ার্কশপে নিখরচায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। ১ বছরের ফি ৮,৫০০ টাকা। এমনিতে ভর্তির সময় দিতে হবে ২,৫০০ টাকা, ৩ মাস পরে ৩,০০০ টাকা এবং বাকি ৩,০০০ টাকা পরিশোধ করতে হবে ৬ মাস পরে। ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ প্রথম ৫০জন ছাত্রছাত্রী ৮,৫০০ টাকা করে স্কলারশিপ পাবেন। অর্থাৎ পরীক্ষায় ভালো ফল করতে পারলে কার্যত নিখরচাতেই এই কোর্সটি সম্পূর্ণ করার সুযোগ রয়েছে।

## ইচ্ছেটা জোরদার হলে, আর পরিশ্রম করলে সফল আপনি হবেনই



অপূর্ব স্বর্ণকার
অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার, ইন্দিরা গান্ধী ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটি (ইগনু)

উত্তর ২৪ পরগনার স্বরূপনগরের গ্রামের ছেলে আমি। স্কুলে পড়াশোনা করি যখন, তখন চাষের কাজ করেছি। পারিবারিক আর্থিক অবস্থা সচ্ছল ছিল না। কিন্তু দারিদ্র আমার স্বপ্ন দেখা আটকাতে পারেনি। বালক বয়সেই বুঝতে পেরেছিলাম, ভালো কিছু করে পরিস্থিতির পরিবর্তন ঘটাতে হবে। মাধ্যমিক, উচ্চমাধ্যমিকের রেজাল্ট ভালোই হয়েছিল। ওই উচ্চমাধ্যমিক পড়ার সময় থেকে 'কর্মক্ষেত্র' পড়া শুরু করেছিলাম। পরবর্তী অনেকগুলো বছর ধরে এই পত্রিকা ছিল আমার কেরিয়ারের পথ খুঁজে চলার সঙ্গী।

হাবড়া কলেজে কমার্স পড়তে শুরু করলাম। এ সময় আমার প্রয়াত শিক্ষক সুরেশ কুমার দেবনাথ আমার পরম সহায় হয়ে উঠলেন। সব বই কিনতে পারিনি। উনি নিজের বই দিয়ে সাহায্য করেছেন। আর আমার জোরের দিকগুলোকে চিহ্নিত করে আমার আমিটাকে চিনতে শিখিয়েছিলেন। আমি আত্মবিশ্বাসী হয়ে উঠতে থাকলাম।

গ্র্যাজুয়েশনের পরে এম বি এম (মাস্টার অব বিজনেস ম্যানেজমেন্ট) করলাম। স্নাতকোত্তরের পাঠ সম্পূর্ণ করার প্রায় সঙ্গে সঙ্গেই স্কুল সার্ভিস কমিশন এবং পাবলিক সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগের পরীক্ষায় বসেছিলাম। দু'টি পরীক্ষাতেই সফল হয়েছিলাম। শিক্ষকতার চাকরি নিয়ে চলে যাই কোচবিহারের সরকারি জেনকিন্স স্কুলে। পরে বদলি হয়ে আসি হুগলি ব্রাঞ্চ গভর্নমেন্ট স্কুলে। ভালোই দিন কাটছিল শিক্ষকতা করে। কিন্তু নতুন করে অন্য কোনও কাজ শেখা ও করার ইচ্ছাটা মাথার মধ্যে চেপে বসল। ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিসের পরীক্ষা ছিল সামনে। বসলাম সেই পরীক্ষায়। সেটা ছিল ২০০৬-এর ব্যাচের পরীক্ষা। পরীক্ষায় চতুর্থ র‍্যাঙ্ক হয়েছিল আমার। অ্যাডিশনাল ট্রেজারি অফিসার, অ্যাকাউন্টস অফিসার পদে চাকরি করেছি।

আবার মাথার পোকাটা নড়ে উঠল। একটি বিজ্ঞাপন দেখে ইন্দিরা গান্ধী ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটিতে (ইগনু) চাকরির দরখাস্ত করেছিলাম। এ চাকরিটাও হল। বর্তমানে আমি ইগনুর (কলকাতা) অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার।

ইগনুর চাকরি করতে করতেই ইউ পি এস সি-র সিভিল সার্ভিসেসের পরীক্ষা দিয়েছিলাম। প্রথমবার পরীক্ষা দিয়ে ইন্টারভিউ পর্যন্ত এগিয়েছিলাম। দ্বিতীয়বার পরীক্ষায় বসি। অপশনাল বিষয় বদল করি। প্রথমবারের পরীক্ষায় অপশনাল বিষয় ছিল কমার্স। দ্বিতীয়বার অপশনাল বিষয় হিসেবে নিই পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন। এবার সফল হওয়া গেল। আই এ এস আমার চয়েস ছিল না। চাকরি হয়েছে ইন্ডিয়ান রেভিনিউ সার্ভিসে। এটাই ছিল আমার কাঙ্ক্ষিত চাকরি। এই চাকরিতে ইউনিফর্ম পরতে হয়। আমি ওই ইউনিফর্মটা চেয়েছিলাম। ডিসেম্বরে আমার নতুন চাকরির ট্রেনিং শুরু হবে। তার আগে ইগনুর চাকরি থেকে রিজাইন করতে হবে।

এ পর্যন্ত কোনও পরীক্ষার জন্যই আমি কোনও কোচিং নিইনি। দামি দামি বিপুল সংখ্যক বইও কিনিনি। পড়াশোনার চেয়ে চিন্তা করেছি বেশি। প্রতিযোগিতামূলক চাকরির পরীক্ষায় অ্যাপ্টিটিউড একটি গুরুত্বপূর্ণ দিক। আপনাদের একটা কথা বলতে পারি, সেটা হল, মনপ্রাণ দিয়ে যদি কিছু আশা করেন এবং প্রয়োজনীয় পরিশ্রমটা যদি করতে পারেন, তাহলে সফল আপনি হবেনই। আর বলব, ভয় পাবেন না। ওই পরীক্ষা খুব কঠিন, আমার দ্বারা হবে না, এমন কোনও লোকশ্রুতির ভিত্তিতে সিদ্ধান্ত নেবেন না। বিষয়টা নিজেই নেড়েচেড়ে দেখে সিদ্ধান্ত নিন। যাঁরা ইউ পি এস সি-র সিভিল সার্ভিসেসের পরীক্ষায় বসতে চান, তাঁরা প্রস্তুতির জন্য এই দু'টি ওয়েবসাইট দেখতে পারেন: www.insightsonindia.com, www.iasbaba.com প্রস্তুতির জন্য পথ-নির্দেশের প্রয়োজনে 'কর্মক্ষেত্র'-র পাঠক-পাঠিকারা আমাকে মেল করতে পারেন। দু'দিন বিলম্বে হলেও উত্তর পাবেন। আমার ই-মেল অ্যাড্রেস: swarnakarapurba@gmail.com

*✓ উচ্চমাধ্যমিক পাশ। বয়স ২১ বছর। কম্পিউটারের ১ বছরের ডিপ্লোমা কোর্স করেছি। একটি প্রকাশনা সংস্থায় কম্পোজিটারের চাকরি করি ফুরণে। সরকারি চাকরির খোঁজ দেবেন।*

*সুব্রত কয়াল, রিষড়া, হুগলি।*

***এখনই আবেদন করতে পারেন:*** পশ্চিমবঙ্গে ২৬৬ জন পোস্টম্যান/মেলগার্ড নিয়োগ করবে ডাকবিভাগ। উচ্চমাধ্যমিক পাশ হলেই আবেদন করা যাবে। তবে অন্তত প্রাথমিক স্তরের কম্পিউটার জানতে হবে এবং টু-হুইলার বা মোটর ভেহিক্যাল চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ২ নভেম্বর সংখ্যায় 'রাজ্য পোস্টাল সার্কেলে ২৬৬ পোস্টম্যান' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২৪ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://cpmgwbrecruit.in/drpmmgoct18 মোটর সাইকেল বা ফোর-হুইলার চালানোর লাইসেন্স থাকলে আপনি আবেদন করতে পারেন।

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগে কৃষি প্রযুক্তি সহায়ক এবং খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। রেলে টিকিট এক্সামিনার ও ট্রেন'স ক্লার্ক পদে আবেদন করতে পারবেন।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

### কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।
আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### যাদবপুর বিশ্ববিদ্যালয়ে মেডিক্যাল ফিজিক্সের পোস্ট এম এসসি ডিপ্লোমা কোর্স



মেডিক্যাল ফিজিক্সের পোস্ট এম এসসি ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ফিজিক্স বিভাগ। কোর্সটি চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউটের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে ২৭ ফেব্রুয়ারি। এটি সান্ধ্য কোর্স। ক্লাসের সময় বিকেল ৫টা থেকে রাত ৯টা।

**আসনসংখ্যা:** ১০টি। সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ ফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতকস্তরেও অন্যতম প্রধান বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকতে হবে। তফসিলি প্রার্থীরা নম্বরে ২৫ শতাংশ ছাড় পাবেন। রেডিওথেরাপি বা মেডিক্যাল ফিজিক্সের কাজের সঙ্গে এক বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীরাও স্নাতকোত্তর স্তরের নম্বরের ক্ষেত্রে ছাড় পাবেন।

**কোর্স ফি:** ৮৪,০০০ টাকা। ফি দিতে হবে দু'টি কিস্তিতে।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের জন্য বাছাই করা প্রার্থীতালিকা প্রকাশিত হবে ১৮ ডিসেম্বর। ইন্টারভিউ ১৭ ও ১৮ জানুয়ারি।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। নগদ ১০০ টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করতে পারেন বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন কাউন্টার থেকে সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে। অথবা আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে নিতে পারেন এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.jaduniv.edu.in, www.cnci.org.in পূরণ করবেন যথাযথভাবে।

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন:** ✓ডাউনলোড করা আবেদনপত্রের ক্ষেত্রে ফি বাবদ ১০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি 'Jadavpur University'-র অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে। বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন কাউন্টার থেকে আবেদনপত্র সংগ্রহ করলে ডিমান্ড ড্রাফট দিতে হবে না। ✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓ইনকাম সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৪ ডিসেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Secretary, Faculty Council of Science, Jadavpur University, Kolkata-700 032. অথবা নির্দিষ্ট তারিখের মধ্যে সরাসরি গিয়ে জমা দিতে পারেন বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন কাউন্টারে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### ন্যাশনাল ইনস্টিটিউট অব ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স



ইন্ডাস্ট্রিয়াল ম্যানেজমেন্ট এবং ইন্ডাস্ট্রিয়াল সেফটি অ্যান্ড এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল ইনস্টিটিউট অব ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং। এটি কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। কোর্স শুরু হবে জুনে।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি ই বা বি টেক। সেই সঙ্গে ২০১৮-র ক্যাট (কমন অ্যাডমিশন টেস্ট) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য।

প্রাথমিকভাবে ক্যাট পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ২৫ থেকে ২৯ মার্চ।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nitie.ac.in আবেদনের শেষ তারিখ ১ ফেব্রুয়ারি। ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০০ টাকা)।

অনলাইন আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### গ্র্যাজুয়েট ফার্মাসি অ্যাপ্টিটিউড টেস্ট ২৮ জানুয়ারি



অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশনের (এ আই সি টি ই) অধীন বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ফার্মাসির স্নাতকোত্তর কোর্সে ভর্তির যোগ্যতামান নির্ধারণের জাতীয় স্তরের পরীক্ষা 'গ্র্যাজুয়েট ফার্মাসি অ্যাপ্টিটিউড টেস্ট (জি পি এ টি), ২০১৯' আয়োজিত হবে ২৮ জানুয়ারি। পরীক্ষা নেবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** ফার্মাসিতে স্নাতক। ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারবেন। তবে সেক্ষেত্রে ভর্তির আগে রেজাল্ট প্রকাশিত হয়ে থাকতে হবে। বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের ১২৫টি প্রশ্ন হবে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা (সিটি কোড WB01)। পরীক্ষা দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা। প্রতিটি প্রশ্নের পূর্ণমান ৪। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষার ফল প্রকাশিত হবে ৮ ফেব্রুয়ারি। পরীক্ষার অ্যাডমিট কার্ড ৭ জানুয়ারি থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.ntagpat.nic.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ntagpat.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩০ নভেম্বর। মনে রাখবেন, অনলাইনে দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি ফর্ম্যাটে ৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ফটো ও সই আপলোড করতে হবে ১ ডিসেম্বরের মধ্যে।

পরীক্ষার ফি সাধারণ এবং ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে ১,৪০০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ৭০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে অথবা অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ই-চালানের মাধ্যমে। ই-চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকেই। সব ক্ষেত্রেই অতিরিক্ত সার্ভিস বা প্রসেসিং চার্জ দিতে হবে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা অ্যাপ্লিকেশন ফর্মের (কনফার্মেশন পেজ) এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই হেল্পলাইন নম্বরগুলিতে: ১৮০০-১১২২১১, ১৮০০-৪২৫৩৮০০।

## স্কলারশিপের খোঁজখবর

### পোস্ট-গ্র্যাজুয়েট ইন্দিরা গান্ধি স্কলারশিপ ফর সিঙ্গল গার্ল চাইল্ড

বাবা-মায়ের একমাত্র সন্তান যে তরুণীরা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা করতে চান তাঁদের স্কলারশিপ দিচ্ছে ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন (ইউ জি সি)। স্নাতকোত্তর স্তরের প্রথম বর্ষে পাঠরত তিন হাজার তরুণীকে দেওয়া হবে এই স্কলারশিপ। স্কলারশিপের মেয়াদ ২ বছর। প্রতি বছর শর্তসাপেক্ষে স্কলারশিপ নবীকরণ করা হবে।

**আবেদনের যোগ্যতা:** রেগুলার ফুল টাইম স্নাতকোত্তর ডিগ্রি কোর্সের প্রথম বর্ষে পাঠরতরা আবেদনের যোগ্য। সংশ্লিষ্ট কোর্সে ভর্তির সময় বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। দূরশিক্ষার মাধ্যমে পড়াশোনা করলে আবেদন করবেন না।

**স্কলারশিপের পরিমাণ:** প্রতি বছর ৩৬,২০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.scholarships.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৩০ নভেম্বর।

আবেদনের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### তফসিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্রছাত্রীদের কেন্দ্রীয় সরকারি স্কলারশিপ

কারিগরি ও পেশাদারি বিষয়ে স্নাতকোত্তর স্তরে পড়াশোনা করতে আগ্রহী এক হাজার তফসিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রীয় সরকার। ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি, ম্যানেজমেন্ট, ফার্মাসি-সহ অন্যান্য পেশাদারি কোর্সে পাঠরতরা আবেদন করতে পারেন এই স্কলারশিপের জন্য। বিষয়গুলি নিম্নলিখিত কাউন্সিল বা বোর্ড কর্তৃক স্বীকৃত হতে হবে: মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া, ডেন্টাল কাউন্সিল অব ইন্ডিয়া, ফার্মাসি কাউন্সিল অব ইন্ডিয়া, রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া, ন্যাশনাল ক্লিনিক্যাল টার্মিনোলজি অ্যান্ড ইনফর্মেশন সার্ভিস, ন্যাশনাল কাউন্সিল ফর টিচার এডুকেশন, বার কাউন্সিল অব ইন্ডিয়া, অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন, ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চ, ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল, ফরেন্সিক রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অব ইন্ডিয়া।

স্কলারশিপের মেয়াদ ২ থেকে ৩ বছর। প্রতি বছর শর্তসাপেক্ষে স্কলারশিপ নবীকরণ করা হবে। দূরশিক্ষা মাধ্যমে পড়াশোনা করলে আবেদন করবেন না।

স্কলারশিপের পরিমাণ: ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজির ক্ষেত্রে প্রতি মাসে ৭,৮০০ টাকা এবং অন্যান্য বিষয়ের ক্ষেত্রে প্রতি মাসে ৪,৫০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.scholarships.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৩০ নভেম্বর।

আবেদনের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## এ ক ন জ রে

### কলকাতা পুরসভায় স্টেনো টাইপিস্ট

স্টেনো টাইপিস্ট পদে ১০ জনকে নেবে কলকাতা পুরসভা। প্রাথমিকভাবে নিয়োগ করা হবে ৬ মাসের চুক্তিতে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১৭ নভেম্বর, সকাল ১০টা থেকে।

ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: ইনস্টিটিউট অব আর্বান ম্যানেজমেন্ট, ৩৬ সি, বালিগঞ্জ সার্কুলার রোড, কলকাতা-১৯ (বালিগঞ্জ ফাঁড়ির কাছে)।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.kmcgov.in

### ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়্যারহাউসিং কর্পোরেশনে ক্লার্ক

ক্লার্ক-কাম-ডেটা এন্ট্রি অপারেটর পদে ১০ জনকে নেবে ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়্যারহাউসিং কর্পোরেশন। প্রাথমিকভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2229/Estab/R(I)-24/SWC/18-19.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://warehousingwb.com দরখাস্তের শেষ তারিখ ২৫ নভেম্বর।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### পুরুলিয়ায় ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেটর

ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেটর (হসপিটাল এবং ইনফর্মেশন টেকনোলজি) পদে ২ জনকে নেবে পুরুলিয়ার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের অফিস। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.purulia.gov.in দরখাস্তের শেষ তারিখ ২৬ নভেম্বর।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### রাজ্যে ড্রাগ ইনস্পেক্টর

ড্রাগ ইনস্পেক্টর পদে ৩ জনকে নিয়োগ করবে রাজ্য সরকার। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/Insp-Drugs(ISM)/56(1)/2018. অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in আবেদনের শেষ তারিখ ২৩ নভেম্বর। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### ওয়েস্ট বেঙ্গল স্টেট বেভারেজেস কর্পোরেশনে সফটওয়্যার ডেভেলপার

সফটওয়্যার ডেভেলপার পদে ৪ জনকে নেবে ওয়েস্ট বেঙ্গল স্টেট বেভারেজেস কর্পোরেশন। নিয়োগ করা হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BEVCO/2018/141. প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি ২০ নভেম্বরের মধ্যে ই-মেল করতে হবে এই ঠিকানায়: softwaremanpowerexcise@gmail.com

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://excise.wb.gov.in

### কারিগরি ভবনের উদ্যোগে ২ দিনের জব ফেয়ার

**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট (পি বি এস এস ডি) পরিচালিত 'উৎকর্ষ বাংলা'র উদ্যোগে ২৬ ও ২৭ নভেম্বর কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে আয়োজিত হবে 'স্টেট লেভেল জব ফেয়ার'। এই কর্মমেলায় অংশ নেবে রাজ্য ও রাজ্যের বাইরের বিভিন্ন সংস্থা। কারিগরি ভবনের 'উৎকর্ষ বাংলা' প্রকল্পে অথবা অটোমোটিভ, এগ্রিকালচার, আই টি-আই টি ই এস, রিটেল,

#### যোগ্য প্রার্থীদের সরাসরি চাকরির সুযোগ

ট্যুরিজম, হসপিটাল ম্যানেজমেন্ট-সহ কারিগরি দপ্তরের বিভিন্ন প্রশিক্ষণ প্রকল্পে যাঁরা ট্রেনিং নিয়েছেন, তাঁরা সকলেই এই মেলায় এসে সরাসরি বিভিন্ন কোম্পানিতে চাকরির ইন্টারভিউ দিতে পারবেন। ইন্টারভিউতে সফল হলে সেই দিনই চাকরির অফার লেটার যোগ্য প্রার্থীদের হাতে তুলে দেওয়া হবে। পশ্চিমবঙ্গের সব জেলা থেকেই ছেলেমেয়েরা এই মেলায় যোগ দিতে পারবেন। কারিগরি ভবনের তরফে জানানো হয়েছে, শুধু দু'দিনের একটি জব ফেয়ার করে ছেলেমেয়েদের চাকরি দেওয়া নয়, সেই সঙ্গে পশ্চিমবঙ্গের ছেলেমেয়েদের মধ্যে স্বনির্ভরতার মানসিকতা তৈরি করাও এই মেলার অন্যতম লক্ষ্য। দু'দিনের কর্মমেলায় প্রায় ২০০০ ছেলেমেয়ে আসবেন বলে কর্তৃপক্ষের তরফে আশা করা হচ্ছে।


চাকরি/কাজ খুঁজছেন ভাবছেন দ্রুত কীভাবে?

২-৩ মাসের কোর্স করিয়ে হোটেল, ব্যাংক, বীমা, রিটেল-এর নিশ্চিত কর্মজগতে অতি দ্রুত প্রবেশ করার ব্যবস্থা করা হয়। কোর্স-ফি মধ্যবিত্তের নাগালে।

Admission Open

যোগ্যতা : মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, গ্র্যাজুয়েট।

অতিসত্বর যোগাযোগ:-

| | |
|---|---|
| ঝাড়গ্রাম : ✆ 9635238730 | কৃষ্ণনগর : ✆ 9614894091 |
| দুর্গাপুর : ✆ 9091044624 | তারকেশ্বর : ✆ 9732628739 |
| বাঁকুড়া : ✆ 7908793284 | নৈহাটি : ✆ 8910194802 |
| সিউড়ি : ✆ 9800189265 | বর্ধমান : ✆ 8759648669 |
| কল্যাণী : ✆ 9903740075 | বনগাঁ : ✆ 9062508020 |

Single Minded Eduserve Pvt. Ltd.
Head Office : 58C Hindustan Park,
Kolkata - 700 029, Phone No : 6291691563

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# জীবিকাজিজ্ঞাসা

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস' পরীক্ষার মাধ্যমে এয়ারফোর্স একাডেমিতে ভর্তির জন্য কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —মনোজ কর, মেমারি, পূর্ব বর্ধমান।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস' পরীক্ষার মাধ্যমে এয়ারফোর্স একাডেমিতে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট ডিগ্রি। ফিজিক্স ও অঙ্ক নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করে থাকা চাই। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে এয়ারফোর্সের ক্ষেত্রে ১৬২.৫ সেমি। উচ্চতা ও বয়সের অনুপাতে ওজন থাকতে হবে। সুগঠিত ও অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা-সহ বুকের ছাতি থাকতে হবে। দৃষ্টিশক্তি থাকতে হবে ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। শুধুমাত্র হাইপারমেট্রোপিয়ার ক্ষেত্রে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। চশমা থাকলে আবেদন করা যাবে না। রং চেনার ক্ষমতা সি পি-ওয়ান মানের হতে হবে। লাল ও সবুজ রং চেনার স্বাভাবিক ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি ও নিখুঁত শারীরিক ও মানসিক স্বাস্থ্য থাকা দরকার। খুঁটিনাটি তথ্য বিষয়ে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## ব্যাঙ্ক

□ *আই বি পি এসের মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ল অফিসার পদে নিয়োগের যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষার ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? এই পদের প্রার্থী বাছাইয়ের পরীক্ষার ধরনধারণ সম্পর্কে বিস্তারিত জানাবেন। —সুমন দে, মসজিদবাটি, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ আই বি পি এসের মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ল অফিসার পদে নিয়োগের যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: আইনের ব্যাচেলর ডিগ্রি (এল এল বি)। বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের পরীক্ষার মাধ্যমে— প্রিলিমিনারি ও মেন। অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা ১২৫ নম্বরের। সময় ২ ঘণ্টা। থাকবে রিজনিং (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর) এবং ব্যাঙ্কিং ইন্ডাস্ট্রি বিষয়ে গুরুত্ব-সহ জেনারেল অ্যাওয়ারনেস (৫০ নম্বর) বিষয়ে প্রশ্ন। অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। তবে কোনও উত্তরের ঘর ফাঁকা রাখলে তার জন্য নেগেটিভ মার্কিং হবে না। মেন পরীক্ষায় থাকবে ৬০ নম্বরের পেশাদারি বিষয়ে প্রশ্ন। সময় ৪৫ মিনিট। খুঁটিনাটি তথ্য বিষয়ে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.ibps.in

□ *প্রশিক্ষণ দিয়ে কানাড়া ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে আবেদন করেছি। প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —অরিন্দ্রিকা মজুমদার, হরিদাসপুর, বীরভূম।*

□□ ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্সে ১ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পড়িয়ে কানাড়া ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষা, গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রার্থী বাছাই করবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। পরীক্ষার তারিখ ২৩ ডিসেম্বর। পরীক্ষায় থাকবে রিজনিং, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউড এবং জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ক অবজেক্টিভ টাইপ প্রশ্ন। প্রতিটি বিভাগে ৫০ নম্বরের প্রশ্ন হবে। মোট নম্বর ২০০। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ওয়েবসাইট: www.canarabank.com

## নার্সিং

□ *সেইলে নার্সিং সিস্টার ট্রেনি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —বন্দিতা মণ্ডল, কিশোরপুর, হুগলি।*

□□ সেইলে নার্সিং সিস্টার ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে বি এসসি অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। সব ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর থাকতে হবে। নার্সিং কাউন্সিল অব ইন্ডিয়া বা স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৪৩ সেমি। ওজন অন্তত ৩৫ কেজি হতে হবে। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭০ সেমি ও ৭৩ সেমি হতে হবে। এ ছাড়া দৃষ্টিশক্তি হতে হবে দূরের ক্ষেত্রে চশমা-সহ বা চশমা ছাড়া উভয় চোখে ৬/১৮। কাছের ক্ষেত্রে উভয় চোখে জে ২ বা এন ৮ হতে হবে। চশমার পাওয়ার প্লাস মাইনাস, ৪.০ ডি-র বেশি হওয়া চলবে না। ৪ ডিসেম্বরের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in

## কোর্স, ট্রেনিং

□ *ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউটে এনার্জি মার্কেট ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —কুণাল হাজরা, খিলা, হাওড়া।*

□□ এনার্জি মার্কেট ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউট। পড়ানো হবে প্রতিষ্ঠানের দুর্গাপুর, ফরিদাবাদ, নাগপুর এবং বেঙ্গালুরু ক্যাম্পাসে। কোর্সের মেয়াদ ১ বছর। আসনসংখ্যা ২৪০টি। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা কম্পিউটার সায়েন্স বা ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন টেকনোলজি বা সমতুল বিষয়ে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বি ই বা বি টেক। বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই। কোর্স ফি: ২,৩০,০০০ টাকা (জি এস টি অতিরিক্ত)। প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে প্রার্থীদের বাছাই করা হবে। পরীক্ষা ১ ডিসেম্বর। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র দুর্গাপুর। পরীক্ষা নেওয়া হবে দুটি পার্টে। পার্ট-ওয়ানে প্রশ্ন হবে জেনারেল অ্যাপটিটিউড বিষয়ে এবং পার্ট টুতে প্রশ্ন হবে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে। উভয় ক্ষেত্রেই অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষা সকাল সাড়ে ১০টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। ১৬ নভেম্বরের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npti.gov.in ফি ২,০০০ টাকা (জি এস টি-সহ)।

□ *২০১৯-২০ সালের সি-ম্যাট পরীক্ষা কবে? বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে কি? বিস্তারিত জানাবেন। —বরুণ নস্কর, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

□□ ২০১৯-২০ শিক্ষাবর্ষে ম্যানেজমেন্টের স্নাতকোত্তর কোর্সে ভর্তির জন্য সি-ম্যাট পরীক্ষা হবে ২৮ জানুয়ারি। পরীক্ষা নেবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা (সিটি কোড WB01)। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় ৩ বছরের গ্র্যাজুয়েট। ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারবেন। তবে সেক্ষেত্রে ভর্তির আগে রেজাল্ট প্রকাশিত হয়ে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। ৩ ঘণ্টার পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে: কোয়ান্টিটেটিভ টেকনিকস অ্যান্ড ডেটা ইন্টারপ্রিটেশন, লজিক্যাল রিজনিং, ল্যাঙ্গুয়েজ কম্প্রিহেনশন এবং জেনারেল অ্যাওয়ারনেস। প্রতিটি অংশে ২৫টি করে প্রশ্ন থাকবে। মোট নম্বর ১০০। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ৩০ নভেম্বরের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ntacmat.nic.in পরীক্ষার ফি ১,৪০০ টাকা। তফসিলিদের ক্ষেত্রে ৭০০ টাকা। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট নিজের কাছে রাখবেন।

## অন্যান্য চাকরি

□ *বি টেক ক্যাডেট এন্ট্রির মাধ্যমে ভারতীয় নৌবাহিনীতে টেকনিক্যাল অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —পরিমল সাঁতরা, পশ্চিম বর্ধমান।*

□□ বি টেক ক্যাডেট এন্ট্রির মাধ্যমে ভারতীয় নৌবাহিনীতে টেকনিক্যাল অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্কে মোট অন্তত ৭০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। পাশাপাশি, মাধ্যমিক অথবা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। সেই সঙ্গে বি ই বা বি টেক পড়ার জন্য সর্বভারতীয় জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন (মেন), ২০১৮ পরীক্ষায় প্রার্থীকে অবশ্যই উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে সার্ভিস সিলেকশন বোর্ডের দু'পর্যায়ের ইন্টারভিউয়ের মাধ্যমে। জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন (মেন), ২০১৮-র অল ইন্ডিয়া র‍্যাঙ্কের ভিত্তিতে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে। ইন্টারভিউয়ের প্রথম পর্যায়ের পরীক্ষায় ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পারসেপশন টেস্ট এবং গ্রুপ ডিসকাশন হবে। এই পরীক্ষায় ব্যর্থ হলে সেদিনই প্রার্থীকে ফেরত পাঠিয়ে দেওয়া হবে। সফল হলে দ্বিতীয় ধাপের পরীক্ষায় থাকবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টেস্টিং ও ইন্টারভিউ। ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ *সেইলে অপারেটর-কাম-টেকনিশিয়ান (বয়লার অপারেটর) পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —অর্ধেন্দু গুহ, তমলুক, পূর্ব মেদিনীপুর।*

□□ সেইলে অপারেটর-কাম-টেকনিশিয়ান (বয়লার অপারেটর) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা কেমিক্যাল বা পাওয়ার প্ল্যান্ট বা প্রোডাকশন বা ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছর মেয়াদের ডিপ্লোমা। এর পাশাপাশি প্রথম শ্রেণির বয়লার অ্যাটেন্ড্যান্ট কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে। ওয়েবসাইট: www.sail.co.in

□ *ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশনে ইলেক্ট্রিক্যাল শাখায় ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ট্রেনি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —চিন্ময় প্রামানিক, স্বরূপনগর, উত্তর ২৪ পরগনা।*

□□ ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশনে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৭০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। তফসিলিদের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই চলবে। প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের অনলাইন টেস্টের মাধ্যমে। প্রথম পর্যায়ে থাকবে জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউড, রিজনিং। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রশ্ন। উভয় ক্ষেত্রেই মোট ১২০ নম্বর ও সময় ২ ঘণ্টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ওয়েবসাইট: www.ntpccareers.net

□ *ওয়েস্ট বেঙ্গল পোস্টাল সার্কেলে পোস্টম্যান পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —শুভজিৎ দাস, রানাঘাট।*

□□ ওয়েস্ট বেঙ্গল পোস্টাল সার্কেলে পোস্টম্যান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে স্থানীয় ভাষা জানতে হবে। স্থানীয় ভাষাটি অবশ্যই দশম শ্রেণি পর্যন্ত পড়ে থাকতে হবে। কম্পিউটার ব্যবহারের জ্ঞান থাকতে হবে। এর পাশাপাশি বৈধ টু হুইলার বা লাইট মোটর ভেহিক্‌ল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে একটি ১০০ নম্বরের কম্পিউটারভিত্তিক অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স, ইংলিশ এবং সংশ্লিষ্ট স্থানীয় ভাষা। মোট সময়সীমা ২ ঘণ্টা। ওয়েবসাইট: www.westbengalpost.gov.in

নাম: ........................

ঠিকানা: ........................

........................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## স্কুলশিক্ষক বনাম গৃহশিক্ষকের দ্বন্দ্ব মেটাতে সরকারকে উদ্যোগী হতেই হবে

'কর্মক্ষেত্র'-র গত ৯ নভেম্বর সংখ্যায় 'চাই সুবিচার' বিভাগে পশ্চিম মেদিনীপুরের সর্বজিৎ চক্রবর্তীর 'সরকারি ও আধাসরকারি বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের টিউশনি বন্ধ করা হোক' শীর্ষক চিঠির পরিপ্রেক্ষিতে আমার এই পত্র। চিঠিতে পত্রলেখক এক বাস্তব তথ্য তুলে ধরেছেন। রাজ্যের অনেক বেকার যুবকদের ক্ষেত্রেই, যাঁরা গৃহশিক্ষকতা করে জীবনধারণ করে থাকেন— এ অত্যন্ত পরিচিত ঘটনা। বর্তমানে শিক্ষকতার প্রশিক্ষণ ছাড়া কোনও সরকারি বা বেসরকারি বিদ্যালয়ে পড়ানোর সুযোগ পাওয়া যায় না। ফলে প্রশিক্ষণহীন যুবক-যুবতী অর্থাৎ যাঁদের শিক্ষকতার পেশায় আসার স্বপ্ন ছিল, কিন্তু প্রশিক্ষণের অভাবে সেই সুযোগ থেকে বঞ্চিত— এমন অনেকের কাছে গৃহশিক্ষকতাটাই একমাত্র পেশা হয়ে দাঁড়িয়েছে। আর অন্যদিকে, সরকারি ও সরকারি অনুদানপ্রাপ্ত স্কুলের শিক্ষক-শিক্ষিকারা সরকারের বেতনও নেন, আবার স্কুলের পড়ানোর 'ক্ষমতা'কে কাজে লাগিয়ে স্কুলের ছাত্রছাত্রীদের টিউশনিও পড়ান। গৃহশিক্ষক বনাম স্কুলশিক্ষকদের এই দ্বন্দ্ব বহুদিনের।

রাজ্য সরকারের কাছে এর আগে বহু বার সরকারি ও আধাসরকারি বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের প্রাইভেট টিউশনি বন্ধের জন্য অনুরোধ করা হয়েছে। স্মারকলিপিও জমা দেওয়া হয়েছে। কিন্তু সরকারের তরফে কোনও উদ্যোগই নেওয়া হয়নি। সরকারের সদিচ্ছার অভাবকে সম্পূর্ণ কাজে লাগিয়েই এ যাবৎ স্কুলটিচারদের প্রাইভেট টিউশনির প্রবণতা ক্রমশই বৃদ্ধি পেয়েছে। এ বার এই প্রবণতারই পাকাপাকি সমাধানের লক্ষ্যে নেমেছে 'পশ্চিমবঙ্গ গৃহশিক্ষক কল্যাণ সমিতি'। সংবাদপত্রে প্রকাশ, বিভিন্ন জেলায় সরকারি বা সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলের যে সকল শিক্ষক-শিক্ষিকা প্রাইভেট টিউশনের সঙ্গে যুক্ত, তাঁদের নাম, টিউশন ফি এবং কোথায় তাঁরা প্রাইভেট টিউশন করেন, তার বিস্তৃত তথ্যপ্রমাণ-সহ তালিকা প্রস্তুত করেছে গৃহশিক্ষকদের এই সংগঠন। ইতিমধ্যেই বেশ কয়েকটি জেলার একাধিক ব্লকে সেই তালিকা তৈরির কাজ শেষ হয়েছে। সেই তালিকা নিয়ে সরকারি এবং সরকারি অনুদানপ্রাপ্ত স্কুলের প্রধান-শিক্ষক এবং স্কুল পরিচালন সমিতির কাছে যাচ্ছেন গৃহশিক্ষকেরা। জমা দিচ্ছেন প্রাইভেট টিউশনে যুক্ত সংশ্লিষ্ট সরকারি স্কুলের শিক্ষকদের তালিকা। সংগঠনের তরফে জানানো হয়েছে, দার্জিলিং, কোচবিহার, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং নদিয়া জেলায় ইতিমধ্যেই এই প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে। ইতিমধ্যেই শিক্ষা দপ্তরে প্রাইভেট টিউশনির সঙ্গে যুক্ত এমন ৪০০ জন স্কুল শিক্ষকের নাম জমা পড়েছে। দীর্ঘদিনের এই সমস্যা সমাধানে সরকারকে এ বার কড়া পদক্ষেপ করতেই হবে।

মনোতোষ প্রধান, উদয়নারায়ণপুর, হাওড়া।

**বিভিন্ন জেলায় সরকারি বা সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলের যে সকল শিক্ষক-শিক্ষিকা প্রাইভেট টিউশনের সঙ্গে যুক্ত, তাঁদের নাম, টিউশন ফি এবং কোথায় তাঁরা প্রাইভেট টিউশন করেন, তার বিস্তৃত তথ্যপ্রমাণ-সহ তালিকা প্রস্তুত করেছে গৃহশিক্ষকদের এই সংগঠন। ইতিমধ্যেই বেশ কয়েকটি জেলার একাধিক ব্লকে সেই তালিকা তৈরির কাজ শেষ হয়েছে।**

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ডব্লু বি সি এস ২০১৯: এক নজরে খুঁটিনাটি

*প্রথম পাতার পর*

হতে হবে ২-১-১৯৮৩ থেকে ১-১-১৯৯৯-এর মধ্যে। 'ডি' গ্রুপের প্রার্থীদের বয়স হতে হবে ২১ থেকে ৩৯ বছরের মধ্যে। জন্মতারিখ হতে হবে ২-১-১৯৮০ থেকে ১-১-১৯৯৮-এর মধ্যে।

সব ক্ষেত্রেই ১-১-২০১৯ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

## কোন গ্রুপে কোন চাকরি

**'এ' গ্রুপ:** নিয়োগ হয় এইসব সার্ভিসে: ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ), ওয়েস্ট বেঙ্গল কমার্শিয়াল ট্যাক্স সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল এক্সাইজ সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল লেবার সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল ফুড অ্যান্ড সাপ্লাইজ সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট সার্ভিস (এমপ্লয়মেন্ট অফিসার [টেকনিক্যাল] বাদে), ওয়েস্ট বেঙ্গল রেজিস্ট্রেশন অ্যান্ড স্ট্যাম্প রেভেনিউ সার্ভিস।

**'বি' গ্রুপ:** ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিস।

**'সি' গ্রুপ:** সুপারিন্টেন্ডেন্ট, ডিস্ট্রিক্ট কারেকশনাল হোম, ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট, সেন্ট্রাল কারেকশনাল হোম, জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার, ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অব কনজিউমার অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার বিজনেস প্র্যাক্টিসেস, ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস, ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ সার্ভিস (গ্রেড-ওয়ান), অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার, অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভেনিউ অফিসার (ইরিগেশন), চিফ কন্ট্রোলার অব কারেকশনাল সার্ভিসেস।

**'ডি' গ্রুপ:** ইনস্পেক্টর অব কো-অপারেটিভ সোসাইটিজ, পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার আন্ডার দ্য পঞ্চায়েত অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, রিহ্যাবিলিটেশন অফিসার আন্ডার দ্য রিফিউজি রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট।

**প্রার্থী বাছাই:** ডব্লু বি সি এস পরীক্ষা মোট তিনটি পর্বে হয়। প্রথম পর্বে আছে অবজেক্টিভ টাইপ প্রিলিমিনারি পরীক্ষা। মনে রাখবেন প্রিলিমিনারি পরীক্ষা শুধুমাত্র একটি স্ক্রিনিং টেস্ট। এতে পাওয়া নম্বর চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য গণ্য হবে না। এই পরীক্ষায় সফল হলে লিখিত মেন পরীক্ষায় বসার ছাড়পত্র মেলে। মেন পরীক্ষায় সফল হলে নেওয়া হয় তৃতীয় পর্যায়ের পার্সোন্যালিটি টেস্ট। মেন এবং পার্সোন্যালিটি টেস্টে সফলতার ভিত্তিতেই চূড়ান্ত মেধাতালিকা তৈরি হয়।

**কিছু শর্ত:** ডব্লু বি সি এস পরীক্ষায় কতগুলি গ্রুপে আবেদন করতে হলে অতিরিক্ত যোগ্যতার প্রয়োজন: (ক) ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিস গ্রুপ 'বি': আবেদনের জন্য নির্দিষ্ট শারীরিক মাপজোক চাই। পুরুষদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে অন্তত ১.৬৫ মিটার, মহিলাদের ক্ষেত্রে অন্তত ১.৫০ মিটার। গোর্খা প্রার্থীরা উচ্চতায় নিয়মানুসারে ছাড় পাবেন। (খ) অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভেনিউ অফিসার (গ্রুপ 'সি'): একেবারে প্রান্তিক অঞ্চলে গ্রামেগঞ্জে ঘুরে সাধারণ মানুষের সঙ্গে মিলেমিশে কাজ করার মানসিকতা থাকতে হবে। (গ) ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস (গ্রুপ 'সি'): অন্ধ, মূক ও বধির প্রতিবন্ধীদের হোমে যেহেতু কাজ করতে হবে, তাই তাঁদের প্রশিক্ষণ দেওয়ার উপযুক্ত ডিগ্রি, ডিপ্লোমা বা সার্টিফিকেট থাকতে হবে। যদি তা না থাকে তাহলে চাকরি পাওয়ার পর এই প্রশিক্ষণ নিতে হবে। (ঘ) ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ সার্ভিস, গ্রেড ওয়ান (গ্রুপ 'সি'): বাংলায় লিখতে, পড়তে ও বলতে জানতে হবে। নেপালিভাষীদের ক্ষেত্রে এই শর্তে ছাড় আছে। তবে চাকরি পাওয়ার ২ বছরের মধ্যে বাংলায় একটি বিভাগীয় পরীক্ষায় সফল হতে হবে।

**গ্রুপ অনুসারে বেতনক্রম:** গ্রুপ 'এ': ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। গ্রুপ 'বি': ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। গ্রুপ 'সি': ৯,০০০-৪০,৫০০ টাকা। পদ অনুসারে গ্রেড পে ৪,৪০০-৪,৮০০ টাকা। গ্রুপ 'ডি': ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৬ নভেম্বর পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো ও কালো কালির সই আপলোড করতে হবে।

দরখাস্ত করার আগে প্রার্থীদের ওয়েবসাইটের মাধ্যমে 'ওয়ান টাইম রেজিস্ট্রেশন' করতে হবে। তবে কোনও প্রার্থী যদি আগে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত কোনও চাকরির পরীক্ষার দরখাস্তের ক্ষেত্রে 'ওয়ান টাইম রেজিস্ট্রেশন' করে থাকেন, তাঁকে আর দ্বিতীয়বার এই প্রক্রিয়ার সাহায্য নিতে হবে না। আগেকার রেজিস্ট্রেশন আই ডি ও পাসওয়ার্ডের মাধ্যমেই অনলাইন দরখাস্ত করা যাবে।

ফি বাবদ দিতে হবে ২১০ টাকা। সার্ভিস চার্জ অতিরিক্ত। অনলাইন এবং অফলাইন— দু'রকম ব্যবস্থাতেই ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ফি দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অফলাইনে ফি জমা দিতে হবে চালানের মাধ্যমে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ায়। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে। অফলাইন ব্যবস্থায় ফি জমা দেওয়া যাবে ২৭ নভেম্বর পর্যন্ত। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি দিতে হবে না।

## পরীক্ষার ধরনধারণ

**প্রিলিমিনারি পরীক্ষা:** প্রিলিমিনারি পরীক্ষায় একটিই পেপারের উত্তর দিতে হবে। থাকবে 'জেনারেল স্টাডিজ' বিষয়ে ২০০টি মাল্টিপল চয়েস অবজেক্টিভ টাইপ প্রশ্ন। প্রশ্ন হবে এইসব বিষয়ে: (১) ইংলিশ কম্পোজিশন, (২) জেনারেল সায়েন্স, (৩) জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রের গুরুত্বপূর্ণ ঘটনাবলি (কারেন্ট ইভেন্টস), (৪) ভারতের ইতিহাস, (৫) ভারতের ভূগোল (এক্ষেত্রে পশ্চিমবঙ্গের ভূগোল গুরুত্ব পাবে), (৬) ভারতের অর্থনীতি ও রাজনীতি, (৭) ভারতের জাতীয় আন্দোলন ও (৮) সাধারণ মানসিক দক্ষতা। স্নাতক মানের প্রশ্ন আসবে। প্রত্যেক বিষয়ে নম্বর ২৫। মোট নম্বর ২০০। সময় আড়াই ঘণ্টা।

প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্র (ব্র্যাকেটে কোড): উত্তর কলকাতা (০১), দক্ষিণ কলকাতা (০২), বারুইপুর (০৩), ডায়মন্ড হারবার (০৪), বারাকপুর (০৫), বারাসাত (০৬), হাওড়া (০৭), বর্ধমান (০৮), আসানসোল (০৯), মেদিনীপুর (১০), তমলুক (১১), বাঁকুড়া (১২), বহরমপুর (১৩), মালদা (১৪), জলপাইগুড়ি (১৫), আলিপুরদুয়ার (১৬), কোচবিহার (১৭), শিলিগুড়ি (১৮), কালিম্পং (১৯), দার্জিলিং (২০)। দার্জিলিং জেলার তফসিলি উপজাতি এবং দার্জিলিং সদর, মিরিক ও কার্শিয়াং সাব-ডিভিশনের প্রার্থীরাই কেবল দার্জিলিং কেন্দ্রে পরীক্ষা দিতে পারবেন। কালিম্পং জেলার প্রার্থীদের পরীক্ষাকেন্দ্র কালিম্পং।

**মেন পরীক্ষা:** মেন পরীক্ষায় থাকবে ৬টি কম্পালসারি পেপার এবং ১টি অপশনাল সাবজেক্ট (শুধুমাত্র গ্রুপ 'এ' এবং গ্রুপ 'বি'-র প্রার্থীদের ক্ষেত্রে)। অপশনাল সাবজেক্টে থাকবে ২টি পেপার। প্রতিটি কম্পালসারি এবং অপশনাল সাবজেক্টের পেপারের পূর্ণমান ২০০। সময় ৩ ঘণ্টা করে।

**কম্পালসারি পেপার:** ৬টি কম্পালসারি পেপারের মধ্যে পেপার-ওয়ান এবং পেপার-টু-এর ক্ষেত্রে কনভেনশনাল টাইপ লিখিত পরীক্ষা হবে। এছাড়া অন্য চারটি কম্পালসারি পেপারের ক্ষেত্রে ও এম আর শিটে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্নের উত্তর করতে হবে।

পেপার-ওয়ানে নেওয়া হবে বাংলা, হিন্দি, উর্দু, নেপালি ও সাঁওতালির মধ্যে যে-কোনও একটি ভাষার পরীক্ষা। থাকে লেটার রাইটিং বা ড্রাফটিং অব রিপোর্ট, প্রেসি রাইটিং, কম্পোজিশন, ইংরেজি থেকে বাংলা বা হিন্দি বা উর্দু বা নেপালি বা সাঁওতালি ভাষায় ট্রানস্লেশন।

পেপার-টু-তে আছে ইংরেজিতে লেটার রাইটিং/ড্রাফটিং অব রিপোর্ট, প্রেসি রাইটিং, কম্পোজিশন, বাংলা বা হিন্দি বা উর্দু বা নেপালি বা সাঁওতালি থেকে ইংরেজিতে ট্রানস্লেশন।

পেপার-থ্রি-তে আছে জেনারেল স্টাডিজ-ওয়ান: (১) ইন্ডিয়ান হিস্ট্রি উইথ স্পেশ্যাল এমফ্যাসিস অন ন্যাশনাল মুভমেন্ট, (২) জিওগ্রাফি অব ইন্ডিয়া (এক্ষেত্রে পশ্চিমবঙ্গের ভূগোল গুরুত্ব পাবে)।

পেপার-ফোর-এ আছে জেনারেল স্টাডিজ-টু: (১) সায়েন্স অ্যান্ড সায়েন্টিফিক অ্যান্ড টেকনোলজিক্যাল অ্যাডভান্সমেন্ট, এনভায়রনমেন্ট, জেনারেল নলেজ এবং কারেন্ট অ্যাফেয়ার্স।

পেপার-ফাইভ-এ আছে দ্য কনস্টিটিউশন অব ইন্ডিয়া অ্যান্ড ইন্ডিয়ান ইকোনমি ইনক্লুডিং রোল অ্যান্ড ফাংশানস অব রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া।

পেপার সিক্স-এ আছে অ্যারিথমেটিক এবং রিজনিংয়ের প্রশ্ন।

মনে রাখতে হবে 'এ' ও 'বি' গ্রুপের প্রার্থীরা ৬টি কম্পালসারি পেপার এবং একটি অপশনাল সাবজেক্টের দু'টি পেপারের পরীক্ষা দেবেন। 'সি' ও 'ডি' গ্রুপের প্রার্থীরা শুধুমাত্র ৬টি কম্পালসারি পেপারের পরীক্ষা দেবেন।

ভাষার পেপার ছাড়া বাকি সমস্ত কম্পালসারি এবং অপশনাল বিষয়ের উত্তর বাংলা বা ইংরেজিতে লেখা যাবে। সংস্কৃত বিষয়ের উত্তর দেবনাগরী বা বাংলা হরফে লেখা যাবে। সাঁওতালি বিষয়ের উত্তর লিখতে হবে অলচিকি লিপিতে। তবে একই পেপারে একাধিক ভাষায় উত্তর লেখা যাবে না। মাল্টিপল চয়েস প্রশ্নের ক্ষেত্রে ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে।

**পার্সোন্যালিটি টেস্ট:** মেন লিখিত পরীক্ষার মেধাতালিকা অনুযায়ী চারটি গ্রুপেরই নির্বাচিত কিছু প্রার্থীকে ডাকা হয় পার্সোন্যালিটি টেস্টে। গ্রুপ 'এ' ও 'বি'-এর ক্ষেত্রে পার্সোন্যালিটি টেস্টে থাকবে ২০০ নম্বর। গ্রুপ 'সি'-এর ক্ষেত্রে ১৫০ নম্বর এবং গ্রুপ 'ডি'-র ক্ষেত্রে ১০০ নম্বর।

**কোন গ্রুপে কত নম্বরের পরীক্ষা:** গ্রুপ অনুযায়ী মেন লিখিত পরীক্ষার নম্বরের বিন্যাস এরকম: গ্রুপ 'এ' এবং 'বি'-এর জন্য ৬টি কম্পালসারি পেপারে ১,২০০ (২০০×৬), একটি অপশনাল সাবজেক্টের দু'টি পেপারে ৪০০ (২০০×২) এবং পার্সোন্যালিটি টেস্টে ২০০, অর্থাৎ সব মিলিয়ে মোট ১,৮০০ (১,৬০০+২০০)।

গ্রুপ 'সি'-র জন্য ৬টি কম্পালসারি পেপারে ১,২০০ (২০০×৬) এবং পার্সোন্যালিটি টেস্টে ১৫০, অর্থাৎ সব মিলিয়ে মোট ১,৩৫০ (১,২০০+১৫০)।

গ্রুপ 'ডি'-র জন্য ৬টি কম্পালসারি পেপারে ১,২০০ (২০০×৬) এবং পার্সোন্যালিটি টেস্টে ১০০, অর্থাৎ সব মিলিয়ে মোট ১,৩০০ (১,২০০+১০০)।

আগ্রহীরা খুঁটিনাটি তথ্য জানতে দেখুন এই ওয়েবসাইট: www.pscwbapplication.gov.in

পাবলিক সার্ভিস কমিশনের হেল্প ডেস্ক নম্বর: ৯৮৩৬২-১৯৯১৪, ৯৮৩৬২-৮৯৯১৪, ৯০৭৩৯-৫৩৮২০।

# ন্যাভাল ডকইয়ার্ডে ২৭৫

## তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ

*প্রথম পাতার পর*

পাইপ ফিটার: ১৫টি।

পাইপ ফিটার ট্রেডের ক্ষেত্রে প্রশিক্ষণের মেয়াদ ২ বছর এবং অন্যান্য সবক'টি ট্রেডের ক্ষেত্রে প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং আর্মড ফোর্সেসে কর্মরত সমরকর্মীদের সন্তানদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই পাশ। ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স মেকানিক ও মেকানিক (রেডিও, টিভি) এবং পাইপ ফিটার ট্রেডের ক্ষেত্রে প্লাম্বার ট্রেডে আই টি আই পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন।

**বয়স:** জন্মতারিখ হতে হবে ১-৪-১৯৯৮ থেকে ১-৪-২০০৫-এর মধ্যে। তফসিলিরা ৫ এবং নেভি ও ডিফেন্সে কর্মরতদের সন্তানেরা শর্তসাপেক্ষে সর্বাধিক ২ বছর বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৩৭ সেমি, ওজন অন্তত ২৫.৪ কেজি হতে হবে।

প্রাথমিকভাবে প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৩১ জানুয়ারি। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

প্রথমে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনি হিসেবে নাম রেজিস্টার করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www. apprenticeship.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ৫ ডিসেম্বর। রেজিস্ট্রেশনের পর প্রার্থীর রেজিস্টার্ড ই-মেল আই ডিতে পাঠানো লিঙ্কে ক্লিক করবেন। লিঙ্ক থেকে পাওয়া ওয়েবসাইটে গিয়ে এস্টাব্লিশমেন্ট সার্চ অপশনে লিখবেন ন্যাভাল ডকইয়ার্ড (রেজিস্ট্রেশন নম্বর E ০৮১৫২৮০০০০৪) এবং রাজ্য হিসেবে সিলেক্ট করবেন অন্ধ্রপ্রদেশ। যে ট্রেডের জন্য ট্রেনিং নিতে চান সেই ট্রেডের নামও সিলেক্ট করবেন। এর পর ওয়েবসাইটের হোম পেজে ফিরে এসে অ্যাপ্রেন্টিসেস মডিউলে ক্লিক করে অ্যাপ্রেন্টিস অথেন্টিকেশন অপশনটি সিলেক্ট করবেন। যথাযথভাবে ফর্ম পূরণ করে অথেন্টিকেশন বাটনে ক্লিক করবেন। এর পর পাওয়া অ্যাপ্রেন্টিস প্রোফাইলটি ডাউনলোড করে সেটির এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এছাড়া অ্যাপ্রেন্টিস রেজিস্ট্রেশন নম্বর-সহ ই-মেলেরও এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি পাঠাতে হবে।

পরীক্ষার হল-টিকিটের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.joinindiannavy.nic.in হল-টিকিটের (অ্যানেক্সচার-ওয়ান, পার্ট টু) দু'কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এছাড়াও নথিপত্রের চেক লিস্টেরও (অ্যানেক্সচার-ওয়ান, পার্ট থ্রি) এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি পাঠাতে হবে।

### অ্যাপ্রেন্টিস প্রোফাইলের প্রিন্ট আউটের সঙ্গে দেবেন

- ✓হল-টিকিটের দু'কপি প্রিন্ট আউট। হল-টিকিটের নির্দিষ্ট স্থানে প্রার্থীর পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো (এক মাসের পুরনো ফটো চলবে না) সেঁটে দেবেন।
- ✓মাধ্যমিক এবং আই টি আইয়ের মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রযোজ্য ক্ষেত্রে দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রাক্তন সমরকর্মী বা ন্যাভাল সিভিলিয়ান বা ডিফেন্সে কর্মরত ব্যক্তিদের সন্তানদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর স্থায়ী বাসস্থানের প্রমাণপত্র হিসেবে ভোটার কার্ড বা আধার কার্ড বা রেশন কার্ড বা পাসপোর্টের স্বপ্রত্যয়িত নকল।
- ✓আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা এবং ১০ টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো ২২×১০ সেমি মাপের একটি খাম।
- ✓ই-মেলের প্রিন্ট আউট।
- ✓নথিপত্রের চেকলিস্টের প্রিন্ট আউট।

অ্যাপ্রেন্টিস প্রোফাইল-সহ উপরোক্ত নথিপত্রগুলি ১২ ডিসেম্বরের মধ্যে ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Officer-in-Charge (for Apprenticeship), Naval Dockyard Apprentices School, VM Naval Base S.O., P.O., Visakhapatnam-530014, Andhra Pradesh.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

**ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত ২০১৮-র ইন্ডিয়ান ফরেস্ট** সার্ভিস মেন এক্সামিনেশন পরীক্ষা শুরু হবে ২ ডিসেম্বর থেকে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.upsc.gov.in

□

**বিজ্ঞপ্তি নম্বর ১৬, ১৭ ও ১৮ অনুসারে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন দ্বারা** পরিচালিত সাব-অ্যাসিস্ট্যান্ট, লোয়ার ডিভিশন ক্লার্ক, ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট, সার্ভেয়র এবং ড্রাফটসম্যান পদে নিয়োগের পরীক্ষা ২ ডিসেম্বর। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.mscwb.org

## দিল্লির ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজিতে

# সিনিয়র ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট

*প্রথম পাতার পর*

ওয়েবসাইটের মাধ্যমে: www.iitd.ac.in দরখাস্তের শেষ তারিখ ১০ ডিসেম্বর।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। শিক্ষাগত যোগ্যতা, বয়স এবং অনলাইন দরখাস্তের বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে

# নিখরচায় ব্যবসার প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** বিজ্ঞান-প্রযুক্তির ছাত্রছাত্রীদের নিখরচায় ব্যবসা গড়ার প্রশিক্ষণ দেবে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (ই ডি আই)। কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের প্রকল্প অনুসারে এই প্রশিক্ষণ আয়োজিত হবে হুগলি ও দক্ষিণ ২৪ পরগনা জেলায়। রাজ্যের যে-কোনও জেলার তরুণ-তরুণীরাই প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। প্রার্থীকে বিজ্ঞানের যে-কোনও শাখা অথবা ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির গ্র্যাজুয়েট হতে হবে। ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরাও আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২২ থেকে ৪৫ বছরের মধ্যে।

ই ডি আই-এর তরফে জানানো হয়েছে, ৪ সপ্তাহের এই প্রশিক্ষণ কোর্সে আধুনিক যুগে কীভাবে ব্যবসা গড়তে হয় ও পরিচালনা করতে হয়, তার ক্রমান্বয়ে পদ্ধতিগুলি শেখানো হবে।

আগ্রহীরা এখনই আবেদন করতে পারেন। আবেদনের বয়ান ডাউনলোড করে নিতে হবে এই ওয়েবসাইট থেকে: www.edikolkata.com

এছাড়াও আবেদনের ফর্ম সংগ্রহ করতে পারেন এবং সব ক্ষেত্রেই পূরণ করা আবেদনপত্র জমা দিতে হবে এই ঠিকানাগুলিতে: (১) জেলা শিল্পকেন্দ্র, হুগলি, অন্নপূর্ণা ভবন, তোলাফটক, চুঁচুড়া। (২) জেলা শিল্পকেন্দ্র, দক্ষিণ ২৪ পরগনা, কসবা ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, ফেজ-থ্রি, এম এস ও বিল্ডিং (দ্বিতীয় তল), কলকাতা-৭০০১০৭। (৩) বারুইপুর উপ-জেলা শিল্পকেন্দ্র, উকিলপাড়া, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা। (৪) এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, আই বি-১৯৪, সল্টলেক, সেক্টর-থ্রি (কলম্বিয়া-এশিয়া হসপিটালের পাশে)।

ফোন: ২৩৩৫-৭৬৮১, ২৩৩৫-৭২৫৮। আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন ২৬ নভেম্বর।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কারেন্ট অ্যাফেয়ার্স

৩১ অক্টোবর-৯ নভেম্বর

**১ নভেম্বর** অসমে পাঁচ বাংলাভাষী নাগরিককে তালিবানি কায়দায় গুলি করে হত্যা করল জঙ্গিরা। তিনসুকিয়া জেলার ধলা এলাকায় আলফা (স্বাধীন) জঙ্গিরা এই হত্যাকাণ্ড চালিয়েছে বলে মনে করা হচ্ছে। পুলিশ জানিয়েছে, এ দিন রাতে জংলা পোশাক পরা পাঁচ-ছ'জন জঙ্গি বাঙালি অধ্যুষিত খেরবাড়ি গ্রামে ঢোকে। বেশ কয়েকজন বাংলাভাষী বাসিন্দাকে 'আলোচনা আছে' বলে ডেকে ভূপেন হাজারিকা সেতুর কাছে নিয়ে যায়। সেখানেই হত্যা করা হয় তাদের। রাজ্যের মুখ্যমন্ত্রী সর্বানন্দ সোনোয়াল রাজ্যের বাইরে থাকায়, তিনি দুই মন্ত্রী কেশব মহন্ত ও তপন গগৈ, ডিজিপি কুলধর শইকিয়া, এডিজি (আইনশৃঙ্খলা) মুকেশ আগরওয়ালকে ঘটনাস্থলে যেতে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণের নির্দেশ দেন।

## সর্দার পটেলের মূর্তির উদ্বোধন মোদীর



৩১ অক্টোবর: গুজরাটের নর্মদা জেলায় সর্দার বল্লভভাই পটেলের ৫৯৭ ফুট উঁচু মূর্তির উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এটাই এখনও পর্যন্ত বিশ্বের সবচেয়ে উঁচু মূর্তি। বায়ুসেনার বিমান থেকে মূর্তির ওপর ফেলা হল ফুল। সর্দার পটেলের মূর্তির বিশাল পায়ের নীচে ত্রিশটি নদী থেকে আনা জল অর্পণ করলেন প্রধানমন্ত্রী মোদী। কংগ্রেস সভাপতি রাহুল গান্ধী নয়াদিল্লিতে বলেন, 'অন্তর থেকে কংগ্রেসি সর্দার পটেল স্বাধীন, অখণ্ড ও ধর্মনিরপেক্ষ ভারতের জন্য লড়েছিলেন। ধর্মান্ধতা ও সাম্প্রদায়িকতা বরদাস্ত করতে পারতেন না। আজ সবচেয়ে উঁচু মূর্তির উদ্বোধন হল। কিন্তু পটেলের তৈরি সব প্রতিষ্ঠান নষ্ট করা হচ্ছে। এটা বিশ্বাসঘাতকতা।' ছবি: পি টি আই

**২ নভেম্বর** বফর্স মামলায় তদন্ত ফের শুরু করার জন্য সিবিআইয়ের করা আবেদন খারিজ করে দিল সুপ্রিম কোর্ট। প্রধান বিচারপতি রঞ্জন গগৈ জানিয়েছেন, অভিযুক্তেরা বেকসুর খালাস পেয়ে যাওয়ার ৪,৫২২ দিন পরে সিবিআইয়ের মামলা করার যুক্তিতে শীর্ষ আদালত সন্তুষ্ট নয়।

**বেআইনিভাবে কেউ দেশে ঢোকার চেষ্টা করতে গিয়ে পুলিশের দিতে পাথর ছুড়লে পুলিশকে গুলি ছুড়ে পাল্টা জবাব** দেওয়ার বার্তা দিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শরণার্থী প্রসঙ্গে, নিজের কট্টর অবস্থান আরও স্পষ্ট করে মেক্সিকো সীমান্তে মোতায়েন বাহিনীকে এ কথা বলেন তিনি।

**৩ নভেম্বর** দক্ষিণ মিশরে খ্রিস্টান তীর্থযাত্রীদের ওপর ফের হামলা চালাল জঙ্গিরা। ইসলামিক স্টেট (আই এস) জঙ্গিরা এই হামলা চালিয়েছে। এই ঘটনায় ৭ জন প্রাণ হারিয়েছেন। জখম হয়েছেন ১২ জন। আক্রান্তরা সকলেই সংখ্যালঘু কপটিক খ্রিস্টান সম্প্রদায়ের মানুষ। গত বছরও এই একই জায়গায় ২৯ জন কপটিক খ্রিস্টান নিহত হন। তারপরেই লিবিয়া সীমান্ত বরাবর আইএস ঘাঁটিগুলি নিশ্চিহ্ন করতে বিমান হানা চালিয়েছিল মিশর। কিন্তু জঙ্গিরা যে এখনও সক্রিয় রয়েছে সেটাই স্পষ্ট হল এ দিনের হামলায়। যদিও ঘটনার পরে মিশরের প্রেসিডেন্ট আব্দেল ফতে আল-সিসি বলেছেন,'জঙ্গি নিধনে অভিযান চলবে। এই লড়াই দেশের বাঁচা-মরার লড়াই।'

## মানুষখেকো তকমা দিয়ে মারা হল বাঘিনী



৩ নভেম্বর: মানুষখেকো তকমা দিয়ে মহারাষ্ট্রে মেরে ফেলা হল টিপেশ্বর ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্রের বাঘিনী 'অবনী'-কে। ১০ মাস বয়সি দুটি বাচ্চার সঙ্গে তাকে দেখা যাচ্ছিল। মহারাষ্ট্রের যবৎমল জেলার পানঢারকাওড়া এলাকায় গত দু'বছরে ১৩ জন মানুষকে 'শিকার'-এর অভিযোগ ছিল অবনীর বিরুদ্ধে। স্থানীয়দের ক্ষোভের মুখে অবনীকে দেখা মাত্র গুলির নির্দেশ দিয়েছিলেন মহারাষ্ট্রের প্রধান মুখ্য বনপাল। বন্যপ্রাণ অধিকার কর্মীদের বক্তব্য ছিল, অবনীকে মেরে ফেলা হলে বাচ্চা দু'টোও বাঁচবে না। কিন্তু সুপ্রিম কোর্ট জানিয়ে দেয়, অবনীকে ঘুম পাড়ানো বা অন্য কোথাও সরানোর চেষ্টা ব্যর্থ হলে এ ব্যাপারে আর কোনও হস্তক্ষেপ করবে না শীর্ষ আদালত।



"রিজার্ভ ব্যাঙ্ক গাড়ির সিটবেল্ট, সরকার গাড়ির চালক। সরকার ঠিক করতে পারে, সিটবেল্ট পড়বে কি না। কিন্তু সিটবেল্টের মাহাত্ম্য হল, তা অর্থনীতিকে ভেঙে পড়া থেকে রক্ষা করে।"

রঘুরাম রাজন, *রিজার্ভ ব্যাঙ্কের প্রাক্তন গভর্নর*
রিজার্ভ ব্যাঙ্কের কাজকর্মের স্বাধীনতা নিয়ে ওঠা বিতর্কে উর্জিত পটেলের হয়ে সওয়াল করে

**৪ নভেম্বর** শীর্ষ আদালত নির্দেশ দেওয়া সত্ত্বেও রিজার্ভ ব্যাঙ্ক ঋণখেলাপিদের নাম এখনও কেন প্রকাশ করেনি, গভর্নর উর্জিত পটেলের কাছে তা জানতে চাইল কেন্দ্রীয় তথ্য কমিশন। কারণ দর্শানোর নোটিস পাঠিয়ে তথ্য কমিশন জানতে চেয়েছে, কেন তাঁকে সর্বোচ্চ অঙ্কের জরিমানা করা হবে না, ১৬ নভেম্বরের মধ্যে পটেলকে তা জানাতে বলা হয়েছে। তথ্য কমিশন অবশ্য কেন্দ্রীয় সরকারকেও একই ভাবে প্রশ্নের মুখে ফেলেছে। প্রধানমন্ত্রীর দপ্তর ও অর্থ মন্ত্রকের কাছে জানতে চাওয়া হয়েছে, প্রাক্তন গভর্নর রঘুরাম রাজন বড় অঙ্কের ঋণখেলাপিদের তালিকা প্রধানমন্ত্রীর দপ্তরে পাঠানোর এতদিন পরেও কেন তা সামনে আনা হল না।

**গুজরাটের বডোদরায় বসানো বিশ্বের** সর্বোচ্চ মূর্তির তৈরির খরচ নিয়ে ব্রিটেনেও বিতর্ক ছড়াল। সেখানকার সংবাদমাধ্যম এবং এমপিরা দাবি করেছেন, বিভিন্ন প্রকল্পের জন্য ব্রিটেন থেকে বিরাট অঙ্কের অর্থ সাহায্য নিয়ে সেই টাকাই ঘুরপথে মূর্তি বানানোয় খরচ করে মোদী সরকার। ব্রিটেনের করদাতাদের টাকা এ ভাবে কেন খরচ করা হবে তা নিয়ে শুরু হয়েছে বিতর্ক। ব্রিটিশ এমপি পিটার বোন ক্ষোভ প্রকাশ করে বলেছেন,'ভারত আর্থিক অনুদান নিচ্ছে। আবার বিরাট অঙ্কের অর্থ খরচ করছে মূর্তি গড়ে তুলতে। এটা নির্বুদ্ধিতা ছাড়া কিছু নয়। এই ঘটনা বুঝিয়ে দিচ্ছে, ভারতকে আর্থিক অনুদান দেওয়ার প্রয়োজন নেই। অর্থ কী ভাবে খরচ করবে সেটা তাদের নিজস্ব ব্যাপার, কিন্তু এতবড় মূর্তি যদি তারা বানাতে পারে, তা হলে এটা স্পষ্ট যে ওদের সাহায্যের কোনও প্রয়োজন নেই।'

**৫ নভেম্বর** মার্কিন প্রশাসন ইরানের তেল, আর্থিক আর ব্যাঙ্কিং ক্ষেত্রের উপর আর্থিক নিষেধাজ্ঞা জারি করল। তবে ভারত-সহ আটটি দেশকে এই নিষেধাজ্ঞা থেকে সাময়িক ছাড় দেওয়া হয়েছে। অন্য সাতটি দেশ হল চিন, তুরস্ক, জাপান, ইটালি, গ্রিস, দক্ষিণ কোরিয়া এবং তাইওয়ান। তবে শর্ত দেওয়া হয়েছে ছ'মাসের মধ্যে সব দেশকেই ইরান থেকে তেল কেনা বন্ধ করতে হবে।

**৬ নভেম্বর** কর্নাটকে পাঁচ কেন্দ্রের উপ-নির্বাচনে বড় সাফল্য পেল কংগ্রেস ও জেডি (এস)। দক্ষিণের এই রাজ্যে তিনটি লোকসভা ও দু'টি বিধানসভার মধ্যে মাত্র একটি, শিমোগা লোকসভা আসনটি ধরে রাখতে পারল বিজেপি। অন্য দুটি লোকসভা আসনের মধ্যে চোদ্দ বছর পর বিজেপির শক্ত ঘাঁটি বলে পরিচিত বল্লারিতে প্রায় আড়াই লক্ষ ভোটে জিতল কংগ্রেস। মাণ্ড্য আসনটি পেয়েছে জেডি (এস)। রামনগর ও জামকণ্ডি বিধানসভা আসনদুটি জেডি (এস) ও কংগ্রেসের দখলে গেছে।

**৭ নভেম্বর** মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনে দীর্ঘ আট বছর পর মার্কিন কংগ্রেসের নিম্ন কক্ষ হাউস অব রিপ্রেজেন্টেটিভস ডেমোক্র্যাটদের দখলে গেল। সেনেটে যদিও নিজেদের গরিষ্ঠতা বজায় রেখেছে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের রিপাবলিকান দলই। সেদেশের ৩৬ রাজ্যের গভর্নর নির্বাচনের পাশাপাশি ৬ নভেম্বর ভোট নেওয়া হয়েছে সেনেটের ১০০টির মধ্যে ৩৫টি আসনে। হাউস অব রিপ্রেজেন্টেটিভসের সবক'টিই অর্থাৎ ৪৩৫টি আসনেই ভোট নেওয়া হয়েছে। সংখ্যাগরিষ্ঠতার জন্য প্রয়োজনীয় ২১৮টির বেশি আসনই ডেমোক্র্যাটরা পেয়েছে বলে খবরে প্রকাশ।

**বাংলাদেশে নির্বাচনের মুখে চিনের** আর্থিক সাহায্যের প্রস্তাব ফিরিয়ে দিল সে দেশের শেখ হাসিনার সরকার। পদ্মার উপর সেতু নির্মাণের জন্য চিন ওই প্রস্তাব দিয়েছিল। বাংলাদেশ সরকার সূত্রে বলা হয়েছে, এই প্রকল্পের জন্য কোনও আন্তর্জাতিক লগ্নি নেওয়া হচ্ছে না। সে দেশের নিজস্ব বাজেট থেকেই এই গুরুত্বপূর্ণ সড়ক ও রেলসেতু নির্মাণের জন্য ৩০ হাজার কোটি টাকা বরাদ্দ করা হবে। কূটনৈতিক সূত্রে জানা গেছে, নেপাল, শ্রীলঙ্কা, মালদ্বীপের মতো রাষ্ট্রগুলি যে ভাবে চিনা ঋণের ফাঁদে জড়িয়ে পড়ছে, সেই ঝুঁকি নিতে চায় না বাংলাদেশ।

## মুক্তি আসিয়া বিবির



৮ নভেম্বর: ধর্মদ্রোহিতার অভিযোগে আট বছর ধরে পাকিস্তানের জেলে বন্দি থাকা আসিয়া বিবি পাকিস্তানের জেল থেকে মুক্তি পেলেন। আসিয়াকে দেওয়া হয়েছিল মৃত্যুদণ্ডও। সপ্তাহ-খানেক আগে দেশের সুপ্রিম কোর্ট তাঁকে বেকসুর খালাস করে। তবে সুপ্রিম কোর্টের এই সিদ্ধান্তের জেরে দেশজুড়ে কট্টরপন্থীরা বিক্ষোভে সামিল হয়। এ দিন আসিয়া বিবি-র মুক্তির পর শোনা গিয়েছিল পাকিস্তান ছেড়ে নেদারল্যান্ডসে আশ্রয় নিয়েছেন তিনি। তবে পরে পাক সরকারি মহল থেকেই জানানো হয়, বিদেশে নয়, দেশেই কোনও নিরাপদ আশ্রয়ে রাখা হয়েছে আসিয়াকে।

## নোট বাতিলের ক্ষত এখনও বাড়ছে: মনমোহন



৮ নভেম্বর: দেশের ছোট-মাঝারি শিল্পের সংকট এবং ব্যাঙ্ক নয় এমন আর্থিক প্রতিষ্ঠানের (এনবিএফসি) নগদের সমস্যার জন্য নোট বাতিলের সিদ্ধান্তই দায়ী কিনা, নোট বাতিলের দ্বিতীয় বর্ষপূর্তির দিনে ফের সেই প্রশ্ন তুললেন প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং। তিনি বলেন, 'ছোট-মাঝারি ব্যবসায়ীরা এখনও ধাক্কা কাটিয়ে উঠতে পারেননি। ধাক্কা লেগেছে কর্মসংস্থানেও। নোট নগদের সংকট এখন পরিকাঠামোয় ঋণদাতা সংস্থা, এনবিএফসিগুলিকে ভোগাচ্ছে।' যত দিন যাচ্ছে, নোট-বাতিলের ক্ষত তত বাড়ছে বলে এবং অর্থনীতিতে আরও বিপর্যয় আসতে চলেছে বলে মনে করেন তিনি। ছবি: পি টি আই

**৮ নভেম্বর** ছত্তীসগঢ়ে সি আই এস এফ-এর বাসে বিস্ফোরণ ঘটিয়ে এক জওয়ান-সহ পাঁচ জনকে হত্যা করল মাওবাদীরা। পুলিশ সূত্রে জানা গেছে নিহতদের মধ্যে রয়েছেন সি আই এস এফ-এর হেড কনস্টেবল দীনাঙ্কর মুখোপাধ্যায়। এ দিন সকালে দান্তেওয়াড়া জেলার বস্তার এলাকার আকাশনগর চকে ঘটনাটি ঘটে। হামলায় সাতজন আহত হয়েছেন। ১৫ দিনে এই নিয়ে তৃতীয় মাওবাদী হামলা হল রাজ্যে।

**দক্ষিণ ক্যালিফোর্নিয়ার শহর থাউজ্যান্ড** ওকস-এর জনপ্রিয় বার-এ বন্দুকবাজের এলোপাথাড়ি গুলিতে অন্তত ১২ জন প্রাণ হারালেন। আততায়ী একজন প্রাক্তন মেরিন, তার নাম ডেভিড লং। ২৮ বছর বয়সি আততায়ীর দেহও পাওয়া গেছে বার-এর মধ্যে। হামলার সময় ডান্স বারটিতে নাচ-গান চলছিল। তারমধ্যেই হামলা চালায় আততায়ী।

**৯ নভেম্বর** চিনের উত্তর পশ্চিমাঞ্চলের জিনজিয়াং প্রদেশে মুসলিমদের উপর নিপীড়নের অভিযোগে জেনিভায় হয়ে যাওয়া রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার কাউন্সিলের 'ইউনিভার্সাল পিরিয়ডিক রিভিউ' (ইউপিআর) বৈঠকে বেজিংয়ের কড়া সমালোচনা করল ১৩টি দেশ। কয়েকদিন আগে হওয়া এই বৈঠকে আমেরিকা ছাড়া ব্রিটেন, কানাডা, বেলজিয়াম, অস্ট্রেলিয়া, সুইডেনের মতো দেশগুলি চিনের কড়া সমালোচনা করেছে। পশ্চিমি দেশগুলির দাবি, লাখ দশেক উইঘুর মুসলিম ও কিছু সংখ্যালঘু গোষ্ঠীকে নারকীয় পরিবেশে বন্দি করে রেখেছে চিন সরকার। চিনের সমালোচনায় এতগুলি দেশ সরব হলেও তাৎপর্যপূর্ণ ভাবে মুখ খোলেনি ভারত। বরং চিনের মানবাধিকার রক্ষা নিয়ে প্রশংসায় পঞ্চমুখ হয়েছেন রাষ্ট্রপুঞ্জে ভারতীয় প্রতিনিধি। ডোকলাম পর্বের পর চিনের সঙ্গে সরাসরি সংঘাতে যেতে ভারতীয় নেতৃত্ব এখনই রাজি নয় বলে মনে করছেন কূটনীতিকরা।

**উপসাগরীয় দেশগুলিতে কর্মরত** ভারতীয়দের মধ্যে প্রতিদিন ১০ জন করে মারা যান বলে জানাল 'কমনওয়েলথ হিউম্যান রাইটস ইনিশিয়েটিভ'। তাদেরই করা আরটিআইয়ের ভিত্তিতে এই তথ্য পাওয়া গিয়েছে। বাহরিন, ওমান, কাতার, কুয়েত, সৌদি আরব এবং সংযুক্ত আরব আমিরশাহির মতো উপসাগরীয় দেশগুলিতে ২০১২ সাল থেকে ২০১৮ পর্যন্ত অন্তত ২৪,৫৭০ জন ভারতীয় কর্মীর মৃত্যু হয়েছে। এর মধ্যে শুধু সৌদি আরবেই সবচেয়ে বেশি ১০,৪১৬ ভারতীয়ের মৃত্যু হয়েছে।

## বফর্সের পরে ফের এল বিদেশি কামান



৯ নভেম্বর: বফর্সের পর আবার বিদেশি কামান পেল ভারতীয় সেনাবাহিনী। এ দিন মহারাষ্ট্রের নাসিকে দেওলালি ফিল্ড ফায়ারিং রেঞ্জে হাজির হয়ে প্রতিরক্ষামন্ত্রী নির্মলা সীতারামন এবং সেনাপ্রধান জেনারেল বিপিন রাওয়াত আর্টিলারি ডিভিশনের হাতে তুলে দেন মার্কিন ১৫৫ মিলিমিটার (৩৯ ক্যালিবার) এম-৭৭৭ আল্ট্রালাইট হাউইৎজার এবং দক্ষিণ কোরিয়ার সঙ্গে যৌথ উদ্যোগে নির্মিত ১৫৫ মিলিমিটার (৫২ ক্যালিবার) 'কে-৯ বজ্র' কামান। এর পাশাপাশি 'কম্পোজিট গান ট্রাক্টর'ও সেনাবাহিনীর হাতে তুলে দেওয়া হয়। এর আগে শেষবার ১৯৮৭ সালে বফর্স কামান ভারতীয় সেনাবাহিনীর হাতে এসেছিল। কিন্তু ঘুষকাণ্ডের অভিযোগের জেরে পরবর্তী তিন দশকে নতুন কোনও বিদেশি কামান আসেনি। ছবি: পি টি আই

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## প্রতিটি ইন্টারভিউয়েই কিছু না কিছু শেখার আছে



অভিষেক দাস
সিনিয়ার ম্যানেজার-মার্কেটিং
এক্সাল্ট গ্রুপ অব ইনস্টিটিউশনস

ইন্টারভিউ কথাটা শুনলেই একটা ভয় কাজ করে ছেলেমেয়েদের মধ্যে। আসলে এই ভয় প্রত্যাখ্যাত হওয়ার ভয়। এমনকী, যদি ব্যর্থ হও, সেক্ষেত্রে বাড়ি ফিরে আত্মীয়স্বজন, বন্ধু-বান্ধবদের কী বলবে, তাদেরই বা প্রতিক্রিয়া কী হবে, সেই ভেবে ভয়।

ভয় কাটানোর জন্য প্রথমেই বুঝতে হবে, এই যে তুমি যাচ্ছ ইন্টারভিউ দিতে, এই যাওয়াটাই একটা বিরাট পজিটিভ ব্যাপার। তারপর যা-ই হোক না কেন, তার থেকে তুমি কিছু না কিছু শিখবেই। তারও একটা ইতিবাচক দিক আছে। নিজের এই প্রাপ্তি এবং এগিয়ে যাওয়াটা নিয়ে ভাবো, ভয় কমবে।

একথাটি একশো শতাংশ খাঁটি, যে, কোনও শেখাই কখনও বিফলে যায় না। কখনও না কখনও কাজে লেগেই যায়।

বাড়িতে পড়াশোনার বিষয় নির্বাচনের স্বাধীনতা ছিল। ফলে, স্কুলের পড়াশোনা শেষ করে স্বেচ্ছায় কম্পিউটার অ্যাপ্লিকেশন নিয়ে পড়তে শুরু করে দিয়েছিলাম। তখন কম্পিউটার বিষয়টা ভালো লেগেছিল। কিন্তু কিছুদিন পড়ে, কাজের ধরন বুঝতে শুরু করে দেখলাম, প্রোগ্রামারের কাজটা আমায় টানে না। যতদিনে এই আত্মোপলব্ধি হল, ততদিনে অনেকটাই সময় নষ্ট হয়ে গিয়েছে। তারপর ক্যাট পরীক্ষা দিয়ে ম্যানেজমেন্ট পড়ি। তবে, যে-বিষয়ের পড়াশোনা আমার পছন্দের ছিল না, সেটাই পরবর্তীকালে কাজের ক্ষেত্রে অনেকটা সুবিধা করে দিল।

### সময়ের সঙ্গে বদলাতে হবে

যখন কাজ শুরু করেছিলাম, তখন মার্কেটিংয়ের সব কাজই ম্যানুয়ালি হত অর্থাৎ হাতেকলমে। পরে এল ডিজিটাল মার্কেটিং। সেই অনুযায়ী একটা অনলাইন কোর্স করে ডিজিটাল মার্কেটিংয়ে সরে এলাম।

যে-কোনও ক্ষেত্রেই এই বদল কিন্তু সবসময়ই চলতে থাকে। তাই নিজেকে আপগ্রেড করতে হবে। অ্যাপস, ওয়েবসাইট, সোশ্যাল দুনিয়ার খবর রেখে চলতে হবে। নতুন বদল এলে সেটা শিখে নিতে হবে। সময়ের উপযোগী করে নিজেকে তৈরি করাই তোমাকে কাজের জগতে টিকে থাকতেও সাহায্য করবে।

### প্রাক্তনীদের সঙ্গে কথা বলে নাও

ইঞ্জিনিয়ারিং পড়েও আজকাল বহু ছেলেমেয়ে চাকরি পায় না। তাই কোনও বিষয় নিয়ে পড়ে সেটাতেই আটকে থেকো না। সেই সংক্রান্ত আলাদা আলাদা কাজও জানতে হবে। অনেক সংস্থা আছে, যেখানে নতুন নতুন বিষয় নিয়ে কোর্স করানো হয়। এরকম ছোটখাট কোর্স করে রাখতে হবে। তবে, অনেক সময় এমনও হয়, খরচ করে শিখলাম, কিন্তু প্লেসমেন্ট পেলাম না। এই সমস্যা থেকে বাঁচার জন্য, সংস্থার ওয়েবসাইটে প্রাক্তনীদের ফোরামে কথা বলা যায়। কোর্স এবং প্লেসমেন্ট সম্পর্কে তাঁদের বক্তব্য কী, প্রশ্ন করে জেনে নাও। ওপেন ফোরামে যে কেউ কথা বলতে পারে।

তাছাড়াও কথা বলে নেওয়া যায় এ বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিদের সঙ্গে। পাড়া-প্রতিবেশী বা আত্মীয়স্বজনের মধ্যে কেউ না কেউ নিশ্চয়ই আছেন, যিনি সবে ইন্টারভিউ দিয়ে চাকরি পেয়েছেন। তাদের থেকেও মতামত নিতে পারো।

### নিজের জব রোল জানতে হবে

আবেদনের আগে সংস্থায় কর্মী হিসেবে তোমার নিজের ভূমিকা বা গুরুত্ব, পরিভাষায় যাকে বলে 'জব রোল', বুঝতে চেষ্টা করো। শেষ পাঁচ বছরে খোলা বাজারে সংস্থার পরিস্থিতি কীরকম, তোমার ভূমিকা অনুযায়ী এই সংস্থা তোমাকে গ্রহণ করতে পারবে কিনা, একইভাবে তোমারও ভালো লাগবে কিনা, সবটাই নিজের প্রবণতার নিরিখে মিলিয়ে নিতে হবে।

ধরা যাক, তোমার বিশ্লেষণী দক্ষতা ভালো কিন্তু তুমি অন্তর্মুখী। ইন্টারভিউয়ের সময় সেটাই হাইলাইট করতে হবে। জব রোল যদি আগে বুঝতে পারো তাহলে হাইলাইট করার জায়গাটিও সহজে বুঝে যাবে।



### ঠান্ডা মাথায় কথা বলো

যারা চাকরি শুরু করতে চলেছ, তাদের বলি, কর্তৃপক্ষ কিছু বললে সেটাকে যদি ব্যক্তিগত অসম্মান ধরে নাও, তাহলে কাজ করাই মুশকিল হবে। ঠান্ডা মাথায় কথা বলো। খারাপ যে লেগেছে সেটাও নিশ্চয়ই জানাবে। কিন্তু সবার মধ্যে কড়া প্রতিক্রিয়া জানালে পরিস্থিতি জটিল হবে। এরকম ক্ষেত্রে বড়জোর বলতে পারো, তাঁর কাছ থেকে এই প্রতিক্রিয়া তুমি আশা করোনি। পরে আলাদা করে তোমার বক্তব্য জানাও।

কাজের খবরে
১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক
পঠিত কর্মপত্রিকা
সপ্তাহে দু'দিন:
শুক্রবার - কর্মক্ষেত্র
সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ
Source - Average Issue Readership, IRS 2017

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
shine.com
Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA
Companies Recruiting This Week

PS AVIATION
Company: PS AVIATION ACADEMY PVT.LTD
Position Title: Ground staff and Cabin crew
Experience, Location: Fresher, Kolkata, Delhi, Vizag
Profile: Hiring Fresher Candidates for International and domestic Airlines. Qualification minimum 12th Passed. Starting salary for cabin crew-30000 to 35000 pm, Ground staff 15000 to 19000 pm. Age limit for cabin crew -18 to 26. Age limit for Ground staff -18 to 28. Male female both can apply. Contact no-8240117926/ 9007421046, email id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using 9246724 as keyword

Company: Smart Call Center Solutions Pvt Ltd
Position Title: CCE / Sr. Customer Care Executive
Experience, Location: Fresher & Experienced, Kolkata
Profile: Hiring Freshers & Experienced Candidates for Outbound BPO (Night shift). Candidate should possess GOOD English Communication Skills. 5 Days working. Fixed Salary (upto 20K) with attractive Incentives. Walk-in at 16A, Shakespeare Sarani, B.K Market, 6th Floor, Kol - 71 between 9 am to 6 pm with an updated resume & photograph. Call 9748939464 / 9748939491 / 9748939501 / 9748215952 or mail hr@sccpl.net
To apply for this job, log on to www.shine.com and search using 9346604 as keyword.

OAKNET HEALTHCARE PRIVATE LIMITED
Company: OAKNET HEALTHCARE PRIVATE LIMITED
Position Title: Medical Representative
Experience, Location: 0 - 5 Years, Kolkata
Profile: Demonstrate high performance to achieve company goal. Create and enhance brand image. Regular visit to Customers and create product demand. Achieve territory business objective through planning of customer visit and product demand creation.5 Implementation of company strategies
To apply for this job, log on to www.shine.com and search using 9245716 as keyword

GLOBAL INDIA CONSULTANTS
Company: GLOBAL INDIA CONSULTANTS
Position Title: HR Recruiter
Experience, Location: 0-4 years, Kolkata
Profile: Urgent opening for HR Recruiter with Fixed Salary, No Target. Job Profile: Recruitment for our clients. Fresher Welcome. Walk-In - Global India Consultants, DA R.G Tower Phase-3, VIP Enclave Raghunathpur, Kol-700059 (Opp to VIP Bigbazar). Contact Tikam Jain 9831180642
Mail to : gic525@hotmail.com
To apply for this job, log on to www.shine.com

Modiline Travel Service Private Limited
Company: Modiline Travel Service Private Limited
Position Title: Business Development Executive - B2B
Experience, Location: 1- 5 Years, Kolkata
Profile: Having Exposure of B2B Sales, Corporate Sales, Direct Sales & Channel Sales. Generating Own leads by way of weekly activities in B2B Segment for Stationary Division. Submitting Daily call reports to Reporting Manager.Make sure the brand visibility across all the assigned projectsCoordinating with cross-functional teams to resolve the acquired customer issue, provide faster resolutions and driving CSAT (Customer Satisfaction Score)
To apply for this job, log on to www.shine.com and search using 9249056 as keyword.

Metro HR Consultancy
Company: Metro HR Consultancy
Position Title: Admin Executive
Experience, Location: 1 - 5 Years, Kolkata
Profile: Vendor Management (Quotation Comparison, Work Order, Co-ordination with Distributors , Finance & Sales Dept. Marketing Team Reporting.4) Data Management & Analysis. Activity Wise MIS, Budget Tracking & Highlight. Maintain stock report of Promotional Item. Marketing activity Wise Activation Plan.Attending to calls.Admin Secretarial,Office Management, MS office, computer operator, data entry operator,clerk
To apply for this job, log on to www.shine.com and search using 9256897 as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203*
*Not for Candidates
shine.com
Great careers start here

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. 'মার্জিনাল লাইন' কোন দু'টি দেশের মধ্যবর্তী সীমারেখা?
(a) ইরান ও ইরাক (b) পাকিস্তান ও আফগানিস্তান (c) রাশিয়া ও ফিনল্যান্ড (d) রাশিয়া ও চিন
2. ইন্দিরা গান্ধীর সমাধিস্থলের নাম হল:
(a) বীরভূমি (b) শক্তিস্থল (c) স্মৃতিস্থল (d) কর্মভূমি
3. প্রাচীন সাহিত্য 'নীতিসার' কার লেখা?
(a) কামান্ডাকা (b) ভবভূতি (c) ধোয়ি (d) পিঙ্গল
4. 'ইয়েলো রেভল্যুশন' কোন দেশে সংগঠিত হয়েছিল?
(a) ইরান (b) নেদারল্যান্ডস (c) ফিলিপিন্স (d) কুয়েত
5. শিখদের পঞ্চ 'ক'-এর প্রবর্তক কে ছিলেন?
(a) গুরু নানক (b) গুরু রামদাস (c) গুরু গোবিন্দ সিংহ (d) অর্জুন সিং
6. 'শ্রীরঙ্গপত্তনম সন্ধি' ইংরেজদের সঙ্গে কার হয়েছিল?
(a) শিবাজি (b) টিপু সুলতান (c) ব্রহ্মরাজ (d) নেপালরাজ
7. আকবর কাকে 'কবিপ্রিয়' উপাধি দিয়েছিলেন?
(a) সুরদাস (b) বীরবল (c) ফিজলি (d) ফৈজি
8. 'খলিমপুর তাম্রলিপি' কোন রাজার আমলে?
(a) ধর্মপাল (b) দেবপাল (c) বিজয়সেন (d) রাজেন্দ্র চোল
9. হরপ্পা সভ্যতার অধিবাসীরা কোন ধাতুর ব্যবহার জানত?
(a) তামা (b) লোহা (c) ব্রোঞ্জ (d) দস্তা
10. ধীমান ও বীতপাল কোন যুগের শিল্পী ছিলেন?
(a) গুপ্ত (b) দাস (c) সেন (d) পাল
11. কেন্দ্রীয় খাদ্য গবেষণাগার কোথায় অবস্থিত?
(a) কানপুর (b) সিমলা (c) কারনাল (d) মহীশূর
12. 'কিং খালিদ ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট' কোথায়?
(a) জার্কাতা (b) কায়রো (c) রিয়াধ (d) ইস্তানবুল
13. 'উধাগামন্ডলম'-এর বর্তমান নাম হল:
(a) উড়ুপি (b) দেরাদুন (c) উটি (d) উদয়পুর
14. আন্তর্জাতিক জলাভূমি দিবস পালিত হয়:
(a) 2 ফেব্রুয়ারি (b) 29 নভেম্বর (c) 20 ডিসেম্বর (d) 21 জানুয়ারি
15. যমুনা নদী কোথায় গঙ্গার সঙ্গে মিলিত হয়েছে?
(a) হরিদ্বার (b) এলাহাবাদ (c) আগ্রা (d) কোনওটিই নয়
16. 'সুন্দরবন' কত সালে ইউনেস্কোর ওয়ার্ল্ড হেরিটেজ সাইটের তালিকায় স্থান পায়?
(a) 1999 (b) 1978 (c) 1997 (d) 1987
17. কৃষ্ণাগঙ্গা জলবিদ্যুৎ কেন্দ্র ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) জম্মু ও কাশ্মীর (b) কর্নাটক (c) হিমাচল প্রদেশ (d) তামিলনাড়ু
18. তাওয়ানচু নদী ভারতের কোন রাজ্যে?
(a) সিকিম (b) অসম (c) অরুণাচল প্রদেশ (d) মেঘালয়
19. আমেরিকার কোন বিজ্ঞানী পদার্থবিজ্ঞানে 2018 সালে নোবেল পুরস্কার পান?
(a) আর্থার আস্কিন (b) জেমস পি অ্যালিসন (c) রেইনার ওয়েস (d) কিপ এস থর্ন
20. 'ট্রাইক্লোরোমিথেন' রাসায়নিক যৌগটির সাধারণ নাম হল:
(a) ক্লোরোফর্ম (b) বেকিং পাউডার (c) ভিনিগার (d) লাফিং গ্যাস
21. টমাস আলভা এডিসনের যুগান্তকারী আবিষ্কারটি কী?
(a) রেলগাড়ি (b) ইলেকট্রিক বাল্ব (c) কম্পিউটার (d) মোটর গাড়ি
22. তড়িৎপ্রবাহের এককের সংকেত হল:
(a) A (b) s (c) m (d) K
23. 'অ্যাটাকামাইট' কোন ধাতব আকরিক?
(a) সীসা (b) বক্সাইট (c) তামা (d) লোহা
24. সাধারণত কোন ব্যাক্টেরিয়া রান্না করা খাদ্যবস্তু বিষাক্ত করে?
(a) ট্রেপোনিমা পাল্লিডাম (b) ক্যাম্পিলোব্যাক্টর জেজুনি (c) ক্লস্ট্রিডিয়াম বটুলিনাম (d) ভিব্রিও কলেরা
25. 1 ফ্যাদম = কত ফুট
(a) 6 ফুট (b) 12 ফুট (c) 60 ফুট (d) 10 ফুট
26. রাশিয়ার জাতীয় খেলা হল:
(a) বাস্কেটবল (b) ফুটবল (c) দাবা (d) বেসবল
27. প্রণব বর্ধন কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) রোয়িং (b) ব্রিজ (c) শুটিং (d) ইকুয়েস্ট্রিয়ান
28. 'সমঝোতা এক্সপ্রেস' ভারতের সঙ্গে কোন দেশের যোগাযোগের ট্রেন?
(a) বাংলাদেশ (b) পাকিস্তান (c) নেপাল (d) ভুটান
29. 'হাটে বাজারে' বইটির লেখক:
(a) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (b) বলাইচাঁদ মুখোপাধ্যায় (c) রাজশেখর বসু (d) মানিক বন্দ্যোপাধ্যায়
30. '2017-18 শলাকা সম্মান'-এ ভূষিত হলেন:
(a) নওয়াজউদ্দিন সিদ্দিকি (b) জাভেদ আখতার (c) এ আর রহমান (d) নাসিরুদ্দিন শাহ
31. 'ভিয়েতনামের রাজধানী হল:
(a) খারটুম (b) হ্যানয় (c) বেলগ্রেড (d) নিকোসিয়া
32. প্রথম কোন বাঙালি ভারতরত্ন পান?
(a) ডাঃ বিধানচন্দ্র রায় (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) অমর্ত্য সেন (d) সত্যজিৎ রায়
33. পশ্চিমবঙ্গ সরকারের 'স্বয়ংসিদ্ধা' প্রকল্পটি কীসের সঙ্গে যুক্ত?
(a) মানব পাচার প্রতিরোধ (b) বিশুদ্ধ পানীয় জল সরবরাহ (c) মেধাবী যুবক-যুবতী চিহ্নিতকরণ (d) তথ্য আদান-প্রদান
34. 'ভূতের ভবিষ্যৎ' সিনেমাটির পরিচালক হলেন:
(a) সৃজিত মুখার্জি (b) অনীক দত্ত (c) অনিরুদ্ধ রায়চৌধুরি (d) পরমব্রত বন্দ্যোপাধ্যায়
35. 'পানিহারি' ভারতের কোন রাজ্যের লোকনৃত্য?
(a) রাজস্থান (b) মধ্যপ্রদেশ (c) গুজরাট (d) ত্রিপুরা
36. 'World no Tobacco Day' পালন করা হয়:
(a) 2 জানুয়ারি (b) 30 এপ্রিল (c) 5 মার্চ (d) 31 মে
37. ভারতের সংবিধান সংশোধন পদ্ধতি কোন দেশের সংবিধান থেকে গৃহীত হয়েছে?
(a) আইসল্যান্ড (b) জার্মান (c) দক্ষিণ আফ্রিকা (d) আয়ারল্যান্ড
38. JPEG-এর পুরো কথা হল:
(a) Joint Photographic Express Group (b) Joint Photographic Education Group (c) Joint Photographic Eminent Group (d) Joint Photographic and Entertainment Group
39. ভারতের সংবিধান রচনার জন্য গণপরিষদ কতগুলি কমিটি গঠন করে?
(a) 13 (b) 8 (c) 12 (d) 10
40. নীচের কোন অঙ্গরাজ্যের নিজস্ব হাইকোর্ট নেই?
(a) ঝাড়খণ্ড (b) মেঘালয় (c) সিকিম (d) জম্মু ও কাশ্মীর
41. 'চয়েজ অব টেকনিকস' বইটির লেখক হলেন:
(a) অমর্ত্য সেন (b) এ পি জে আব্দুল কালাম (c) প্রণব মুখার্জি (d) অভিষেক সরকার
42. 'আন্তর্জাতিক আয়ুর্বেদ সম্মেলন-2018' আয়োজিত হল কোন দেশে?
(a) ভারত (b) নেপাল (c) নেদারল্যান্ডস (d) ইতালি
43. উদয় শংকর কোন নৃত্যশৈলীর জন্য বিখ্যাত ছিলেন?
(a) ব্যালে (b) ভরতনাট্যম (c) কথাকলি (d) কত্থক
44. 'দি ক্যাপটিভ লেডি' কবিতাটি কার লেখা?
(a) জন কিটস (b) মাইকেল মধুসূদন দত্ত (c) পি বি শেলি (d) উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ
45. অটল বিহারী বাজপেয়ী কত সালে ভারতরত্ন সম্মান পান?
(a) 2014 (b) 2012 (c) 2016 (d) 2015
46. 'নো হেলমেট নো পেট্রোল' ভারতের কোন রাজ্যে প্রথম চালু হয়েছিল?
(a) বিহার (b) অন্ধ্র প্রদেশ (c) পশ্চিমবঙ্গ (d) কেরল
47. 'সীতার বনবাস' নাটকটি কার লেখা?
(a) অমৃতলাল বসু (b) দীনবন্ধু মিত্র (c) কালীপ্রসন্ন সিংহ (d) গিরিশচন্দ্র ঘোষ
48. ফুড কর্পোরেশন অব ইন্ডিয়ার চেয়ারম্যান হলেন:
(a) যোগেন্দ্র ত্রিপাঠী (b) সঞ্জীব সিং (c) সরস্বতী প্রসাদ (d) শশী শংকর
49. বিশ্বের প্রথম হাইড্রোজেন শক্তি চালিত ট্রেন চালু করল:
(a) জার্মানি (b) ফ্রান্স (c) জাপান (d) রাশিয়া
50. 'জাতীয় পুষ্টি সপ্তাহের'-এবারের থিম ছিল:
(a) Go with Good Food (b) Go Further with Food (c) Good Food, Better Health (d) Good Food, Good Future
51. $\sqrt{0.01} + \sqrt{0.81} + \sqrt{1.21} + \sqrt{0.0009} = ?$
(a) 2.1 (b) 2.13 (c) 2.03 (d) 2.11
52. একটি পাম্প একটি পাত্র জলপূর্ণ করতে সময় নেয় 2 ঘণ্টা। পাত্রে একটি ফুটো থাকায় জলপূর্ণ হতে $2\frac{1}{3}$ ঘণ্টা সময় লাগে। ছিদ্রটি পুরো জলকে নিষ্কাশন করতে কত সময় নেবে?
(a) 8 ঘণ্টা (b) 7 ঘণ্টা (c) $4\frac{1}{3}$ ঘণ্টা (d) 14 ঘণ্টা
53. কোনও আসলের 5% হারে 2 বছরের জন্য সাধারণ ও চক্রবৃদ্ধি সুদের পরিমাণের পার্থক্য হল 15 টাকা। তাহলে আসল হল:
(a) 6,500 টাকা (b) 5,500 টাকা (c) 6,000 টাকা (d) 7,000 টাকা
54. $9-1\frac{2}{9}$ এর $3\frac{3}{11} \div 5\frac{1}{7}$ of $\frac{7}{9} = ?$
(a) 8 (b) 9 (c) $8\frac{32}{81}$ (d) $\frac{5}{4}$
55. ক্রমান্বয়ে 10% ও 20% ছাড় একবারে কত % ছাড়ের সমান?
(a) 30% (b) 15% (c) 28% (d) 12%
56. 45%-এর 750 – 25%-এর 480 = ?
(a) 216 (b) 217.50 (c) 245 (d) 236.50
57. $\frac{17.26 \div ?}{36 \times 0.2} = 200.$
(a) 0.12 (b) 120 (c) 1.20 (d) 12
58. যদি $\frac{a}{b} = \frac{7}{9}$, $\frac{b}{c} = \frac{3}{5}$ হয় তাহলে a : b : c কত হবে?
(a) 7 : 9 : 15 (b) 7 : 9 : 5 (c) 21 : 35 : 45 (d) 7 : 3 : 15
59. যদি $\sqrt{289} \div \sqrt{x} = \frac{1}{5}$ হয়, তাহলে 'x' কত হবে?
(a) 7225 (b) $\frac{17}{25}$ (c) $\frac{25}{17}$ (d) 425

এরপর এগারোর পাতায়

# কেন্দ্রীয় বাহিনীতে ৫৪৯৫৩

## কনস্টেবল ও রাইফেলম্যান

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**Direction (1 to 10):** *Find out the related word/letter/number from the given alternatives.*
1. Yard : Inch : : Quart : ?
(a) Liquid (b) Milk (c) Ounce (d) Gallon
2. Pesticide : Crop : : Anticeptic : ?
(a) Wound (b) Clothing (c) Bleeding (d) Bandage
3. Star : Constellation : : Soldier : ?
(a) Regiment (b) War (c) Bravery (d) School
4. Bee : Hive : : Dog : ?
(a) Nest (b) Kennel (c) Coop (d) Stable
5. ABCD : ZYXW : : EFGH : ?
(a) PONM (b) XYZW (c) TSRQ (d) VUTS
6. ELJH : MTRP : : UBZX : ?
(a) DJIG (b) CJHF (c) CIGE (d) CBYA
7. 8 : 81 : : 64 : ?
(a) 525 (b) 125 (c) 250 (d) 625
8. Line : Square : : Arc : ?
(a) Ring (b) Sphere (c) Circle (d) Ball
9. 9 : 99 : : 11 : ?
(a) 111 (b) 101 (c) 110 (d) 121
10. Ecology : Environment : : Histology : ?
(a) Fossils (b) History (c) Tissues (d) Hormones
11. Identify the wrong number in the given series.
21, 45, 72, 36, 12, 54, 27
(a) 27 (b) 45 (c) 36 (d) 12
12. If TOOLS is written as STOOL then, WORDS is written as:
(a) SROWD (b) ROWDS (c) SWORD (d) WORSD
13. If SELECTION is coded as 856539742, then SESSION will be coded as:
(a) 8397428 (b) 8688472 (c) 8588742 (d) 8588427
14. In a row of houses, the house with a terrace is 25th from left end and 4th from the right end. How many houses are there in the row?
(a) 29 (b) 26 (c) 27 (d) 28
15. Soma scored more than Dipa. Rusha scored as much as Anushka. Seema scored less than Vanu. Dipa scored more than Rusha. Vanu scored less than Anuska. Who scored the lowest?
(a) Vanu (b) Seema (c) Dipa (d) Anushka
16. If blue means pink, pink means green, green means yellow, yellow means red and red means white, then what is the colour of turmeric?
(a) Green (b) Pink (c) Yellow (d) Red
17. From the given alternative words, select the word which can be formed using the letters of the given word.
Measurement
(a) Master (b) Summit (c) Assure (d) Mantle
18. If '–' = +; '+' = ×; '÷' = –; '×' = ÷, then 27 × 3 ÷ 6 + 9 – 8 = ?
(a) 14.5 (b) – 37 (c) 15 (d) 3.5
**Direction (19 to 20):** *Which word comes last in the dictionary?*
19. Bonanza, Beautiful, Balance, Bottle
(a) Bottle (b) Bonanza (c) Beautiful (d) Balance
20. seize, Season, Secret, Seed
(a) Seed (b) Seize (c) Season (d) Secret
**Direction (21 to 30):** *Find out the odd word/letter/number from the given alternatives.*
21. (a) Beak (b) Wing (c) Fin (d) Rudder
22. (a) Triangle (b) Circle (c) Square (d) Sphere
23. (a) Lodge (b) Mansion (c) Inn (d) Tent
24. (a) CBUV (b) IISO (c) RQOP (d) YXTU
25. (a) ACEG (b) PRTV (c) JHMX (d) LNPR
26. Who captured Delhi from the rebels for the British?
(a) Hugh Wheeler (b) Collin Campbell (c) John Nicholson (d) Hugh Rose
27. Match the following

| Name | Positions |
|---|---|
| A. Rajagopalachari | 1. Leader of the society called 'Red Shirts'. |
| B. Khan Abdul Ghaffar Khan | 2. Founder of the Natonal Indian Association |
| C. Mary Carpenter | 3. Founder of the British Indian Association |

এরপর বারোর পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

60. যদি x হয় y-এর 90%, তাহলে y, x-এর কত % হবে?
(a) 111.1 (b) 190 (c) 1900 (d) 101.12

61. $399.9 + 206 \times 11.009 + 2.246 = ?$
(a) 6444 (b) 4666 (c) 2670 (d) 2760

62. হরিপদ বসাক 423 টাকায় একটি স্টোভ বিক্রি করায় তাঁর 6% ক্ষতি হয়। কত টাকায় বিক্রি করলে তাঁর 8% লাভ হত?
(a) 500 টাকা (b) 486 টাকা (c) 400 টাকা (d) 475 টাকা

63. দু'টি সংখ্যার ল.সা.গু. 1820 এবং গ.সা.গু. 26। যদি একটি সংখ্যা 130 হয়, তাহলে দ্বিতীয়টি কত হবে?
(a) 70 (b) 1690 (c) 364 (d) 1264

64. সরল করুন: $8\frac{1}{2}-\left[3\frac{1}{4}\div\left\{1\frac{1}{4}-\frac{1}{2}\left(1\frac{1}{2}-\frac{1}{3}-\frac{1}{6}\right)\right\}\right]$
(a) $4\frac{1}{2}$ (b) $4\frac{1}{6}$ (c) $9\frac{1}{2}$ (d) $\frac{2}{9}$

65. দু'প্রকার ব্লেন্ডেড চায়ে দার্জিলিং ও অসম চায়ের অনুপাত যথাক্রমে 2 : 7 এবং 1: 5, এই দু'প্রকার মিশ্র চা কী অনুপাতে মেশালে নতুন ব্লেন্ডে দার্জিলিং ও অসম চায়ের অনুপাত 1 : 4 হবে?
(a) 3 : 2 (b) 1 : 2 (c) 6 : 7 (d) 4 : 3

66. বার্ষিক 6% সরল সুদের হারে কত টাকার 7 বছরের সুদ 147 টাকা হবে?
(a) 350 টাকা (b) 450 টাকা (c) 550 টাকা (d) 650 টাকা

67. $6666 \div 66 \div 2 = ?$
(a) $50\frac{1}{2}$ (b) 202 (c) 101 (d) 222

68. একটি গ্রামের জনসংখ্যার 12% বিদ্যালয়ের ছাত্র। যদি ওই গ্রামের মোট জনসংখ্যা 1225 হয়, তবে তার মধ্যে কতজন বিদ্যালয়ে পড়াশোনা করে?
(a) 115 জন (b) 147 জন (c) 167 জন (d) 153 জন

69. $16.50 \div 1.5 \div 1.1 \div 0.5 = ?$
(a) 5 (b) 20 (c) 10 (d) 55

70. 12 জন ব্যক্তি 8 দিনে কোনও কাজ করতে পারেন। তাঁরা কাজ শুরু করার 3 দিন পরে আরও 3 জন তাঁদের সঙ্গে যোগ দিলেন। কতদিনে বাকি কাজ শেষ হবে?
(a) 6 (b) 8 (c) 4 (d) 2

71. $(2.4 \times 10^3) \div (8 \times 10^{-2}) = ?$
(a) $3 \times 10^6$ (b) $3 \times 10^4$ (c) $3 \times 10^5$ (d) এর কোনওটিই নয়

72. যদি $p=\frac{5}{8}$, $q=\frac{7}{12}$, $r=\frac{13}{16}$ এবং $s=\frac{16}{29}$ হয় তাহলে:
(a) $p<q<r<s$ (b) $s<q<p<r$ (c) $p<r<q<s$ (d) $s<r<p<q$

73. $695.95 \div 29.07 \times 7 + 40.25 = 399.99$
(a) 14 (b) 17 (c) 12 (d) 15

74. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 15 মিটার এবং প্রস্থ 8 মিটার। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত কত?
(a) 1 : 5 (b) 15 : 8 (c) 8 : 15 (d) 3 : 8

75. $\sqrt{10000}+\frac{3.001}{4.987}$-এর $1891.992 = ?$
(a) 2500 (b) 1230 (c) 1640 (d) 1525

76. 8টি অঙ্ক বই কিনতে যদি 56 টাকা লাগে, তবে 11টি অঙ্ক বই কিনতে কত টাকা লাগবে?
(a) 77 টাকা (b) 66 টাকা (c) 55 টাকা (d) 33 টাকা

77. $39.05 \times 14.95 - 27.99 \times 10.12 = (36 + x) \times 5$. x-এর মান কত?
(a) 24 (b) 34 (c) 44 (d) 54

78. $2.5 \times 0.25 \times 0.004 = x \times (0.05)^2$, x-এর মান কত?
(a) 1 (b) 0 (c) −1 (d) −2

79. $(0.01024)^{1/5} = ?$
(a) 4.0 (b) 0.04 (c) 0.4 (d) 0.00004

80. $479 \times 16 - 189 \times 32 = ?$
(a) 1616 (b) 1606 (c) 4140 (d) 4064

81. কোন সংখ্যাকে 0.61 দ্বারা গুণ করার পরিবর্তে 6.1 দ্বারা গুণ করলে গুণফল 2745 বৃদ্ধি পায়?
(a) 650 (b) 600 (c) 500 (d) 450

82. 300 মিটার দৌড় প্রতিযোগিতায় A, B-কে 20 মিটারে এবং B, C-কে 30 মিটারে পরাজিত করে। সমদূরত্বের প্রতিযোগিতায় A, C-কে পরাজিত করে:
(a) 50 মিটারে (b) 10 মিটারে (c) 38 মিটারে (d) 48 মিটারে

83. একটি বর্গাকার ঘরের মেঝেতে টালি বসানো হয়। প্রতিটি 64 সেমি, বর্গমাপের টালির দাম 35 পয়সা। টালি বসাতে মোট 50.40 টাকা খরচ হলে, মেঝের দৈর্ঘ্য:
(a) 7.68 মিটার (b) 6.68 মিটার (c) 5.34 মিটার (d) 8.67 মিটার

84. A ও B-এর বয়সের গড় 9 বছর 4 মাস এবং B ও C-র বয়সের গড় 4 বছর 8 মাস। A ও C-র বয়সের পার্থক্য:
(a) $9\frac{1}{3}$ বছর (b) 9.2 বছর (c) $9\frac{1}{2}$ বছর (d) 9.4 বছর

85. দু'টি সমপরিমাণ অর্থ 10% ও $12\frac{1}{2}$% সরল সুদে জমা রাখার এক বছর পর মোট সুদ-আসল হয় 17,800 টাকা। প্রতিক্ষেত্রে কত টাকা জমা রাখা হয়েছিল?
(a) 6000 টাকা (b) 8000 টাকা (c) 8900 টাকা (d) 9900 টাকা

86. কোনও লম্ব বৃত্তাকার শঙ্কুর ভূমির ক্ষেত্রফল 28.26 বর্গমিটার। $\frac{1}{\pi}$ মিটার উচ্চতা হলে ওই শঙ্কুর আয়তন কত হবে?
(a) $3m^3$ (b) $9\pi m^3$ (c) $9m^3$ (d) $\pi m^3$

87. এক বিক্রেতা তার ক্রয়মূল্যের ওপর 20% বাড়িয়ে রাখে ও বিক্রি করার সময় খরিদ্দারকে 10% ছাড় দিলে দোকানদারের লাভ শতকরা কত হবে?
(a) 16% (b) 12% (c) 10% (d) 8%

88. একটি চাকার ব্যাস $\frac{7}{11}$ মিটার, চাকাটি মিনিটে 20 বার ঘোরে। এক ঘণ্টায় চাকাটি কত পথ যাবে?
(a) 40 মিটার (b) 60 মিটার (c) 1,200 মিটার (d) 2,400 মিটার

89. 5টি চেয়ারের বিক্রয়মূল্য 3টি চেয়ারের ক্রয়মূল্যের সমান হলে লাভের বা ক্ষতির হার কত?
(a) 20% লাভ (b) 25% লাভ (c) 33.30% ক্ষতি (d) 40% ক্ষতি

90. এমন কোনও বহুভুজের সংখ্যা নির্ণয় করুন, যার অন্তঃকোণের সমষ্টি 6 সমকোণ:
(a) 5 (b) 6 (c) 7 (d) 8

91. এক পুস্তক বিক্রেতা 200টি বই 12000 টাকায় কেনেন। তিনি এমনভাবে বিক্রি করতে চান যাতে তিনি 20টি বই বিক্রয়মূল্যে পান। তাহলে বিক্রি করে তিনি শতকরা কত লাভ করেন?
(a) 10% (b) 11% (c) 22.5% (d) 12%

92. কোনও কলেজের ভোটে বিজয়ী প্রার্থী 62% ভোট পেয়ে পরাজিত প্রার্থীকে 144 ভোটে পরাজিত করেছে, তাহলে ওই কলেজে মোট ভোটার কত ছিল?
(a) 600 (b) 800 (c) 925 (d) 1,200

93. একটি নল 2 ঘণ্টায় কোনও ট্যাঙ্ক জলভর্তি করে। অপর নল ওই ট্যাঙ্ক 1 ঘণ্টায় ভর্তি করে। তাদের ব্যাসের অনুপাত কত?
(a) 1 : 2 (b) 2 : 1 (c) $1 : \sqrt{2}$ (d) 1: 4

94. কমল 144 বাক্স লেবু বিক্রি করে 6টি বাক্সের বিক্রয়মূল্যের ক্ষতি করে। যদি মোট বিক্রয়মূল্য 7,200 টাকা হয়, তাহলে একটি বাক্সের বিক্রয়মূল্য কত টাকা?
(a) 40 টাকা (b) 38 টাকা (c) 48 টাকা (d) 50 টাকা

95. 160 মিটার দীর্ঘ একটি ট্রেন ঘণ্টায় 40 কিলোমিটার বেগে যায়। ট্রেনটি কত সেকেন্ডে 140 মিটার একটি সেতুকে অতিক্রম করে?
(a) 25 সেকেন্ডে (b) 29 সেকেন্ডে (c) 27 সেকেন্ডে (d) 23 সেকেন্ডে

96. কোনও বিক্রেতা 10% লাভে কোনও জিনিস বিক্রি করেন। যদি তিনি তা দ্বিগুণ দামে বিক্রি করেন তাহলে তাদের লাভের হার কত হবে?
(a) 20% (b) 100% (c) 110% (d) 120%

97. কোনও জিনিসের কর 15% কমে যায় কিন্তু ব্যবহার 20% বেড়ে যায়, তাহলে জিনিসের করের আয়ের ক্ষেত্রে কী পরিবর্তন হবে?
(a) 5% বাড়বে (b) 2% বাড়বে (c) 5% কমবে (d) 2% কমবে

98. 20 মিটার × 16 মিটার × 12 মিটার দৈর্ঘ্যবিশিষ্ট একটি ঘরের সবচেয়ে বড় কত দৈর্ঘ্যের (মিটারে) দণ্ড প্রয়োজন?
(a) 30 (b) $15\sqrt{2}$ (c) 60 (d) $20\sqrt{2}$

99. x একটি ধনাত্মক সংখ্যা হলে, তবে $6^{2x}-1$ এই রাশিটি কত দিয়ে বিভাজ্য?
(a) 11 (b) 5 (c) 7 (d) 5 ও 7 উভয়ই

100. কোনও ঘনকের আয়তন 512 সেমি হলে তার সমগ্র তলের ক্ষেত্রফল কত বর্গসেমি?
(a) 64 (b) 256 (c) 384 (d) 512

### উত্তর

1(c), 2(b), 3(a), 4(c), 5(c), 6(b), 7(b), 8(a), 9(c), 10(d), 11(d), 12(c), 13(c), 14(a), 15(b), 16(d), 17(a), 18(c), 19(a), 20(a), 21(b), 22(d), 23(c), 24(c), 25(a), 26(c), 27(b), 28(b), 29(b), 30(b), 31(b), 32(a), 33(a), 34(b), 35(a), 36(d), 37(c), 38(a), 39(a), 40(b), 41(a), 42(c), 43(a), 44(b), 45(d), 46(b), 47(d), 48(a), 49(a), 50(b), 51(b), 52(d), 53(c), 54(a), 55(c), 56(b), 57(a), 58(a), 59(a), 60(a), 61(c), 62(b), 63(c), 64(b), 65(a), 66(a), 67(a), 68(b), 69(b), 70(c), 71(b), 72(b), 73(d), 74(b), 75(b), 76(a), 77(a), 78(a), 79(c), 80(a), 81(c), 82(d), 83(a), 84(a), 85(b), 86(a), 87(d), 88(d), 89(d), 90(a), 91(a), 92(a), 93(c), 94(c), 95(c), 96(d), 97(b), 98(d), 99(d), 100(c).

### সমাধান

51(b): $\sqrt{0.01}+\sqrt{0.81}+\sqrt{1.21}+\sqrt{0.0009}$
$= 0.1 + 0.9 + 1.1 + 0.03 = 2.13$.

52(d): ছিদ্রের দ্বারা 1 ঘণ্টায় বহির্গত জল $=\frac{1}{2}-\frac{3}{7}=\frac{1}{14}$
∴ শুধু ছিদ্রের সময় লাগবে = 14 ঘণ্টা।

53(c): আসল $=\left(15\times\frac{100}{5}\times\frac{100}{5}\right)$ টাকা = 6000 টাকা।

54(a): $9-\frac{11}{9}$ এর $\frac{36}{11}\div\frac{36}{7}$ এর $\frac{7}{9}=9-4\div4=9-1=8$.

55(c): একক ছাড় $=\left\{(10+20)-\frac{10\times20}{100}\right\}\% = 28\%$.

56(b): $\frac{45}{100}\times750-\frac{25}{100}\times480=337.5-120=217.50$.

57(a): $17.28 \div x = 200 \times 3.6 \times 0.2$
or, $\frac{17.28}{x}=144$ ∴ $x=\frac{17.28}{144}=0.12$.

58(a): a : b = 7 : 9, b : c = 3 : 5 = 9 : 15
∴ a : b : c = 7 : 9 : 15.

59(a): $\sqrt{289}\div\sqrt{x}=\frac{1}{5}$ or, $=\sqrt{\frac{289}{x}}=\frac{1}{5}$ or, $x = 289 \times 25 = 7225$.

60(a): x = y-এর 90% or, $x=\frac{90}{100}y$ or, $\frac{y}{x}=\frac{100}{90}$
$\frac{y}{x}\times100=\frac{100}{90}\times100=111.1\%$ ∴ y, x-এর 111.1%.

61(c): $399.9 + 206 \times 11.009 + 2.246 = 399.9 + 2267.85 + 2.246 = 2670$.

62(b): বিক্রয়মূল্য $=423\times\frac{100}{(100-6)}\times\frac{(100+8)}{100}$
$=423\times\frac{108}{94}=9\times54=486$ টাকা।

63(c): দ্বিতীয় সংখ্যাটি $=\frac{1820\times26}{130}=364$.

64(b): নির্ণেয় উত্তর $=\frac{25}{6}=4\frac{1}{6}$.

65(a): ধরা যাক, প্রথম ব্লেন্ডের 9x কিলোগ্রামের সঙ্গে দ্বিতীয় ব্লেন্ডের 6y কিলোগ্রাম মেশাতে হবে
$\frac{2x+y}{7x+5y}=\frac{1}{4}$ or, $8x + 4y = 7x + 5y$ or, $x = y$
ধরি, x = y = 1
অনুপাত = 9 × 1 : 6 × 1 = 3 : 2 ∴ প্রথম ব্লেন্ড : দ্বিতীয় ব্লেন্ড = 3 : 2.

66(a): নির্ণেয় আসল $=\frac{147\times100}{7\times6}=350$ টাকা।

67(a): $6666\div66\div2=\frac{6666}{66\times2}=\frac{101}{2}=50\frac{1}{2}$.

68(b): বিদ্যালয়ে পড়াশোনা করে = 1225-এর $\frac{12}{100}=147$.

69(b): $16.50\div1.5\div1.1\div0.5=\frac{16.50}{1.5\times1.1\times0.5}=20$.

70(c): বাকি দিন = (8 − 3) = 5 দিন
এবং মোট লোক = (12 + 3) = 15 জন
∴ নির্ণেয় দিন $=\frac{12\times5}{15}=4$.

71(b): $\frac{24\times10^3}{8\times10^{-2}}=\frac{24\times10^3\times10}{8}=3\times10^4$.

72(b): $p=\frac{5}{8}=0.625$, $q=\frac{7}{12}=0.583$, $r=\frac{13}{16}=0.812$, $s=\frac{16}{29}=0.551$
∴ $s<q<p<r$.

73(d): $695.95 \div 29.07 \times x \div 40.25 = 399.99$
or, $23.94 \times x = 399.99 - 40.25$ ∴ $x=\frac{359.74}{23.94}=15.02\cong15$.

74(b): দৈর্ঘ্য : প্রস্থ = 15 : 8.

75(b): $\sqrt{10000}+\frac{3.001}{4.987}$-এর $1891.992 = 100 + 1138.6 = 1238.6 \cong 1230$.

76(a): নির্ণেয় টাকা $=\frac{56}{8}\times11=77$ টাকা।

77(a): $39.05 \times 14.95 - 27.99 \times 10.12 = (36 + x) \times 5$
or, $36+x=\frac{300.5387}{5}$ or, $x = 60.10774 - 36 = 24.10774 \cong 24$.

78(a): $2.5 \times 0.25 \times 0.004 = x \times (0.05)^2$
∴ $x = (2.5 \times 0.25 \times 0.004) \div (0.05)^2 = 1$.

79(c): $(0.01024)^{1/5}=\left[(0.4)^5\right]^{1/5}=0.4$.

80(a): $479 \times 16 - 189 \times 32 = 7664 - 6048 = 1616$.

81(c): সংখ্যা = 2,745 ÷ (6.1 − 0.61) = 2.745 ÷ 5.49 = 500.

82(d): 300 মিটারে A, C-র পার্থক্য হবে $=\left\{(30+20)-\frac{30\times20}{300}\right\}=48$ মিটার।

83(a): মোট টালির সংখ্যা = (50.40 ÷ 0.35) = 144
∴ ঘরের দৈর্ঘ্য = (64 সেমি × $\sqrt{144}$) = (64 × 12) = 768 সেমি = 7.68 মিটার।

84(a): A ও C-র বয়সের পার্থক্য = 2(9 বছর 4 মাস − 4 বছর 8 মাস)
= (2 × 4 বছর 8 মাস) = 9 বছর 4 মাস = $9\frac{1}{3}$ বছর।

85(b): যদি প্রতিক্ষেত্রে আসল = 100 টাকা
1 বছর পর মোট সুদ-আসল $=\left\{(100+10)+(100+12\frac{1}{2})\right\}\%$
$=222\frac{1}{2}\%$ বা, $\frac{89}{40}$ অংশ
এখানে $\frac{89}{40}$ অংশ = 17,800 টাকা ∴ 1 অংশ $=\left\{17800\times\frac{40}{89}\right\}=8000$ টাকা।

86(a): ব্যাসার্ধ r, $\pi r^2 = 28.26$
∴ আয়তন $=\frac{1}{3}\pi r^2h=\frac{4}{3}\times28.26\times\frac{1}{\pi}$
$=\left(\frac{1}{3}\times28.26\times\frac{1}{3.14}\right)=3$ ঘনমিটার [∵ π = 3.14]

87(d): শতকরা লাভের হার $=\left\{(20-10)-\frac{20\times10}{100}\right\}\%=8\%$.

88(d): চাকার ব্যাসার্ধ $=\frac{7}{22}$ মিটার
1 মিনিটে অতিক্রান্ত পথ $=20\times2\times\frac{22}{7}\times\frac{7}{22}$ মিটার = 40 মিটার
∴ 1 ঘণ্টায় অতিক্রান্ত পথ = (40 × 60) = 2400 মিটার।

89(d): ক্ষতির হার $=\left(\frac{5-3}{5}\times100\right)\%=40\%$

*এরপর বারোর পাতায়*

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## কেন্দ্রীয় বাহিনীতে ৫৪৯৫৩ কনস্টেবল ও রাইফেলম্যান

*দশের পাতার পর*

D. Debendranath Tagore    4. First Indian Governor General of Independent India

Codes

| | A | B | C | D |
|---|---|---|---|---|
| (a) | 4 | 1 | 2 | 3 |
| (b) | 2 | 1 | 3 | 4 |
| (c) | 1 | 3 | 2 | 4 |
| (d) | 3 | 4 | 1 | 2 |

28. The largest population of Scheduled Tribes is in:
(a) Himachal Pradesh (b) Madhya Pradesh (c) Chattisgarh (d) Jharkhand
29. Vestigial pelvic girdle and bones of hind limbs are characteristic of:
(a) Seals (b) Sharks (c) Dolphins (d) Whales
30. Which one among the following animals is a mammal?
(a) Gharial (b) Hornbill (c) Platypus (d) Great Indian Bustard
31. Computed Tomography scan is done by using which rays?
(a) Alpha (b) Beta (c) X-rays (d) Gama
32. X-rays are ______ waves.
(a) longitudinal (b) transverse (c) elastic (d) electromagnetic
33. Cause of muscle cramp is:
(a) lack of coordination (b) accumulation of lactic acid (c) Hyperventilation (d) poor flexibility
34. When ice is heated from 0°C to 10°C, the volume of water:
(a) Increases steadily (b) Decreases steadily (c) First increases then decreases (d) First decreases then increases
35. 'Operation Flood' is associated with:
(a) Wheat Production (b) Milk Production (c) Water harvesting (d) Flood Control
36. Which of the following statements about Ryotwari system is/are correct?
(i) The government collected the revenue directly from the individual cultivators.
(ii) The cultivators were not recognised in law as the owners of the land.
Select the correct answer using the codes given below.
(a) Only (i) (b) Only (ii) (c) Both (i) and (ii) (d) Neither (i) nor (ii)
37. When the temperature of a metallic conductor is increased its resistance:
(a) always decreases (b) always increases (c) may increase or decrease (d) remains the same
38. Consider the following statements
(i) Insects are largest group of arthropods.
(ii) They have an exoskeleton.
(iii) They have a pair of compound eyes which provide them good eyesight.
Which is/are not correct?
(a) (i) and (iii) (b) (ii) only (c) (iii) only (d) None of the above
39. Which one among the following diseases is not caused by polluted water?
(a) Typhoid (b) Jaundice (c) Tuberculosis (d) Dysentry
40. Which of the following is the main characteristic of Mediterranean climate?
(a) High temperature throughout the year (b) Rainfall throughout the year (c) Rain in winter season (d) Convectional rain
41. Parliament of China is known as:
(a) National Peoples Assembly (b) National Peoples Congress (c) The National Parliament of China (d) Peoples House of China
42. Rani Lakshmi Bai died fighting the British in the battle of:
(a) Kalpi (b) Jhansi (c) Gwalior (d) Kanpur
43. Which one of the following statements is correct?
(a) Kashmir was annexed to Mughal Empire by Humayun (b) Gujrat was annexed to Mughal Empire by Akbar (c) Malwa was annexed to Mughal Empire by Jahangir (d) Khandesh was annexed to Mughal Empire by Shahjahan
44. Which one of the following statements is correct?
Hurricanes:
(a) form at the equator (b) are not as large as tornadoes (c) develop over warm ocean areas (d) tend to intensify when they move over land surfaces
45. The Indian Constitution closely follows the constitutional system of:
(a) USA (b) UK (c) Russia (d) Germany
46. The function of which of the following hormones is independent of secretion of pituitary gland?
(a) Parathyroid hormone (b) Testosterone (c) Thyroxin (d) Corticosteroids
47. An electron microscope can be used for viewing:
(a) electrons and other elementary particles (b) inside of the human eye (c) inside of the human stomach (d) structure of bacteria and viruses
48. Rainfall in the doldrums is of the nature of:
(a) Orographic precipitation (b) Natural precipitation (c) Frontal precipitation (d) Convectional precipitation
49. In medieval India, during the reign of Shivaji, the role of the official called 'Chitnis' was to:
(a) be the in-charge of king's personal security guard (b) be the in-charge of intelligence/espionage activity (c) be the master of ceremonies in the royal court (d) be assisting the king with his correspondence
50. Who was assigned the first Iqta in India by Mohammad Ghori?
(a) Shamsuddin Iltutmish (b) Qutubuddin Aibak (c) Tajuddin Yalduz (d) Nasiruddin Qubacha

**Direction (51 to 55):** *Find out the suitable one word for the given expressions.*

51. The noise of things hitting against each other:
(a) rattle (b) stumble (c) rumble (d) stampede
52. Talking in a low voice that is difficult to hear:
(a) stammer (b) mutter (c) scream (d) grumble
53. A large area of land that is planted with trees:
(a) plantation (b) granary (c) forest (d) field
54. A mixture of loud and unpleasant sounds:
(a) noise (b) quarrel (c) cacophony (d) chaos
55. One who does not care for literature or art:
(a) Barbarian (b) Philistine (c) Illiterate (d) Primitive

**Direction (56 to 60):** *Fill in the blanks with suitable words from the given alternatives.*

56. The letter had been ____ under a pile of paper.
(a) placed (b) inserted (c) tucked (d) hidden
57. She ____ with relief that it was all over.
(a) sighed (b) breathed (c) relaxed (d) expressed
58. Later, he _____ another paragraph into his will.
(a) added (b) inserted (c) included (d) put
59. A large quantity of arms was ____ from his house.
(a) rescued (b) seized (c) arrested (d) caught
60. She could not hide her ____ at the poor result.
(a) dismay (b) sorrow (c) distress (d) failure

**Direction (61 to 65):** *Find out the suitable alternative with which the underliend portion of the given sentences can be substituted.*

61. It is high time he <u>starts to look</u> into his own flaws before speaking ill of other.
(a) started to look (b) starts looking (c) started looking (d) No improvement
62. Let him <u>take</u> his own decision.
(a) taking (b) be taking (c) while taking (d) no improvement
63. You can't imagine <u>that she is rude and arrogant</u>.
(a) that she is rudely and arrogant (b) how rude and arrogant she is (c) what rudeness and arrogance she has (d) No improvement
64. Jack may be <u>a better player to me</u>.
(a) a better player than me (b) a better player than I (c) the better player to me (d) No improvement
65. She gave most of her time to music.
(a) spent (b) lent (c) devoted (d) No improvement

**Direction (66 to 70):** *Choose the correct meaning of the following phrase and idoms.*

66. To blind fold:
(a) to assist (b) to mislead (c) angry at (d) to manage badly
67. Join in:
(a) to be in due order (b) to make merry with (c) to come down sharply, to fall (d) to associate with
68. Glad of:
(a) to make happy (b) to follow (c) pleased to (d) to accept the challenge
69. Beyond measure:
(a) to take hollow aims (b) too much excessively (c) to die (d) to impute fault to
70. In as far as:
(a) to the extent that (b) for the reason that (c) very far distance (d) by great degrees

**Direction (71 to 75):** *Fill in the blanks with suitable phrasal verbs.*

71. The rain has _____.
(a) set out (b) set in (c) come by (d) laid by
72. ______ the exercise.
(a) Work out (b) Hold up (c) Keep down (d) Look into
73. I shall ____ my loss without your help.
(a) for (b) make out (c) make up (d) put down
74. I cannot ____ his name.
(a) call up (b) call in (c) deal with (d) hold back
75. Try to ____ your spirits.
(a) hold back (b) hold up (c) keep away (d) lay by
76. The sum age of Amar, Akbar and Anthony is 80 years. What was the total of their ages three years before?
(a) 71 years (b) 72 years (c) 74 years (d) 77 years
77. A pineapple costs Rs. 7. A watermelon costs Rs. 5. X spends Rs. 38 on these fruits. The number of pineapples purchased is:
(a) 2 (b) 3 (c) 4 (d) Data inadeuate
78. Among one of the three numbers the sum of the first two is 55, sum of the second and third is 65 and sum of third with three times of the first is 110. The third number is:
(a) 25 (b) 30 (c) 35 (d) 28
79. Among the numbers $\sqrt{2}$, $\sqrt[3]{9}$, $\sqrt[4]{16}$, $\sqrt[5]{32}$, the greatest one is:
(a) $\sqrt{2}$ (b) $\sqrt[3]{9}$ (c) $\sqrt[4]{16}$ (d) $\sqrt[5]{32}$
80. If a clock takes seven seconds to strike seven, how long will it take to strike ten?
(a) 7 seconds (b) 9 seconds (c) 10 seconds (d) None of these
81. A train running at the speed of 60 km/hr crosses a pole in 9 seconds. What is the length of train?
(a) 120 metres (b) 180 metres (c) 324 metres (d) 150 metres
82. Two trains running in opposite directions cross a man standing on the platform in 27 seconds and 17 seconds respectively and they cross each other in 23 seconds. The ratio of their speed is:
(a) 1 : 3 (b) 3 : 2 (c) 3 : 4 (d) None of these
83. A can do a work in 15 days and B in 20 days. If they work on it together for 4 days, then the fraction of the work that is left, is:
(a) $\frac{1}{4}$ (b) $\frac{1}{10}$ (c) $\frac{7}{15}$ (d) $\frac{8}{15}$

*এরপর তেরোর পাতায়*

## রাজ্য সরকারের খাদ্য দপ্তরে সাব-ইনস্পেক্টর

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

90(a): বাহুসংখ্যা = x হলে, বহুভুজের অন্তঃকোণের সমষ্টি $= 2(x - 2) \times 90^\circ$
প্রশ্নানুসারে, $2(x - 2) \times 90^\circ = 6 \times 90^\circ \therefore 2x - 4 = 6$ বা, $x = 5$.

91(a): 20টি বইয়ের মূল্য $\frac{12000}{200} \times 20 = 1200$ টাকা
$\therefore$ লাভের হার $= \left(\frac{1200}{12000} \times 100\right)\% = 10\%$.

92(a): পরাজিত প্রার্থী ভোট পায় $= (100 - 62)\% = 38\%$
$\therefore (62 - 38)\% = 144$ or, $24\% = 144$
$\therefore 100\% = \frac{144 \times 100}{24} = 600$.

93(c): ব্যাসার্ধ $r_1$ ও $r_2$ হলে, $= \frac{\pi r_1^2}{\pi r_2^2} = \frac{r_1^2}{r_2^2} = \frac{1}{2}$

$\frac{2r_1}{2r_2} = \frac{D_1}{D_2} = \frac{1}{\sqrt{2}} \therefore D_1 : D_2 = 1 : \sqrt{2}$

94(c): বিক্রয়মূল্য = ক্রয়মূল্য – ক্ষতি
144টির বিক্রয়মূল্য = 144টির ক্রয়মূল্য – 6টি বাক্সের বিক্রয়মূল্য
150টির বিক্রয়মূল্য = 7200 টাকা
$\therefore$ 1টির বিক্রয়মূল্য $= \frac{7200}{150} = 48$ টাকা।

95(c): ট্রেনটির সেকেন্ডে গতিবেগ $= \left(40 \times \frac{5}{18}\right)$ মিটার
$\therefore$ নির্ণেয় সময় $= (160 + 140) \times \frac{18}{40 \times 5} = \frac{300 \times 18}{40 \times 5} = 27$ সেকেন্ড।

96(d): ক্রয়মূল্য = 100 টাকা
বিক্রয়মূল্য = 100 + 10 = 110 টাকা
দ্বিতীয় ক্ষেত্রে বিক্রয়মূল্য = 2 × 110 = 220 টাকা
লাভ = 220 – 100 = 120 টাকা
$\therefore$ লাভ = 120%.

97(b): নতুন আয় $= (100 - 15)\% \times (100 + 20)\% = 85\% \times 120\% = 102\%$
$\therefore$ আয় বাড়বে $= 102\% - 100\% = 2\%$.

98(d): কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{(20)^2 + (16)^2 + (12)^2} = \sqrt{800} = 20\sqrt{2}$.

99(d): $6^{2x} - 1$-এর $x = 1$ ধরি,
$\therefore 6^2 - 1 = 35$, এটি 5 ও 7 উভয় সংখ্যা দ্বারা বিভাজ্য।

100(c): ধরি, ঘনকের বাহুর দৈর্ঘ্য = a
$\therefore a^3 = 512, a = 8$
$\therefore$ সমগ্রতলের ক্ষেত্রফল $= 6a^2 = 6 \times 8^2 = 384$ বর্গসেমি।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ ও পলাশ কান্তি মণ্ডল*

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## কেন্দ্রীয় বাহিনীতে ৫৪৯৫৩ কনস্টেবল ও রাইফেলম্যান

বারোর পাতার পর

84. A can do a piece of work in 4 hours, B and C together can do it in 3 hours, while A and C together can do it in 2 hours. How long will B alone take to do it?
(a) 8 hours (b) 10 hours (c) 12 hours (d) 24 hours

85. Find the greatest number that will divide 43, 91 and 183 so as to leave the same remainder in each case.
(a) 4 (b) 7 (c) 9 (d) 13

86. The greatest number of four digits which is divisible by 15, 25, 40 and 75 is:
(a) 9000 (b) 9400 (c) 9600 (d) 9800

87. The product of two numbers is 4107. If the HCF of these numbers is 37, then the greater number is:
(a) 101 (b) 107 (c) 111 (d) 185

88. The cube root of 0.000216 is:
(a) 0.6 (b) 0.06 (c) 77 (d) 87

89. $\sqrt{1.5625}$ = ?
(a) 1.05 (b) 1.25 (c) 1.45 (d) 1.55

90. If $3\sqrt{5}+\sqrt{125}$ = 17.88, then what will be the value of $\sqrt{80}+6\sqrt{5}$ ?
(a) 13.41 (b) 20.46 (c) 21.66 (d) 22.35

91. The HCF and LCM of two numbers are 12 and 336 respectively. If one of the numbers is 84, the other is:
(a) 36 (b) 48 (c) 72 (d) 96

92. A boy was asked to multiply a certain number by 50. He multiplied it by 30 and got his answer less than the correct one by 400. The numebr to be multiplied was:
(a) 10 (b) 20 (c) 30 (d) 40

93. The sum of three consecutive odd natural numbers each divisible by 3 is 72. What is the largest among them?
(a) 21 (b) 24 (c) 27 (d) 33

94. The cost price of 36 books is equal to the selling price of 30 books. The gain is:
(a) $16\frac{2}{3}$ % (b) 18% (c) 20% (d) 25%

95. An object travels the first 300 km of its journey of 500 km in 6 hrs. and the rest 200 km in 10 hrs. Then its average speed is:
(a) 29.25 km/ph (b) 30.25 km/ph (c) 30.75 km/ph (d) 31.25 km/ph

96. The least integer by which 3969 be multiplied to make it a perfect cube is:
(a) 7 (b) 9 (c) 21 (d) 63

97. Two pipes A and B can fill a tank separately in 16 minutes and 24 minutes respectively. By opening 2 pipes together, after how much time the pipe A should be closed so that tank can be filled in 12 minutes altogether?
(a) 4 min (b) 5 min (c) 6 min (d) 8 min

98. 10 men and 8 boys can do same work as 4 men and 20 boys can do. Then how many men can do the work of 16 boys?
(a) 6 (b) 8 (c) 10 (d) 12

99. A man can row 15 km/hr downstream and 9 km/hr upstream. The speed of the boat in still water is:
(a) 8 km/hr (b) 10 km/hr (c) 12 km/hr (d) 15 km/hr

100. A sum of money amounts to Rs. 5,200 in 5 years and Rs. 5,680 in 7 years at simple interest. The rate of interest per annum is:
(a) 3% (b) 4% (c) 6% (d) 8%

### Answers

1(c), 2(a), 3(a), 4(b), 5(d), 6(b), 7(d), 8(c), 9(d), 10(c), 11(c), 12(c), 13(c), 14(d), 15(b), 16(d), 17(a), 18(b), 19(a), 20(b), 21(a), 22(c), 23(d), 24(b), 25(c), 26(c), 27(a), 28(b), 29(d), 30(c), 31(c), 32(d), 33(b), 34(d), 35(b), 36(a), 37(b), 38(d), 39(c), 40(c), 41(b), 42(a), 43(b), 44(c), 45(b), 46(a), 47(d), 48(a), 49(d), 50(b), 51(a), 52(b), 53(a), 54(c), 55(b), 56(c), 57(a), 58(b), 59(b), 60(a), 61(c), 62(d), 63(b), 64(b), 65(c), 66(b), 67(d), 68(c), 69(b), 70(a), 71(b), 72(a), 73(c), 74(a), 75(b), 76(a), 77(c), 78(c), 79(b), 80(d), 81(d), 82(b), 83(d), 84(c), 85(a), 86(c), 87(c), 88(b), 89(b), 90(d), 91(b), 92(b), 93(c), 94(c), 95(d), 96(d), 97(c), 98(b), 99(c), 100(c).

### Solutions

5(d): A B C D → Z Y X W
1 + 26 = 27
2 + 25 = 27
3 + 24 = 27
4 + 23 = 27

6(b): E L J H → M T R P
+ 8
+ 8
+ 8
+ 8

Same as,
U B Z X → C J H F
+ 8
+ 8
+ 8
+ 8

7(d): 8 : 81 :: 64 : 625
$(2)^3$ $(3)^4$ $(4)^3$ $(5)^4$

8(c): The first is the part of the second.

9(d): 9 $\xrightarrow{\times 11}$ 99, Similarly, 11 $\xrightarrow{\times 11}$ 121.

10(c): 21 45 72 [36] 12 54 27

12(c): ① ② ③ ④ ⑤ Same as, ① ② ③ ④ ⑤
T O O L S W O R D S
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
⑤ ① ② ③ ④ ⑤ ① ② ③ ④
S T O O L S W O R D

13(c): S E L E C T I O N
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
8 5 6 5 3 9 7 4 2
So, S E S S I O N
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
8 5 8 8 7 4 2

14(d): Total number of houses = (Position from left + position from right) – 1 = (25 + 4) – 1 = 29 – 1 = 28.

15(b): Soma > Dipa > Rusha = Anushka > Vanu > Seema
∴ Seema got the lowest score.

18(b): $27 \times 3 \div 6 + 9 - 8 \Rightarrow 27 \div 3 - 6 \times 9 + 8 \Rightarrow 9 - 54 + 8$
$\Rightarrow 9 + 8 - 54 \Rightarrow 17 - 54 = \boxed{-37}$

24(b):
C B U V R Q O P I J S O Y X T U
– 1 + 1 – 1 + 1 + 1 + 4 – 1 + 1

25(c):
$A \xrightarrow{+2} C \xrightarrow{+2} E \xrightarrow{+2} G$
$P \xrightarrow{+2} R \xrightarrow{+2} T \xrightarrow{+2} V$
$L \xrightarrow{+2} N \xrightarrow{+2} P \xrightarrow{+2} R$
But,
$J \xrightarrow{-2} H \xrightarrow{+2} M \xrightarrow{+11} X$

76(a): Total age (4 year) = 80
Three years ago their ages were = (80 – 3 × 3) years
= (80 – 9) years = 71 years.

77(c): Let the number of pineapples and watermelons be x and y respectively.
Then, 7x + 5y = 38
or, 5y = (38 – 7x) or, $y = \frac{38-7x}{5}$
clearly, y is a whole number, only when (38 – 7x) is divisible by 5.
This happens when x = 4.

78(c): Let, the numbers be x, y and z. ∴ x + y = 55 ... (i)
y + z = 65 ... (ii), 3x + z = 110 (iii)
By equation (iii) – (ii)
3x – y = 110 – 65 or, 3x – y = 45 ... (iv)
By equation (i) + (iv)
4x = 45 + 55 = 100 or, x = 25
from equation (iii), 75 + z = 110 or, z = 110 – 75 = 35.

79(b): $(16)^{\frac{1}{4}} = (2^4)^{\frac{1}{4}} = 2$, $\sqrt[5]{32} = (32)^{\frac{1}{5}} = (2^5)^{\frac{1}{5}} = 2$, $\sqrt[3]{9} > 2$, $\sqrt{2} < 2$.

80(d): Clearly, seven strikes of a clock have 6 intervals while 10 strikes have 9 intervals.
∴ Required time $= \left(\frac{7}{6} \times 9\right)$ seconds $= 10\frac{1}{2}$ seconds.

81(d): Speed $= \left(60 \times \frac{5}{18}\right)$ m/sec $= \left(\frac{50}{3}\right)$ m/sec
Length of the train = (Speed × Time) $= \left(\frac{50}{3} \times 9\right)$ m = 150m.

82(b): Let the speed of the two trains be x m/sec and y m/sec respectively.
Then, length of the first train = 27x metres, and length of the second train = 17y metres.
$\therefore \frac{27x+17y}{x+y} = 23$ or, 27x + 17y = 23x + 23y or, 4x = 6y
or, $\frac{x}{y} = \frac{6}{4}$ therefore, $\frac{x}{y} = \frac{3}{2}$.

83(d): A's 1 day's work $= \frac{1}{15}$, B's 1 days work $= \frac{1}{20}$
(A + B)'s 1 day's work $= \left(\frac{1}{15} + \frac{1}{20}\right) = \frac{7}{60}$
(A + B)'s 4 days' work $= \left(\frac{7}{60} \times 4\right) = \frac{7}{15}$
Therefore, remaining work $\left(1 - \frac{7}{15}\right) = \frac{8}{15}$.

84(c): A's 1 hour's work $= \frac{1}{4}$
(B + C)'s 1 hour's work $= \frac{1}{3}$, (A + C)'s 1 hour's work $= \frac{1}{2}$
(A + B + C)'s 1 hour's work $= \left(\frac{1}{4} + \frac{1}{3}\right) = \frac{7}{12}$
B's 1 hour's work $= \left(\frac{7}{12} - \frac{1}{2}\right) = \frac{1}{12}$
∴ B alone will take 12 hours to do the work.

85(a): Required number: HCF of (91 – 43), (183 – 91) and (183 – 43) = HCF of 48, 92 and 140 = 4.

86(c): Greatest number of 4 digits is 9999.
LCM of 15, 25, 40 and 75 is 600.
On dividing 9999 by 600, the remainder is 399
Required number (9999 – 399) = 9600.

87(c): Let the numbers be 37a and 37b
Then, 37a × 37b = 4107 or, ab = 3.
Now, Co-primes with product 3 are (1, 3).
So, the required numbers are (37 × 1, 37 × 3) i.e., (37, 111)
∴ Greater number 111.

88(b): $(0.000216)^{1/3} = \left(\frac{216}{100}\right)^{1/3} = \left(\frac{6 \times 6 \times 6}{10^2 \times 10^2 \times 10^2}\right)^{1/3} = \frac{6}{10^2} = \frac{6}{100}$
= 0.06.

89(b):

| | | |
|---|---|---|
| 1 | 1.5625 | 1.25 |
| | 1 | |
| 22 | 56 | |
| | 44 | |
| 245 | 1225 | |
| | 1225 | |

$\therefore \sqrt{1.5625} = 1.25$.

90(d): $3\sqrt{5} + \sqrt{125} = 17.88$
or, $3\sqrt{5} + \sqrt{25 \times 5} = 17.88$ or, $3\sqrt{5} + 5\sqrt{5} = 17.88$
or, $8\sqrt{5} = 17.88$ or, $\sqrt{5} = 2.235$
therefore, $\sqrt{80} + 6\sqrt{5} = \sqrt{16 \times 5} + 6\sqrt{5} = 4\sqrt{5} + 6\sqrt{5}$
$= 10\sqrt{5} = (10 \times 2.235) = 22.35$.

91(b): First number × Second number = HCF × LCM
or, 84 × second number = 12 × 336
∴ Second number $= \frac{12 \times 336}{84} = 48$.

92(b): Let the required number be x
∴ According to question, 50x – 30x = 400 or 20x = 400 or, x = 20.

93(c): Let the largest number is x and other two numbers are x – 3 and x – 6 ∴ x + x – 3 + x – 6 = 72, 3x = 72 + 9, $x = \frac{81}{3} = 27$.

94(c): Required profit $= \frac{36-30}{30} \times 100 = 20\%$.

95(d): Average speed $= \frac{(300+200)\text{ km}}{(6+10)\text{ hr}} = \frac{500}{16}$ km/hr
= 31.25 km/hr.

96(d): ∵ 3969 = 3 × 3 × 3 × 3 × 7 × 7, But perfect cube = $(3 \times 3 \times 7)^3$
∴ Required least integer = 3 × 3 × 7 = 63.

97(c): Let the pipe A should be closed after x min, then $\frac{12}{16} + \frac{x}{24}$ = 1 or, $\frac{36+2x}{48}$ = 1 or 36 + 2x = 48, or, 2x = 12, or x = 6

98(b): As per question, work of (10 men + 8 boys) = work of (4 men + 20 boys)
work of (20 – 8) boys = work of (10 – 4) men
∴ work of 2 boys = work of one man
∴ work of 16 boys = work of $\frac{16}{2}$ = 8 men.

99(c): Speed of boat in still water $= \frac{1}{2}$ (Rate downstream + Rate upstream) $= \frac{1}{2}(15 + 9) = \frac{1}{2} \times 24$ = 12 km/hr.

100(c): S.I for 2 years = Rs. (5,680 – 5,200) = Rs. 480
S.I for 1 year = Rs. $\left(\frac{480}{2}\right)$ = Rs. 240
S.I for 5 years = Rs. (240 × 5) = Rs. 1,200
Principal = Rs. (5,200 – 1,200) = Rs. 4,000
Rate $= \left(\frac{1{,}200 \times 100}{4{,}000 \times 5}\right)$ % p.a = 6% p.a.

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# একনজরে বিজ্ঞানের প্রশ্নোত্তর

● জলের তলায় বুদ্বুদকে চকচকে দেখার কারণ— অভ্যন্তরীণ পূর্ণপ্রতিফলন।
● বৃত্তাকার পথে চলন্ত গাড়িতে আরোহীর যে অভিজ্ঞতা হয়— কেন্দ্রাতিগ বল।
● সাধারণ রেডিওর চেয়ে এফ এম রেডিও জনপ্রিয় হওয়ার কারণ— এর মাধ্যমে শব্দের যে ব্যতিচার ঘটে তা না হওয়ায় শব্দ ভালো শোনা যায়।
● কোনও বস্তু ভাসমান অবস্থায় জলকে গরম করলে বস্তুটি আগের থেকে একটু বেশি ডুবে যাবে।
● আলোর গতি কিছুটা কমবে যে মাধ্যমে— কাচ।
● একটা লাল বস্তুকে নীল কাচের মাধ্যমে দেখাবে— কালো রঙের।
● বরফ জমা পুকুরের নীচে বরফের সংস্পর্শে থাকা জলের উষ্ণতা হবে— $0^{\circ}$ সেলসিয়াস।
● জলের মধ্যে বুদ্বুদ অবতল লেন্সের মতো ক্রিয়া করে।
● দু'টি বস্তু জলে ডোবালে যদি তারা একইরকম হালকা বোধ হয় তবে তাদের— একই আয়তন হবে।
● কোন দ্রবণে অন্য কোনও অদ্রাব্য পদার্থ যোগ করলে দ্রবণের স্ফুটনাঙ্ক বৃদ্ধি পাবে।
● যে ধাতু স্টিলের মতোই শক্ত কিন্তু ওজনে অর্ধেক— টাইটেনিয়াম।
● দুধের থেকে তার কঠিন পদার্থগুলিকে আলাদা করলে দুধের ঘনত্ব বেড়ে যায়।
● $0^{\circ}$ C, $4^{\circ}$ C, $100^{\circ}$ C উষ্ণতায় জলের ক্রমহ্রাসমান ঘনত্ব হবে— $4^{\circ}$ C, $0^{\circ}$ C ও $100^{\circ}$ C।
● চলন্ত ট্রেনে একটি বলকে ওপরে ছুড়ে দিলে বলটি তার হাতে এসে পড়বে (গতিজাড্য)।
● ক্যাপিলারি অ্যাকশন ঘটে— কেরোসিন ল্যাম্পে, কাগজ আর উদ্ভিদের শিকড় থেকে জল পাতায় পৌঁছাতে।
● স্প্রিং তুলাযন্ত্রে দণ্ডায়মান কোনও ব্যক্তি লিফটে করে ওঠার সময় তার ওজন বেড়ে যাবে।
● টেনে নিয়ে যাওয়া থেকে গড়িয়ে নিয়ে গেলে ঘর্ষণ বাধা কম হয়।
● যেগুলির ক্ষেত্রে প্রবাহের নির্দিষ্ট কোন অভিমুখে থাকবে— রাসায়নিক প্রবাহ, চুম্বক প্রবাহ।
● এই তলগুলির শক্তির ক্ষয় করার ক্ষমতা ক্রমহ্রাসমান— কালো রং করা তল, মসৃণ তল, সাদা রঙের তল।
● লবণজলে তড়িৎ বহন করে— সোডিয়াম ক্লোরাইডের আয়নগুলি।
● একটি সুর ও সাধারণ স্বরের মধ্যে পার্থক্য— নির্দিষ্ট কম্পাঙ্ক (Pitch)।
● ক্রমহ্রাসমান আলোর গতিবেগ হবে— হীরে, কাচ, জল।
● একটি চৌম্বকদণ্ড ভাঙলে দু'টি চৌম্বকদণ্ড হবে।
● মরীচিকা তৈরি হওয়ার কারণ— খুব উচ্চ তাপমাত্রায় বাতাসের মধ্য দিয়ে আলো আসার সময় তার প্রতিসরণ।
● একটি নির্দিষ্ট সুর সেতার ও বাঁশিতে হলে তার পার্থক্য বোঝার কারণ তরঙ্গ ও লাউডনেস।
● আকাশের রং নীল দেখাবার কারণ— নীল রঙের তরঙ্গদৈর্ঘ্য কম হওয়ার কারণে বাতাসের ধূলিকণা দ্বারা এই আলো বেশি বিচ্ছুরিত হয়।
● পরিষ্কার রাতের আকাশ মেঘলা রাতের চেয়ে ঠান্ডা হয়, কারণ তাপ বিকিরণে সুগম হয়।
● বায়োলজির যে সমস্ত বিষয়ের পরীক্ষা ও কাজ Physics-এর সাহায্যে করা হয় তাকে Bio-Physics বলে।
● রান্না করার সময় যে পোশাক তুলনামূলক নিরাপদ— সুতির পোশাক।
● পাহাড়ের চূড়ায় ক্লান্তি অনুভূত হওয়ার কারণ— শরীরের বাইরের চাপ কম থাকে এবং $O^2$ কম থাকে।
● ভিজে চুল আঁচড়ালে পরস্পরের আকর্ষণের কারণ— অ্যাডিশন।
● অভ্র বৈদ্যুতিক আয়রনে ব্যবহার হওয়ার কারণ— তাপের সুপরিবাহী কিন্তু বিদ্যুতের কুপরিবাহী।
● প্রেশারকুকারে রান্না তাড়াতাড়ি হওয়ার কারণ— অতিচাপে জলের স্ফুটনাঙ্ক বেড়ে যায়।
● পুকুরের জল গরমের সময় তুলনামূলক ঠান্ডা থাকে, কারণ— বাষ্পীভবন
● তড়িৎ পরিবহণের সময় এ সি ভোল্টেজ বেশি সুবিধাদায়ক, কারণ— তড়িতের ক্ষয় কম হয়।
● প্রেশারকুকারের ভিতরের তাপমাত্রা যার ওপর নির্ভর করে— প্রেশারকুকারের আয়তন।
● ফ্রিজের দরজা খুললে ঘরের উষ্ণতা বাড়বে।
● বৈদ্যুতিক লাইনে ফিউজ তার ব্যবহার করার কারণ— তড়িতের হঠাৎ বেশি মাত্রায় প্রবাহ ছেদ ঘটাতে।
● চশমা পরিহিত মানুষ মাইক্রোস্কোপ ব্যবহার করবে— চশমা পরে।
● মাটির পাত্রে জল ঠান্ডা থাকার কারণ— পাত্রের গায়ে জলের ক্রমাগত বাষ্পীভবন হয়।
● একবিন্দু জলের আয়তন গোলাকার হওয়ার কারণ— তরলের ধর্ম হল পৃষ্ঠটানের জন্য সবচেয়ে কম আয়তন নেওয়ার চেষ্টা।
● শীতের পোশাক আমাদের শরীর গরম রাখে কারণ— শরীরের তাপমাত্রা বেরিয়ে যেতে বাধা দেয়।
● মরুভূমি রাতের বেলা ঠান্ডা, কারণ— বালি তুলনামূলকভাবে দ্রুত তাপ বিকিরণ করতে পারে।
● মশার লার্ভা জন্মানো জলে কেরোসিন ছড়ালে মশার লার্ভা মরে যাবে কারণ— লার্ভাগুলির শ্বাসক্রিয়া ব্যাহত হবে।
● ফটোগ্রাফিতে সিলভার ব্রোমাইড (AgBr)ব্যবহার করার কারণ— এটা আলোর রাসায়নিক বিক্রিয়া করতে পারে।
● দুধ থেকে ক্রিম আলাদা করার জন্য দুধকে ঘোরাতে হয় কেন্দ্রাতিগ বল আনার জন্য।
● $0^{\circ}$ C থেকে $10^{\circ}$ C-তে জলকে নিয়ে গেলে তার আয়তন প্রথমে কমবে পরে বাড়বে।
● আলো থেকে অন্ধকার ঘরে প্রবেশ করলে প্রথম কিছুটা দেখা যায় না কারণ— চোখের রডকোষ সক্রিয় হতে কিছুটা সময় নেয়।
● একজন সাইকেল চালককে বৃত্তাকার পথে ঘুরতে হলে তার শরীর ভিতরের দিকে ঝুঁকে যায় কেন্দ্রাভিমুখী গতি আনার জন্য।
● ঠান্ডার দেশে জলের পাইপ ফেটে যায় কারণ— জল জমে গেলে তার আয়তন বেড়ে যায়।
● যে সূত্র অনুযায়ী জাহাজ জলে ভাসে— আর্কিমিডিসের সূত্র।
● ফ্রিজে থাকা খাদ্য দীর্ঘ সময় ভালো থাকে কারণ— কম তাপমাত্রায় ব্যাক্টেরিয়া ও ছত্রাকের বংশবৃদ্ধি ঘটে না।
● গ্লিসারিনে কাচের দণ্ড ডোবালে অদৃশ্য হয় কারণ— গ্লিসারিন ও কাচের প্রতিসরাঙ্ক এক।
● ফুটন্ত জলের চেয়ে বাষ্পের তাপমাত্রা বেশি, কারণ বাষ্পে লীন তাপ 537 Cal থাকে।
● বরফ থাকা কাচের জারের বাইরে বিন্দু বিন্দু জলকণা জমে কারণ— বাতাসের জলীয় বাষ্প ঠান্ডা জারের সংস্পর্শে ঘনীভূত হয়।
● থার্মোফ্লাস্ক তরলকে নির্দিষ্ট তাপমাত্রায় ধরে রাখে কারণ— পরিবহণ, পরিচলন ও বিকিরণ পদ্ধতিতে তাপ চলাচলে বাধা দেয়।
● হীরে চকচক করে কারণ এর কাটা তলে প্রতিসরাঙ্ক বেশি হয় এবং সঙ্কটকোণ কমে যায়।
● সমুদ্রের জলে সাঁতার কাটা সহজ, কারণ সমুদ্রের জলের ঘনত্ব বেশি।
● উড়োজাহাজে ভ্রমণের সময় পেনের কালি বাইরে ছড়িয়ে পড়ে— কারণ অধিক উচ্চতায় বাতাসের চাপ কমে যায়।
● উষ্ণতার কারণে কাচ ফেটে যায়, কারণ— কাচ তাপের কুপরিবাহী। (অসম প্রসারণ)
● জলে ভাসমান বরফের টুকরো গলে গেলে জল তলের কোনও পরিবর্তন হবে না।
● কোনও গাড়িকে নির্দিষ্ট বেগে চালাতে ধারাবাহিকভাবে বলপ্রয়োগ করতে হয় কারণ— ঘর্ষণের কারণে শক্তি ক্ষয় হয়।
● মোড় নেওয়ার সময় রেলের লাইনের একটি দিক নিচু করা হয় প্রয়োজনীয় কেন্দ্রাভিমুখী বল পাওয়ার জন্য।
● চাঁদে কোনও বাতাস নেই কারণ— গ্যাসের বেগের বর্গমূল তাদের মুক্তিবেগের চেয়ে বেশি থাকে।
● ডিম জলে ডুবে যায় কিন্তু লবণ জলে ভাসে, কারণ লবণজলের ঘনত্ব বেশি।
● লোহার বল পারদে ভাসে কারণ— পারদের ঘনত্ব লোহার থেকে বেশি।
● অস্তগামী সূর্যকে ডিম্বাকার মনে হয় কারণ— আবহাওয়া মণ্ডলে সূর্যালোকের প্রতিসরণের ফলে সূর্যকে নীচে চ্যাপটা দেখায়।
● জল ভরা মুখ বন্ধ বোতলের জল জমে গেলে বোতল ফেটে যাবে কারণ— জল বরফ হলে আয়তনে বেড়ে যায়।
● তারা ঝিকমিক করে কারণ আবহাওয়া মণ্ডলের প্রতিসরাঙ্ক বিভিন্ন তলে কম বেশি।
● দিনের চেয়ে রাত্রে রেডিও ভালো শোনা যায় কারণ— সূর্যালোক রেডিও সম্প্রচারে কিছুটা বাধার সৃষ্টি করে।
● সূর্য উদয় ও অস্ত যাওয়ার সময় কমলা রঙের দেখার কারণ— সূর্যলোকে কম তরঙ্গ দৈর্ঘ্যের রংগুলি বাতাসের ধূলিকণা দ্বারা বেশি বিচ্ছুরিত হয় (Total Internal Reflection)।
● চাঁদে বাস করা সম্ভব নয় কারণ চাঁদে অভিকর্ষ বল খুব কম।
● সূর্যের বিপরীত দিকে বর্ষাকালে রামধনু তৈরি হয় কারণ— বিচ্ছুরণ (Only Dispersion)।
● সাধারণ বাল্বের চেয়ে টিউব লাইটে তাপমাত্রা কম হয় কারণ— বাল্বের তার গরম হয়ে উজ্জ্বল আলোর সৃষ্টি করে।
● ফ্রিজের হিমায়ক যন্ত্রটি ওপরের দিকে লাগানো থাকে কারণ— পরিচালন পদ্ধতিতে ঠাণ্ডা প্রবাহ সৃষ্টি করতে পারে।
● শীতকালে দু'টো জামা একটি মোটা জামার থেকে বেশি আরামদায়ক কারণ— দু'টি জামার মাঝখানে বেশি বাতাস আবদ্ধ থাকে যা তাপের কুপরিবাহী।
● পাহাড়ের চূড়ায় জল $100^{\circ}$ সেলসিয়াসের চেয়ে কম তাপমাত্রায় ফুটে যায় কারণ— বাতাসের চাপ কমে যায়।
● বৈদ্যুতিক বাল্বের ভিতরে বাতাস সম্পূর্ণ বার করে নেওয়া হয় কারণ— ট্যাংস্টেন তারের জারণ রোধ করার জন্য।
● মানুষ কাছের ও দূরের বস্তু দেখতে পারে কারণ— চোখের লেন্সের ফোকাস-দৈর্ঘ্য পরিবর্তনশীল।
● ছোট পাত্রে বর্ষাকালে লবণ গলে যায়, কারণ— লবণের মধ্যে জলাকর্ষি ম্যাগনেশিয়াম ক্লোরাইড মিশ্রিত থাকে।
● থার্মোমিটারে যে কারণে পারদ ব্যবহার করা হয়— অল্প তাপমাত্রায় পারদের প্রসারণ বেশি হয়।
● গোরুর গাড়ির চাকায় রবারের পটি লাগালে গাড়ির গতি বাড়বে এবং গাড়ির বহনক্ষমতা বেড়ে যায়।
● নদীর থেকে সমুদ্রে জাহাজ প্রবেশ করলে জাহাজের তল কিছুটা ওপরে ওঠে কারণ সমুদ্রের জলের ঘনত্ব বেশি।
● মেঘনাদ সাহা নিউক্লিয়ার ফিজিক্স নিয়ে কাজ করেছিলেন, তিনি লোকসভার সদস্য ছিলেন।
● অস্তগামী সূর্যকে ডিম্বাকার মনে হয় কারণ— আবহাওয়ামণ্ডলের সূর্যালোকের প্রতিসরণের ফলে সূর্যকে ওপর নীচে চ্যাপটা দেখায়।
● একটি ব্লেড জলে ভাসতে পারে, কারণ— পৃষ্ঠটান।
● শ্বেত কয়লা হল— জলবিদ্যুৎ।
● একই প্লাগ থেকে একাধিক বৈদ্যুতিক যন্ত্রের সংযোগ নেওয়া উচিত নয় কারণ— অতিরিক্ত তাপ সৃষ্টি হয়ে তার নষ্ট করে দেয়।
● পুলিশ তদন্তের জন্য কুকুর ব্যবহার করে, কারণ— এদের শব্দোত্তর তরঙ্গ গ্রহণ করার ক্ষমতা আছে।
● কোল্ড ক্রিমে জিঙ্কঅক্সাইড (ZnO),আয়রন সালফাইড ($FeS_2$) হল Fool's Gold।
● বর্ষাকালের থেকে শীতকালে ভিজে কাপড় দ্রুত শুকায়, কারণ— বাতাসে আর্দ্রতা কম থাকে।
● টেলিভিশন সিগন্যাল নির্দিষ্ট দূরত্বের পরে সাধারণভাবে পাওয়া সম্ভব নয় কারণ— পৃথিবীর বক্রতা।
● স্টিল, পিতল, অ্যালুমিনিয়াম ও তামার পাত্রে একই পরিমাণ জল একই উষ্ণতায় ফোটালে যে পাত্রের জল প্রথমে ফুটে যাবে— তামার।
● গাড়ির স্প্রিং স্টিলের তৈরি করা হয় কারণ— তার স্থিতিস্থাপকতা বেশি।
● শর্ট ওয়েভ সম্প্রচার লং ওয়েভের চেয়ে ভালো শোনায় কারণ— শর্ট ওয়েভ বেশি শক্তি বহন করে।
● আকাশগামী বেলুনকে কিছুটা কম বাতাস ভরা হয়, কারণ— ওপরের বাতাসের চাপ কম থাকায় বেলুন আরও ফুলে যায়।
● ল্যাম্পে চিমনি লাগালে কালি পড়ে না, কারণ— অক্সিজেন প্রবাহ পরিচালন পদ্ধতিতে ঘটে এবং বেশি তাপ হওয়ায় কার্বন কণার সম্পূর্ণ দহন ঘটে।
● জ্বলন্ত বাতিকে সম্পূর্ণ ঢেকে দিলে বাতি নিভে যাবে কারণ— অপর্যাপ্ত অক্সিজেনের সরবরাহ।
● দু'টুকরো বরফকে চাপ দিলে জোড়া লাগে কারণ— চাপে বরফের গলনাঙ্ক কমে যায়, তখন গলা জল কম চাপে পুনরায় বরফে পরিণত হবে (পুনঃশীলিভবন)।
● সমুদ্রের রং নীল কারণ— আকাশের নীল রঙের প্রতিফলন এবং জলের কণা দ্বারা তার বিচ্ছুরণ।
● বৈদ্যুতিক বাল্বে ট্যাংস্টেন থাকে, কারণ— এর উচ্চ গলনাঙ্ক।
● বৈদ্যুতিক লাইনে সাধারণত তামার তার পছন্দ করা হয়, কারণ— তামা তড়িতের সুপরিবাহী।
● সিদ্ধ ডিমের ভিতরের রঙ হলুদ হওয়ার কারণ— কিছু লৌহঘটিত যৌগ তৈরি হয়।
● টিকাকরণ দ্বারা ম্যালেরিয়া প্রতিরোধ করা যাবে না, কারণ— প্লাসমোডিয়াম কোনও অ্যান্টিজেন বা অ্যান্টিবডি তৈরি করে না।
● পারদের অপর নাম Quick Silver, সোডিয়াম সিলিকেট হল Water Glass।
● পাতলা কাগজের কাপে জল ফুটতে পারে, কারণ— তাপ কাগজ থেকে জলে পরিবাহিত হয়।
● সমতলের থেকে পাহাড়ে বল বেশি লাফাবে, কারণ— অভিকর্ষ বল কমে যায়।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

## কোস্টগার্ডে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট

ট্রেনিং দিয়ে বেশ কিছু অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট নিয়োগ করবে ভারতীয় উপকূল রক্ষীবাহিনী। জেনারেল ডিউটি, জেনারেল ডিউটি (এস এস এ), কমার্শিয়াল পাইলট লাইসেন্স (এস এস এ) ল শাখায় নিয়োগ হবে। মহিলারা জেনারেল ডিউটি ছাড়া সবক'টি শাখার জন্যই আবেদন করতে পারবেন। ০২/২০১৯ ব্যাচে ট্রেনিং হবে।

**জেনারেল ডিউটি:** শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। বি ই বা বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। উচ্চমাধ্যমিকে ম্যাথমেটিক্স ও ফিজিক্স পড়ে থাকতে হবে। জন্মতারিখ হতে হবে ১-৭-১৯৯৪ থেকে ৩০-৬-১৯৯৮-এর মধ্যে।

**জেনারেল ডিউটি (এস এস এ):** শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। বি ই বা বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। উচ্চমাধ্যমিকে ম্যাথমেটিক্স ও ফিজিক্স পড়ে থাকতে হবে। জন্মতারিখ হতে হবে ১-৭-১৯৯৪ থেকে ৩০-৬-১৯৯৮-এর মধ্যে।

**কমার্শিয়াল পাইলট এন্ট্রি (এস এস এ):** শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর সহ উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে অবশ্যই ফিজিক্স ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। সেই সঙ্গে প্রার্থীর ডিরেক্টর জেনারেল অব সিভিল অ্যাভিয়েশন কর্তৃক স্বীকৃত বৈধ কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকতে হবে। জন্মতারিখ হতে হবে ১-৭-১৯৯৪ থেকে ৩০-৬-২০০০-এর মধ্যে।

**ল:** শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ তিন বছরের বা পাঁচ বছরের ইন্টিগ্রেটেড ল ডিগ্রি। জন্মতারিখ হতে হবে ১-৭-১৯৮৯ থেকে ৩০-৬-১৯৯৮-এর মধ্যে।

সবক্ষেত্রেই তফসিলি প্রার্থীরা, এন সি সি 'সি' সার্টিফিকেট ('এ' গ্রেড)-ধারীরা, জাতীয় স্তরের খেলোয়াড়রা এবং কোস্ট গার্ডে কর্মরত অবস্থায় মৃত সৈনিকের সন্তানেরা স্নাতক স্তরের নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। উচ্চমাধ্যমিকের নম্বরে কোনও ছাড় পাবেন না। ও বি সি প্রার্থীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (জেনারেল ডিউটি) এবং ল শাখার ক্ষেত্রে ১৫৭ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫২ সেমি)। পার্বত্য ও উপজাতি অধ্যুষিত এলাকার প্রার্থীরা সরকারি নিয়মানুসারে ছাড় পাবেন। বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।

**দৃষ্টিশক্তি:** জেনারেল ডিউটি এবং জেনারেল ডিউটি (এস এস এ) শাখার ক্ষেত্রে চশমা ছাড়া ৬/৬ ও ৬/৯, চশমা-সহ উভয় চোখে ৬/৬। কমার্শিয়াল পাইলট লাইসেন্স (এস এস এ) শাখার ক্ষেত্রে চশমা ছাড়া ৬/৬, ৬/৯, চশমা-সহ উভয় চোখে ৬/৬। ল শাখার ক্ষেত্রে চশমা ছাড়া দু'চোখে ৬/৬০, চশমা-সহ এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/১২।

প্রাথমিক ভাবে মেধার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। তালিকাভুক্ত প্রার্থীরা প্রিলিমিনারি সিলেকশনের জন্য ডাক পাবেন। প্রথম পর্যায়ের এই পরীক্ষায় থাকবে মেন্টাল এবিলিটি টেস্ট বা কগনিটিভ অ্যাপ্টিটিউড টেস্ট, পিকচার পারসেপশন ও ডিসকাশন টেস্ট (পি পি অ্যান্ড ডি টি)। প্রিলিমিনারি পরীক্ষায় পাশ করার পর দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা হবে। এতে থাকবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও ইন্টারভিউ।

**বেতন:** ৫৬,১০০ টাকা (পে লেভেল-১০)। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। ডি জি র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৮ থেকে ৩০ নভেম্বর পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন ফর্ম পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) ও সই (জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। যথাযথভাবে ফর্ম পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর অ্যাপ্লিকেশন/রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নিন। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ৯ ডিসেম্বর থেকে। ই-অ্যাডমিট কার্ডের ২ কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট নেবেন। এই দু'টি কপিই পরীক্ষাকেন্দ্রে নিয়ে যেতে হবে। সঙ্গে নিয়ে যাবেন ১২ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো, যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল ও মূল কপি।

বিস্তারিত জানতে আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কানাড়া ব্যাঙ্কে ম্যানেজার

৩১ জন ম্যানেজার (সিকিউরিটি) নেবে কানাড়া ব্যাঙ্ক। সমরকর্মী, প্রাক্তন সমরকর্মী ও আধা সামরিক বাহিনীতে ৫ বছরের অভিজ্ঞতাসম্পন্নরাই আবেদন করবেন। ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। প্রথমে এক বছরের প্রবেশন।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ১৭, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েশন। সেই সঙ্গে আর্মি, নেভি বা এয়ারফোর্সে কমিশন্ড অফিসার হিসেবে অথবা প্যারা মিলিটারি ফোর্সে অন্তত অ্যাসিস্ট্যান্ট কম্যান্ডান্ট র‍্যাঙ্কে ৫ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ১-১১-২০১৮ তারিখে ২৫ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১১-১৯৭৮ থেকে ১-১১-১৯৯৩-এর মধ্যে।

**বেতনক্রম:** ৩১,৭০৫-৪৫,৯৫০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে গ্রুপ ডিসকাশন ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.canarabank.com পূরণ করবেন যথাযথভাবে। ফি বাবদ দিতে হবে জি এস টি-সহ ৭০৮ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১১৮ টাকা)। অনলাইনে এন ই এফ টি পদ্ধতিতে অথবা অফলাইনে কানাড়া ব্যাঙ্কের যে-কোনও শাখায় ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৭ নভেম্বর। পূরণ করা দরখাস্ত প্রয়োজনীয় নথিপত্র-সহ ৩ ডিসেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Manager, Canara Bank, Recruitment Cell, Human Resources Wing, Head Office, 112, J C Road, Bengalur-560 002, Karnataka. খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে উপরোক্ত ওয়েবসাইটে।

# রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় সিকিউরিটি গার্ড

পশ্চিমবঙ্গ থেকে কিছু সিকিউরিটি গার্ড নেবে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া। কেবল প্রাক্তন সমরকর্মীরাই আবেদন করবেন। তফসিলি, ও বি সি প্রার্থীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে। লিখিত পরীক্ষা নেওয়া হবে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। **বয়স:** ১-১১-২০১৮ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। শর্তসাপেক্ষে ৪৫ বছর পর্যন্ত বয়সের ছাড় পাওয়া যাবে। **বেতনক্রম:** ১০,৯৪০-২৩,৭০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও নথিপত্রের যাচাইয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, বৃহত্তর কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি। লিখিত পরীক্ষায় থাকবে রিজনিং (৪০ নম্বর), জেনারেল ইংলিশ (৩০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৩০ নম্বর)। সময়সীমা ৮০ মিনিট। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ২.৪ কিমি দৌড়, ১ মিনিটে ৫ মিটার শাটল, পুশ আপ ও সিট আপ।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rbi.org.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩০ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও কালো কালির সই (জে পি জি ফর্ম্যাটে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৫০ টাকা। ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেট বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিসের মাধ্যমে ফি জমা দিতে পারেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নিখরচায় নার্সিং পড়িয়ে আর্মিতে চাকরি

বেশ কিছু মহিলা প্রার্থীকে ৪ বছরের বি এসসি নার্সিং কোর্স পড়িয়ে মিলিটারি নার্সিং সার্ভিসে নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। অবিবাহিত, ডিভোর্সি, আইনত বিচ্ছিন্ন ও বিধবা পিছুটানহীন মহিলারা আবেদন করতে পারেন।

পড়ানো হবে সামরিক বাহিনীর নার্সিং কলেজে।

পড়াশোনা, থাকা-খাওয়ার জন্য কোনও খরচ নেই। কোর্স শেষে চাকরি হবে মিলিটারি নার্সিং সার্ভিসে, পার্মানেন্ট বা শর্ট সার্ভিস কমিশনে।

**শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি (বটানি ও জুলজি) ও ইংরেজি নিয়ে এবং মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ করে থাকতে হবে প্রথম বারের প্রচেষ্টাতেই।

**জন্মতারিখ:** ১-১০-১৯৯৪ থেকে ৩০-৯-২০০২-এর মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই হবে একটি অবজেক্টিভ টাইপ লিখিত পরীক্ষার মাধ্যমে। দেড় ঘণ্টার পরীক্ষা। কলকাতা-সহ দেশের বিভিন্ন শহরে এই প্রবেশিকা পরীক্ষা আয়োজিত হবে জানুয়ারি মাস নাগাদ। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ইন্টারভিউয়ে ডাকা হবে এপ্রিল মাস নাগাদ।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in ৩০ নভেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১৫০ টাকা। খুঁটিনাটি তথ্যের জন্য আগ্রহীরা নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# ওড়িশার ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৫৮ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ওড়িশার ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ। ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় ১ বছরের ট্রেনিং দেওয়া হবে চণ্ডীপুরে। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট ১৯৬১ (সংশোধিত ১৯৭৩ ও ২০১৪) অনুসারে এই ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রার্থী বাছাই করা হবে ওড়িশার চণ্ডীপুরে ওয়াক-ইন লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: ITR/HRD/AT/04/2018.

**আসনসংখ্যার বিবরণ:** ইলেক্ট্রনিক্স: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ১০টি, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: ১০টি। সিভিল: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ৩টি, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: ৪টি। এরোস্পেস ইঞ্জিনিয়ারিং: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ২টি। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ৫টি। ইলেক্ট্রিক্যাল: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ৪টি, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: ৫টি। মেকানিক্যাল: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ৪টি, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: ৩টি। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ইনফর্মেশন টেকনোলজি: ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট শাখায় বি ই বা বি টেক বা ডিপ্লোমা। স্টাইপেন্ড: প্রতি মাসে গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে ৪,৯৮৪ টাকা এবং ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৩,৫৪২ টাকা। ৩ বছর আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় পাশ করে থাকলে এবং আগে কোথাও ১ বছর বা বেশি সময় ধরে কাজের অভিজ্ঞতা থাকলে বা প্রশিক্ষণ নিয়ে থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১ ও ৮ ডিসেম্বর, ওড়িশার চণ্ডীপুরে। ইন্টারভিউয়ের দিন প্রার্থীকে অবশ্যই সকাল ৯টার মধ্যে পৌঁছতে হবে। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Integrated Test Range, Chandipur-756 025, Balasore (Odisha).

প্রথমে অনলাইনে অ্যাপ্রেন্টিস হিসেবে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in এর পর ট্রেনিংয়ের জন্য আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.drdo.gov.in আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো সেঁটে দেবেন। যথাযথভাবে পূরণ করা আবেদনপত্রটি স্ক্যান করে ই-মেল করতে হবে এই ঠিকানায়: hrd@itr.drdo.in ই-মেল করার শেষ তারিখ গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে ২৬ নভেম্বর এবং ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৩ ডিসেম্বর। আবেদনপত্র ও প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল ছাড়াও আসল নথিগুলি অবশ্যই ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যাবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.drdo.gov.in প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০৬৭৮২-২৭২১৪৪।

# গেইলে ১৫০

প্রথম পাতার পর

ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। সঙ্গে হাইড্রোকার্বন পাইপলাইন বা প্রসেস প্লান্টে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ফোরম্যান (সিভিল):** ২২টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ফোরম্যান (ইলেক্ট্রিক্যাল):** ৬টি (তফসিলি উপজাতি)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। সঙ্গে হাইড্রোকার্বন পাইপলাইন বা প্রসেস প্লান্টে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**জুনিয়র কেমিস্ট:** ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৪, ও বি সি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ কেমিস্ট্রিতে স্নাতকোত্তর ডিগ্রি। সঙ্গে হাইড্রোকার্বন শিল্পে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট (অফিশিয়াল ল্যাঙ্গুয়েজ):** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ হিন্দি সাহিত্যে স্নাতক। স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। সঙ্গে কোনও সংস্থায় ইংরেজি থেকে হিন্দি বা হিন্দি থেকে ইংরেজিতে ট্রান্সলেশন-সংক্রান্ত কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারের ব্যবহার জানা আবশ্যক।

**টেকনিশিয়ান (মেকানিক্যাল):** ১৭টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ফিটার বা ডিজেল মেকানিক বা মেশিনিস্ট বা টার্নার ট্রেডে আই টি আই কোর্স পাশ অথবা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর সঙ্গে হাইড্রোকার্বন পাইপলাইন বা হাইড্রোকার্বন প্রসেস প্লান্টে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**টেকনিশিয়ান (ইনস্ট্রুমেন্টেশন):** ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ইনস্ট্রুমেন্টেশন ট্রেডে আই টি আই কোর্স পাশ বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর সঙ্গে হাইড্রোকার্বন পাইপলাইন বা হাইড্রোকার্বন প্রসেস প্লান্টে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল):** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ইলেক্ট্রিক্যাল বা ওয়্যারম্যান ট্রেডে আই টি আই কোর্স পাশ অথবা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি হাইড্রোকার্বন পাইপলাইন বা প্রসেস প্লান্টে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**টেকনিশিয়ান (টেলিকম অ্যান্ড টেলিমেট্রি):** ১৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে টেলিকমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স ট্রেডে আই টি আই কোর্স পাশ অথবা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি কোনও প্রসেস প্লান্টে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত দৈহিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ কমার্সে স্নাতক। এছাড়া কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। সঙ্গে কোনও সংস্থায় ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**মার্কেটিং অ্যাসিস্ট্যান্ট:** ২১টি (সাধারণ ১২, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬)। এর মধ্যে ২টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে স্নাতক বা বি বি এস বা বি বি এম। এছাড়া কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। সঙ্গে কোনও সংস্থায় ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ৩০-১১-২০১৮ তারিখে ফোরম্যান, জুনিয়র কেমিস্ট এবং জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট পদের ক্ষেত্রে ২৮ বছর এবং অন্যান্য পদগুলির ক্ষেত্রে ২৬ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ফোরম্যান, জুনিয়র কেমিস্ট এবং জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট পদের ক্ষেত্রে ১৪,৫০০-৩৬,০০০ টাকা। অন্যান্য পদের ক্ষেত্রে ১২,৫০০-৩৩,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.gailonline.com অনলাইন আবেদনের শেষ তারিখ ৩০ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, আবেদনের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত রঙিন ফটো (১০০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে করা সই (১০০ কেবি সাইজের মধ্যে), জন্মতারিখ-সহ সচিত্র পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল আপলোড করতে হবে। অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ দিতে হবে ৫০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া কালেক্টের মাধ্যমে।

প্রার্থী বাছাই পদ্ধতি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ন্যাশনাল ইনশিওরেন্স কোম্পানিতে ১৫০ অ্যাকাউন্টস অ্যাপ্রেন্টিস

প্রথম পাতার পর

উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্য: ৫টি।

**শিক্ষাগত যোগ্যতা:** ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি কম। সঙ্গে চার্টার্ড অ্যাকাউন্টেন্সির ইন্টারমিডিয়েট পরীক্ষায় পাশ করে থাকতে হবে। অথবা কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্সির ইন্টারমিডিয়েট পরীক্ষায় পাশ করে থাকতে হবে অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ অথবা অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ কমার্সে স্নাতকোত্তর ডিগ্রি। **বয়স:** ১-১১-২০১৮ তারিখে ২১ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** ট্রেনিংয়ের প্রথম ও দ্বিতীয় বছরে প্রতি মাসে যথাক্রমে ২৫,০০০ টাকা এবং ৩০,০০০ টাকা।

প্রাথমিকভাবে অনলাইন পরীক্ষার মাধ্যমে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষা নেওয়া হবে ডিসেম্বর-জানুয়ারি মাসে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা ও বৃহত্তর কলকাতা, শিলিগুড়ি ও আসানসোল। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল অ্যাকাউন্টিং প্রিন্সিপলস (১০০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (২০ নম্বর), কম্পিউটার নলেজ (২০ নম্বর) এবং জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড রিজনিং (২০ নম্বর) বিষয়ে। পরীক্ষার সময়সীমা ৩ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

আবেদন করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nationalinsuranceindia.com আবেদনের শেষ তারিখ ২৭ নভেম্বর। মনে রাখবেন, দরখাস্ত করার আগে নিজের পাসপোর্ট মাপের একটি সাম্প্রতিক রঙিন ফটো (হালকা বা সাদা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা, ২০০×২৩০ পিক্সেলে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), সাদা কাগজে কালো কালির পেনে করা সই (১৪০×৬০ পিক্সেলে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) এবং বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেলে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে আলাদা আলাদা ফাইলে স্ক্যান করে কম্পিউটারে সেভ করে রাখতে হবে। সেইসঙ্গে নিজের হাতে লেখা একটি ঘোষণাও স্ক্যান করে আপলোড করতে হবে (৮০০×৪০০ পিক্সেলে, ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে)।

অনলাইন দরখাস্ত যথাযথভাবে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

আবেদনের ফি জমা দিতে হবে অনলাইনে। ফি-এর পরিমাণ ৬০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।